# প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান নীতিমালা-২০১৬ বাস্তবায়নের জন্য কর্মপরিকল্পনা

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার



# Action Plan for the Implementation of the Expatriates' Welfare and Overseas Employment Policy 2016

Ministry of Expatriates' Welfare and Overseas Employment, Government of the People's Republic of Bangladesh

# প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান নীতিমালা-২০১৬ বাস্তবায়নের জন্য কর্মপরিকল্পনা

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার



# Action Plan for the Implementation of the Expatriates' Welfare and Overseas Employment Policy 2016

Ministry of Expatriates' Welfare and Overseas Employment, Government of the People's Republic of Bangladesh

© প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

কারিগরী সহায়তা: আন্তর্জাতিক শ্রম সংস্থা

অর্থায়নে: সুইস এজেন্সী ফর ডেভেপলমেন্ট এন্ড কো-অপারেশন (এসডিসি)

জুন ২০১৯

ডিজাইন এবং মুদ্রণ:
পাথওয়ে/ pathway.com.bd

© Ministry of Expatriates' Welfare and Overseas Employment

Technical Support: International Labour Organization

Financed by: Swiss Agency for Development and Cooperation

June 2019

Design and Print:
PATHWAY/ pathway.com.bd

## TABLE OF CONTENTS


| | |
|---|---|
| Message | 4 |
| Preface | 6 |
| Abbreviation | 8 |
| Action Plan | 10-129 |


## সূচীপত্র


| | |
|---|---|
| বাণী | ৫ |
| উপক্রমণিকা | ৭ |
| শব্দ-সংক্ষেপ | ৯ |
| কর্মপরিকল্পনা | ১০-১২৯ |

## Message



The commitment of our glorious liberation war at the call of the Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman was to establish a democratic State free of exploitation, dignified and a state that is based on social justice. In the spirit and expectations of the liberation war, the main objective of the “Expatriates’ Welfare and Overseas Employment Policy 2016” is to help build a nation with work-oriented population without discrimination, exploitation and poverty through safeguarding rights and welfare of people, providing dignified employment and decent work environment, increasing national productivity and preparing a skilled human resource.

After independence, in order to recover the war-torn economy of Bangladesh, the country under the leadership of the Father of the Nation, Bangabandhu Sheikh Mujibur Rahman started diplomatic initiatives with Muslim countries of Middle-East for overseas employment. In light of those negotiations, Bangladeshi workers started migrating to Middle-Eastern countries during the mid-seventies. Given the increasing tendencies and trends towards overseas employment, in 2001 the government set up a distinct Ministry of Expatriates’ Welfare and Overseas Employment and delegated the responsibility related to management, governance and welfare of labour migration. This ministry oversee and supervises the functioning of the activities of Bureau of Manpower, Employment and Training (BMET) established in 1976, Bangladesh Overseas Employment and Services Limited (BOESL) established in 1984, the Wage Earners’ Welfare Fund established in 1990 later established as Wage Earners’ Welfare Board and Probashi Kallyan Bank (Expatriates’ Welfare Bank) established in 2011 dedicated to extend collateral free loans at low interest rates to migrant workers.

There has been a significant improvement of transparency and dynamism in the area of management and governance of expatriates’ welfare and overseas employment by taking timely and effective measures by the Government. To ensure good governance and to enhance contribution of overseas employment to development, the Government has formulated this policy with the technical assistance of the International Labour Organization (ILO). The Government is not only committed to adopt policy, but also dedicated to implement it. As a result, this Action Plan has been developed after series of consultations among the relevant stakeholders. The Action Plan has identified specific activities against each policy directives along with responsible authorities. Moreover, the Action Plan has also included monitoring indicators along with specific timelines for implementation. Above all, a ‘National Steering Committee’ has been formed by the leadership of the Honorable Prime Minister to review the implementation of the Action Plan and also to provide policy decisions. I hope, these initiatives will help to achieve the Government’s commitments on the area of welfare of migrant workers and expatriates’ and overseas employment.

The stakeholder’s suggestions, recommendations and comments have been taken seriously while drafting the Action Plan. We specially acknowledge the support of the ‘Application of Migration Policy for Decent Work for Migrant Workers’ project implemented by the International Labour Organization (ILO) and financed by the Swiss Agency for Development and Cooperation (SDC). Finally, the relentless efforts of the relevant officials of the Ministry of Expatriates’ Welfare and Overseas Employment are noteworthy to remember. I strongly believe that the goal of the Government on welfare of expatriates’ and overseas employment will be achieved by the collaborative efforts of the Ministry and its relevant agencies along with development partners and the United Nations.



**Imran Ahmad, MP**
State Minister, Ministry of Expatriates’ Welfare and Overseas Employment
Government of the People’s Republic of Bangladesh

# বাণী



জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ডাকে ১৯৭১ সালে আমাদের মহান মুক্তিযুদ্ধের অন্যতম অঙ্গীকার ছিল বাংলাদেশের জনগণের জন্য শোষণমুক্ত, মর্যাদাসম্পন্ন ও সামাজিক ন্যায়বিচার ভিত্তিক একটি গণতান্ত্রিক রাষ্ট্র প্রতিষ্ঠা করা। মুক্তিযুদ্ধের চেতনা ও প্রত্যাশার পরিপূর্ণ বাস্তবায়নে অধিকতর অবদান রাখার সুযোগ সৃষ্টিসহ জাতির পিতার স্বপ্নের সোনার বাংলা গড়ার প্রয়াসে মানুষের কল্যাণে অধিকার সুরক্ষা, মর্যাদাসম্পন্ন কর্মসংস্থান, শোভন কর্মপরিবেশ, জাতীয় উৎপাদনশীলতা বৃদ্ধি এবং দক্ষ মানব সম্পদ তৈরীর মাধ্যমে বৈষম্য, শোষণ, দারিদ্রমুক্ত সৃজনশীল ও কর্মমুখী জনগোষ্ঠী গড়ে তোলার উদ্দেশ্যে বর্তমান সরকার 'প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান নীতি ২০১৬' প্রণয়ন করে।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে দেশ স্বাধীন হওয়ার পর যুদ্ধবিধ্বস্ত বাংলাদেশের অর্থনীতি পুনরুদ্ধার করার লক্ষ্যে কূটনৈতিক তৎপরতার মাধ্যমে বৈদেশিক কর্মসংস্থান ও কর্মী প্রেরণ বিষয়ে মধ্যপ্রাচ্যের মুসলিম দেশসমূহের সাথে সমঝোতা সৃষ্টি হয়। তারই ধারাবাহিকতায় সত্তর দশকের মাঝামাঝি সময় থেকে মধ্যপ্রাচ্যের দেশসমূহে বাংলাদেশি কর্মী গমন শুরু হয়। শ্রম-অভিবাসনের প্রবণতা বৃদ্ধির প্রেক্ষাপটে এবং প্রবাসী বাংলাদেশী ও অভিবাসী কর্মীদের অবদানের স্বীকৃতিস্বরূপ শ্রম-অভিবাসন ব্যবস্থাপনা, পরিচালনা ও কল্যাণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম পরিচালনার দায়িত্ব দিয়ে সরকার ২০০১ সালে 'প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়' নামে একটি পৃথক মন্ত্রণালয় গঠন করে। ১৯৭৬ সালে প্রতিষ্ঠিত জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি), ১৯৮৪ সালে প্রতিষ্ঠিত বাংলাদেশ ওভারসীজ এমপ্লয়মেন্ট এন্ড সার্ভিসেস লিমিটিড (বোয়েসেল), ১৯৯০ সালে প্রতিষ্ঠিত 'ওয়েজ আর্নার্স কল্যাণ তহবিল' (পরবর্তীতে 'ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড') এবং অভিবাসী কর্মীদের কম সুদে জামানতবিহীন ঋণ প্রদানের লক্ষ্যে ২০১১ সালে প্রতিষ্ঠিত 'প্রবাসী কল্যাণ ব্যাংক' এবং সংশ্লিষ্ট অন্যান্য সরকারি সংস্থাসমূহের কার্যক্রম তত্ত্বাবধান ও সমন্বয় করে।

বর্তমান সরকার কর্তৃক গৃহিত সময়োপযোগী ও যথোপযুক্ত পদক্ষেপের ফলে বৈদেশিক কর্মসংস্থান ও রেমিটেন্স আহরণে যুগান্তকারী অগ্রগতি হয়েছে এবং বৈদেশিক কর্মসংস্থান ও প্রবাসীদের কল্যাণ ব্যবস্থাপনায় স্বচ্ছতা ও গতিশীলতার ক্ষেত্রে ব্যাপক উন্নতি হয়েছে। বৈদেশিক কর্মসংস্থানে সুশাসন নিশ্চিতে এবং জাতীয় উন্নয়নে এই ক্ষেত্রের অবদান সুসংহত করার উদ্দেশ্যেই সরকার আন্তর্জাতিক শ্রম সংস্থা (আইএলও)-এর কারিগরি সহায়তা নিয়ে এই নীতি প্রণয়ন করেছে। বর্তমান সরকার শুধুমাত্র নীতি গ্রহণ নয়, নীতি বাস্তবায়নেও দৃঢ় প্রতিজ্ঞাবদ্ধ। সেই লক্ষ্যে সংশ্লিষ্ট অংশীজনের পরামর্শক্রমে নীতি বাস্তবায়নের জন্য এই কর্মপরিকল্পনাটি (Action Plan) প্রণয়ন করা হয়েছে। কর্মপরিকল্পনায় নীতিতে উল্লিখিত প্রতিটি নীতি নির্দেশনার বিপরীতে কার্যক্রম উল্লেখপূর্বক বাস্তবায়নকারী প্রতিষ্ঠান চিহ্নিত করা হয়েছে। এছাড়াও, কর্মপরিকল্পনাটির প্রতিটি কার্যক্রমকে সময়াবদ্ধ করে এর পরিবীক্ষণের জন্য নির্দেশিকা চিহ্নিত করা হয়েছে। সর্বোপরি, নীতি বাস্তবায়নে অগ্রগতি পর্যালোচনা এবং সর্বোচ্চ পর্যায়ে দিকনির্দেশনার জন্য মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে একটি 'জাতীয় স্টিয়ারিং কমিটি' গঠন করা হয়েছে। এই সকল পদক্ষেপের মাধ্যমে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থানে সুশাসন প্রতিষ্ঠা এবং সেবাসমূহ সুসংহত করার সরকারের যে অঙ্গীকার রয়েছে তা অর্জিত হবে বলে আমি একান্তভাবে বিশ্বাস করি।

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান নীতি ২০১৬ এর কর্মপরিকল্পনাটি (Action Plan) প্রণয়নকালে সকল অংশীজনের (stakeholder) পরামর্শ গুরুত্বসহকারে গ্রহণ করা হয়। বিশেষ করে নীতি এবং নীতির আলোকে কর্মপরিকল্পনা প্রণয়নে আন্তর্জাতিক শ্রম সংস্থা (আইএলও) কর্তৃক বাস্তবায়িত ও সুইস এজেন্সী ফর ডেভেলপমেন্ট এন্ড কো-অপারেশন (এসডিসি) কর্তৃক অর্থায়িত 'Application of Migration Policy for Decent Work for Migrant Workers' শীর্ষক প্রকল্পটির আন্তরিক সহায়তায় আমরা কৃতজ্ঞ। সর্বোপরি, কর্মপরিকল্পনাটি চূড়ান্তকরণে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের কর্মকর্তা ও কর্মচারীদের নিরলস পরিশ্রম বিশেষভাবে উল্লেখ্য। আমার দৃঢ় বিশ্বাস নীতি ও কর্মপরিকল্পনা প্রণয়নের মতই কর্মপরিকল্পনা বাস্তবায়নেও এই মন্ত্রণালয় ও তার সংশ্লিষ্ট সংস্থাসমূহ এবং উন্নয়ন সহযোগী ও জাতিসংঘের সংশ্লিষ্ট সকলের আন্তরিক প্রচেষ্টা অব্যাহত থাকবে এবং প্রবাসী কল্যাণে ও বৈদেশিক কর্মসংস্থানে সরকারের লক্ষ্য অর্জনে সক্ষম হবে।



**ইমরান আহমদ,** এমপি
প্রতিমন্ত্রী, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## Preface



The 'Expatriates' Welfare and Overseas Employment Policy 2016' has been developed in the light of the articles 19 (equality of opportunity), 20 (work as a right and duty) and 40 (freedom of profession or occupation) of the Constitution of Bangladesh. The goal of the Policy is to encourage and ensure self-selected overseas employment through safe and dignified migration. Not only that, the Policy implementation will accelerate national development through safe and dignified migration as well as overseas employment, improvement of quality of life and overall social security for migrant workers and their family members, women's empowerment and contributing to eliminating unemployment as well as poverty.

The Policy is based on six objectives, which are: 1. Creating opportunities to work with protection and human dignity; 2. Providing social security to migrant workers and their families: 3. Ensuring welfare services and benefits to empower migrant workers and their families in all stages of labour migration; 4. Ensuring gender equality in the labour migration process by encouraging greater participation of women in safe and decent overseas employment; 5. Inclusion of labour migration in the national development and planning framework and 6. Develop an efficient and participatory labour migration governance to take forward labour migration. Policy directives have been developed based on the six objectives described above. There are 11 policy directives for creating opportunities to work with protection and human dignity, 14 directives for providing social security to migrant workers and their families, 14 directives for ensuring welfare services and benefits to empower migrant workers and their families in all stages of labour migration; 11 directives to ensure gender equality in the labour migration process by encouraging greater participation of women in safe and decent overseas employment; 15 directives for the Inclusion of labour migration in the national development and planning framework and 13 directives to develop an efficient and participatory labour migration governance to take forward labour migration.

The importance of labour migration is immense for the economic and social development of Bangladesh and working on labour migration is also an inter-ministerial effort. In this regard, National Steering Committee on overseas employment has been formed to ensure highest level of executive leadership and coordination. In addition, National Labour Migration Forum has also been formed due to the significance of stakeholder cooperation and engagement for representation, participation and social dialogue in the labour migration sector. It is expected that an efficient and participatory steering framework can be established by strengthening inter-ministerial cooperation by involving the relevant stakeholders as a result of forming the Committee and the Forum mentioned above. The modalities and activities of the 'National Steering Committee' and the 'National Labour Migration Forum' have been identified in the annex of the Expatriate Welfare and Overseas Employment Policy 2016. In order to implement and monitor the 'Expatriates' Welfare and Expatriates' Welfare Overseas Employment Policy 2016', activities are planned for 13 ministries, departments and government agencies. The responsibility to develop the Action Plan to implement the Expatriates' Welfare and Overseas Employment Policy 2016 rests with the Ministry of Expatriates' Welfare and Overseas Employment, as the Chair and the Secretariat of the National Labour Migration Forum. The possible activities, implementing responsibility, baseline, monitoring indicator and the timeline for the Action Plan have been developed through several stakeholder consultation, similar to the process of formulating the Overseas Employment Policy. The "Application of Migration Policy for Decent Work for Migrant Workers" project implemented by the International Labour Origanization (ILO) with the financial assistance of the Swiss Agency for Development Cooperation (SDC) has provided all technical support for developing the Action Plan. The Action Plan will hopefully be useful in implementing the Overseas Employment Policy 2016. The Action Plan is a living document, which would be updated from time to time based on regular monitoring and evaluation.

**Rownaq Jahan**
Secretary, Ministry of Expatriates' Welfare and Overseas Employment
Government of the People's Republic of Bangladesh

# উপক্রমণিকা



“প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান নীতি, ২০১৬” গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৯ (সুযোগের সমতা), ২০ (অধিকার ও কর্তব্যরূপে কর্ম) ও ৪০ (পেশা বা বৃত্তির স্বাধীনতা) অনুচ্ছেদসমূহের আলোকে প্রণীত হয়েছে। নিরাপদ ও মর্যাদাপূর্ণ অভিবাসনের মাধ্যমে স্বনির্বাচিত বৈদেশিক কর্মসংস্থান উৎসাহিত ও নিশ্চিতকরণ করাই নীতির প্রধান লক্ষ্য। শুধুমাত্র নিরাপদ ও মর্যাদাপূর্ণ অভিবাসন নিশ্চিতই নয়, এই নীতি বাস্তবায়নের ফলে বৈদেশিক কর্মসংস্থানের মাধ্যমে জাতীয় প্রবৃদ্ধি ও উন্নয়ন ত্বরান্বিত হবে, অভিবাসী কর্মী ও তাঁদের পরিবারের সদস্যদের জীবনযাত্রার মান বৃদ্ধি ও সার্বিক সামাজিক নিরাপত্তা নিশ্চিত হবে এবং নারীর ক্ষমতায়নসহ বেকারত্ব ও দারিদ্র্য দূরীকরণে সহায়ক ভূমিকা পালন করবে।

নীতির কাঠামো ছয়টি প্রধান উদ্দেশ্যের ওপর প্রতিষ্ঠিত, যথাঃ (১) নিরাপত্তা ও মানবিক মর্যাদা নিয়ে কাজ করার সুযোগ সৃষ্টি করা; (২) অভিবাসী কর্মী ও তাদের পরিবারের সদস্যদের সুরক্ষা প্রদান করা; (৩) অভিবাসী কর্মী ও তাদের পরিবারের সদস্যদের ক্ষমতায়ন ও শ্রম-অভিবাসন পরিক্রমার সকল স্তরে অংশগ্রহণে উৎসাহিত করার জন্য কল্যাণমূলক সেবা ও সুযোগ-সুবিধা নিশ্চিত করা; (৪) নিরাপদ ও শোভন বৈদেশিক কর্মসংস্থানে নারীদের অধিকতর অংশগ্রহণ উৎসাহিত করার মাধ্যমে শ্রম-অভিবাসন প্রক্রিয়ায় জেন্ডার-সমতা নিশ্চিত করা; (৫) শ্রম অভিবাসনকে জাতীয় উন্নয়ন ও পরিকল্পনা কাঠামোয় অন্তর্ভুক্ত করা; এবং (৬) শ্রম-অভিবাসন পরিচালনার জন্য একটি দক্ষ ও অন্তর্ভুক্তিমূলক পরিচালন-কাঠামো প্রবর্তন করা। উল্লিখিত ছয়টি প্রধান উদ্দেশ্যসমূহ অর্জনের জন্য বিষয়ভিত্তিক নীতিনির্দেশনা প্রণয়ন করা হয়েছে। নিরাপত্তা ও মানবিক মর্যাদা নিয়ে কাজ করার সুযোগ সৃষ্টির লক্ষ্যে ১১ টি নীতিনির্দেশনা, অভিবাসী কর্মী ও তাদের পরিবারের সদস্যদের সুরক্ষা প্রদানের উদ্দেশ্য অর্জনে ১৪ টি নীতিনির্দেশনা, অভিবাসী কর্মী ও তাদের পরিবারের সদস্যদের কল্যাণমূলক সেবা ও সুযোগ-সুবিধা নিশ্চিত করার লক্ষ্যে ১৪ টি নীতিনির্দেশনা, শ্রম অভিবাসন-প্রক্রিয়ায় জেন্ডার-সমতা নিশ্চিত করার উদ্দেশ্যে ১১ টি নীতিনির্দেশনা, শ্রম অভিবাসনকে জাতীয় উন্নয়নে গভীরভাবে সম্পৃক্ত করার লক্ষ্যে ১৫ টি নীতিনির্দেশনা এবং সর্বশেষে একটি দক্ষ ও অন্তর্ভুক্তিমূলক পরিচালন-কাঠামো (labour migration governance) প্রবর্তনের লক্ষ্যে ১৩ টি নীতিনির্দেশনা প্রণয়ন করা হয়েছে।

বাংলাদেশের অর্থনৈতিক ও সামাজিক উন্নয়নের জন্য শ্রম-অভিবাসনের গুরুত্ব অপরিসীম এবং শ্রম-অভিবাসন একটি আন্তঃমন্ত্রণালয় বিষয় এই উপলব্ধি থেকে এই খাতে সর্বোচ্চ নির্বাহী পর্যায়ের নেতৃত্ব ও সহযোগিতা নিশ্চিত করার লক্ষ্যে নীতিতে বৈদেশিক কর্মসংস্থান বিষয়ক একটি জাতীয় স্টিয়ারিং কমিটি গঠন করা হয়েছে। এছাড়াও, শ্রম-অভিবাসন খাতে প্রতিনিধিত্ব, অংশগ্রহণ এবং সামাজিক সংলাপ ইত্যাদি ইস্যুতে বিভিন্ন অংশীজনের সহযোগিতা ও সংশ্লিষ্টতার প্রয়োজনীয়তার নিরিখে একটি জাতীয় শ্রম অভিবাসন ফোরাম গঠন করা হয়েছে। এ কমিটি এবং ফোরাম গঠনের ফলশ্রুতিতে সকল অংশীজনের অন্তর্ভুক্তির মাধ্যমে এবং আন্তঃমন্ত্রণালয়ের সহযোগিতা জোরদারের মাধ্যমে একটি দক্ষ ও অন্তর্ভুক্তিমূলক পরিচালন-কাঠামো গঠন সম্ভব হবে বলে আশা করা যায়। নীতির পরিশিষ্ট ১-এ যথাক্রমে 'জাতীয় স্টিয়ারিং কমিটি' এবং 'জাতীয় শ্রম অভিবাসন ফোরাম' এর কার্য-পরিধি নির্ধারণ করা হয়েছে। 'প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান নীতি ২০১৬' বাস্তবায়ন এবং তদারকির ক্ষেত্রে ১৩ টি নির্বাচিত মন্ত্রণালয় ও বিভাগসমূহ এবং অন্যান্য সরকারি সংস্থাসমূহ প্রয়োজনীয় কার্যাবলী গ্রহণের উদ্যোগসমূহ নীতির পরিশিষ্ট ২-এ নির্ধারণ করা হয়েছে। সে মোতাবেক শ্রম অভিবাসন ফোরাম-এর সভাপতি এবং এর সচিবালয়ের দায়িত্ব পালনকারী হিসেবে 'প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান নীতি ২০১৬' বাস্তবায়নের জন্য কর্মপরিকল্পনা (Action Plan) প্রণয়ন এবং প্রশাসনিক কার্য-পদ্ধতি গ্রহণ করার কাজটি প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের উপরই বর্তায়। নীতি প্রণয়নের ন্যায় কর্মপরিকল্পনা প্রণয়নের ক্ষেত্রেও একাধিক স্টেকহোল্ডারদের পরামর্শ সভার মাধ্যমে কর্ম-পরিকল্পনার সম্ভাব্য কার্যক্রম, বাস্তবায়নকারী, বেইজলাইন, মনিটরিং ইন্ডিকেটর এবং বাস্তবায়নকাল নির্ধারণ করা হয়। এ বিষয়ে মন্ত্রণালয়কে সর্বপ্রকার কারিগরি সহায়তা প্রদান করেছে আন্তর্জাতিক শ্রম সংস্থা (আইএলও) কর্তৃক বাস্তবায়িত ও সুইস এজেন্সি ফর ডেভেলপমেন্ট এন্ড কোপারেশন (এসডিসি) কর্তৃক অর্থায়িত “Application of Migration Policy for Decent Work for Migrant Workers” শীর্ষক প্রকল্প। 'প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান নীতি ২০১৬' বাস্তবায়নে এই কর্মপরিকল্পনা অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে আশা করা যায়। কর্মপরিকল্পনাটি একটি চলমান এ্যকশন প্ল্যান, যা নিয়মিত পরিবীক্ষণ ও মূল্যায়নের ভিত্তিতে সময়ে সময়ে পরিমার্জিত ও সংশোধিত করা হবে।

**রৌনক জাহান**

সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## Abbreviations

| | |
|---|---|
| **a2i** | Access to information |
| **ADP** | Annual Development Plan |
| **API** | Annual Performance Indicator |
| **BAIRA** | Bangladesh Association of Recruiting Agencies |
| **BBS** | Bangladesh Bureau of Statistics |
| **BIDA** | Bangladesh Investment Development Authority |
| **BLA** | Bi Lateral Agreement |
| **BMET** | Bureau of Manpower, Employment and Training |
| **BOESL** | Bangladesh Overseas Employment and Services Limited |
| **BTEB** | Bangladesh Technical Education Board |
| **CoD** | Country of destination |
| **CP** | Consultative process |
| **CSDC** | Comprehensive Skill Development Curriculum |
| **DEMO** | District Employment and Manpower Office |
| **DP** | Development partners |
| **DTE** | Directorate of Technical Education |
| **EW&OEP** | Expatriates' Welfare and Overseas Employment Policy 2016 |
| **FID** | Financial Institution Division |
| **FY Plan** | Five Year Plan |
| **GCC** | Gulf Cooperation Countries |
| **GO** | Government Order |
| **GoB** | Government of Bangladesh |
| **ICMD** | Inter-Ministerial Committee on Migration and Development |
| **IEC** | Information Education Communication |
| **ILO** | International labour Organization |
| **IMT** | Institute of Marine Technologies |
| **LMIS** | Labour Market Information System |
| **LMRU** | Labour Market Research Unit |
| **LWRC** | Labour Welfare Resource Centre |
| **LWW** | Labour Welfare Wing |
| **MIS** | Migration Information System |
| **MoC** | Ministry of Commerce |
| **MoCA&T** | Ministry of Civil Aviation and Tourism |
| **MoEW&OE** | Ministry of Expatriates' Welfare and Overseas Employment |
| **MoFA** | Ministry of Foreign Affairs |
| **MoH&FW** | Ministry of Health & Family Welfare |
| **MoHA** | Ministry of Home Affairs |
| **MoI** | Ministry of Information |
| **MoL&E** | Ministry of Labour and Employment |
| **MoLGRDC** | Ministry of Local Government, Rural Development & Cooperation |
| **MoL&PA** | Ministry of Law and Parliamentary Affairs |
| **MoP** | Ministry of Planning |
| **MoPA** | Ministry of Public Administration |
| **MoPTC&ICT** | Ministry of Post Telecommunications and Information Communication Technology |
| **MoSW** | Ministry of Social Welfare |
| **MoWCA** | Ministry of Women and Children Affairs |

| | |
|---|---|
| **MoU** | Memorandum of Understanding |
| **MP** | Member of Parliament |
| **NHA** | National Housing Authority |
| **NMF** | National Migration Forum |
| **NGO** | Non-governmental Organization |
| **NRB** | Non Resident Bangladeshi |
| **NSDA** | National Skill Development Authority |
| **NSDC** | National Skill Development Council |
| **NTVQF** | National Technical Vocational Qualification Framework |
| **OCC** | One-stop Crisis Centre |
| **OSC** | One-stop Service Centre |
| **PDB** | Pre Departure Briefing |
| **PPP** | Public Private Partnership |
| **PKB** | Probashi Kallyan Bank |
| **RDCD** | Rural Development and Cooperatives Division |
| **SDC** | Swiss agency for Development Cooperation |
| **SDG** | Sustainable Development Goal |
| **SIMD** | Statistics and Information Management Division |
| **SPS** | Social Protection Strategy |
| **TAM** | Training Assessment Mechanism |
| **TTC** | Technical Training Centre |
| **TVET** | Technical and Vocational Education Training |
| **UDC** | Union Digital Centre |
| **WEWB** | Wage Earners' Welfare Board |
| **WEWBA** | Wage Earners' Welfare Board Act 2018 |

## আদ্যক্ষর সমষ্টির বিবরণ

| | |
|---|---|
| **আইএমটি** | ইন্সটিটিউট অব মেরিন টেকনোলজি |
| **আইএলও** | আন্তর্জাতিক শ্রম সংস্থা |
| **এনএলএমএফ** | জাতীয় শ্রম-অভিবাসন ফোরাম |
| **এনএসডিএ** | জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ |
| **এনএসডিসি** | জাতীয় দক্ষতা উন্নয়ন কাউন্সিল |
| **এনজিও** | নন গভর্নমেন্টাল অরগানাইজেশন |
| **এলএমআইএস** | লেবার মাইগ্রেশন ইনফরমেশন সিস্টেম |
| **বিএমইটি** | ব্যুরো অব ম্যানপাওয়ার, এমপ্লয়মেন্ট এন্ড ট্রেনিং |
| **বায়রা** | বাংলাদেশ এসোসিয়েশন অব রিক্রুটিং এজেন্সিজ |
| **বোয়েসেল** | বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট এন্ড সার্ভিসেস লিমিটেড |
| **বিবিএস** | বাংলাদেশ ব্যুরো এব স্ট্যাটিসটিকস |
| **জিও** | গভর্নমেন্ট অর্ডার |
| **প্রকবৈকম** | প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় |
| **টিভিইটি** | কারিগরী এবং ভোকেশনাল শিক্ষা ও প্রশিক্ষণ |
| **বিডা** | বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ |

## Expatriates' Welfare and Overseas Employment Policy, 2016 Policy Directives, Targets and Action Plan

| SL No | Baseline | Target | Activities/Intervention | Means of Verification | Implementing Period [1] | Implementing Partners |
|---|---|---|---|---|---|---|
| **Facilitating and Ensuring Safe Labour Migration** | | | | | | |
| | Considering the trend of international migration and the structural dynamics of skill, measures (e.g. research) will have to be taken for ascertaining the comparative status of Bangladesh as a labour-sending country, which will help to find ways and means for taking preparation for catering to the demands of ever-changing labour market. The main objectives of the research will be adoption of a long-term plan strategy in the field of international migration and determining actions required for elimination of the impediments to safe migration. (Policy Directives 2.1.1) | | | | | |
| **1** | No research was undertaken by the MoEW&OE for determining the comparative status of Bangladesh among the labour sending countries. ILO, in June 2015, submitted a report entitled "Labour Market trends analysis and labour migration from South Asia to Gulf Cooperation Council Countries, India and Malaysia". It elaborates labour migration scenario in Bangladesh, India, Pakistan and Nepal. | A research work will be undertaken for ascertaining the comparative status of Bangladesh as a labour sending country. | 1. A research work will be undertaken for ascertaining the comparative status of Bangladesh as a labour sending country.<br>2. Strength and weaknesses of Bangladesh as a labour sending country, viz a viz other labour sending countries, will be ascertained through research.<br>3. Action plan, based on research findings, will be adopted in order to eliminate impediments to labour migration from Bangladesh.<br>4. Reports of International Organizations on labour migration from South Asia as may be published from time to time will be consulted regularly. | » Research Report<br>» Action plan for situation report<br>» Implementation of Action plan.<br>» Monitoring and Evaluation of Action Plan | Short term | **Leading role**<br>1. MoEW&OE.<br><br>**Supporting role / organization**<br>1. MoFA<br>2. MoL&E<br>3. BMET<br>4. NGO<br>5. Research Organization<br>6. Development Partners |

1 Short term 0-2 years, mid term 0-5 years and long term 0-10 years

# প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান নীতি ২০১৬- এর নীতি নির্দেশনাসমূহ, লক্ষ্যমাত্রা এবং কর্মপরিকল্পনা

| ক্রম | বেইজলাইন | লক্ষ্যমাত্রা | কার্যক্রম | নির্দেশিকা | বাস্তবায়ন মেয়াদ[১] | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|---|
| **নিরাপদ শ্রম অভিবাসন উৎসাহিত ও নিশ্চিতকরণ** | | | | | | |
| | আন্তর্জাতিক অভিবাসনের ক্রম:পরিবর্তনশীল ধরন এবং কর্ম-দক্ষতার কাঠামোগত পরিবর্তনের বিষয়টি বিবেচনায় নিয়ে কর্মী- প্রেরণকারী দেশ হিসেবে বাংলাদেশের তুলনামূলক অবস্থান নির্ণয়ের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ (যেমন: সমীক্ষা) করতে হবে, যার মাধ্যমে ক্রমাগত পরিবর্তনশীল শ্রমবাজারের চাহিদা পূরণের প্রস্তুতি গ্রহণের উপায় অন্বেষণ করা যাবে। আন্তর্জাতিক অভিবাসনের ক্ষেত্রে একটি দীর্ঘমেয়াদি পরিকল্পনা-কৌশল গ্রহণ এবং নিরাপদ অভিবাসনের প্রতিবন্ধকতাসমূহ দূরীকরণে করণীয় নির্ধারণ করাই হবে সমীক্ষার মূল উদ্দেশ্য। (নীতি নির্দেশনা ২.১.১) | | | | | |
| ১ | প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক কর্মী-প্রেরণকারী দেশের মধ্যে তুলনামূলক অবস্থান নির্ণয়ের জন্য কোন সমীক্ষা করা হয়নি। আইএলও জুন ২০১৫ তে “Labour Market trends analysis and labour migration from South Asia to Gulf Cooperation Council countries, India and Malaysia” শীর্ষক একটি প্রতিবেদন পেশ করে। এতে বাংলাদেশসহ ভারত, পাকিস্তান ও নেপালের শ্রম অভিবাসনের পরিস্থিতি বিষয়ে পর্যালোচনা করা হয়। | কর্মী-প্রেরণকারী দেশ হিসেবে বাংলাদেশের তুলনামূলক অবস্থান নির্ণয়ের জন্য একটি সমীক্ষা পরিচালনা করা হবে। | ১. কর্মী-প্রেরণকারী দেশ হিসেবে বাংলাদেশের তুলনামূলক অবস্থান নির্ণয়ের জন্য একটি সমীক্ষা করতে হবে।<br>২. সমীক্ষার মাধ্যমে কর্মী-প্রেরণকারী দেশ হিসেবে অন্যান্য কর্মী-প্রেরণকারী দেশের তুলনায় বাংলাদেশের শক্তি ও দুর্বলতা চিহ্নিত করা হবে।<br>৩. সমীক্ষা হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে কর্মী প্রেরণে বাংলাদেশের প্রতিবন্ধকতাসমূহ দূর করার জন্য কর্মপরিকল্পনা গ্রহণ করা হবে।<br>৪. আন্তর্জাতিক সংস্থা কর্তৃক সময় সময় প্রকাশিত দক্ষিণ এশিয়া হতে শ্রম অভিবাসন সংক্রান্ত প্রতিবেদনসমূহ নিয়মিতভাবে পর্যালোচনা করা হবে। | » সমীক্ষা রিপোর্ট<br>» অবস্থান পত্রের কর্মপরিকল্পনা<br>» কর্মপরিকল্পনা বাস্তবায়ন<br>» কর্মপরিকল্পনা পরিবীক্ষণ ও মূল্যায়ন | স্বল্পমেয়াদী | **মূল দায়িত্ব**<br>১. প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়<br><br>**সহযোগী**<br>১. পররাষ্ট্র মন্ত্রণালয়<br>২. শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়<br>৩. বিএমইটি<br>৪. এনজিও<br>৫. গবেষণা প্রতিষ্ঠান<br>৬. উন্নয়ন সহযোগী সংস্থা |

১ স্বল্পমেয়াদী ০-২ বছর পর্যন্ত, মধ্যমেয়াদী ০-৫ বছর পর্যন্ত এবং দীর্ঘমেয়াদী ০-১০ বছর পর্যন্ত

| SL No | Baseline | Target | Activities/Intervention | Means of Verification | Implementing Period [1] | Implementing Partners |
|---|---|---|---|---|---|---|
| | Professional and market based research will be undertaken with a view to explore employment opportunities in conventional and unconventional destination countries [ viz: some countries of Western Europe and some other countries of emerging economy and countries where there are very few Bangladeshi workers] and, based on research findings, specific action plan will have to be chalked out. (Policy Directives 2.1.2) | | | | | |
| **2** | In 2014, IOM prepared an assessment report on the labour market of Azerbaijan, Iraq, Italy, Japan, Jordan and Qatar. UN Women prepared an assessment report on the labour market of the United Arab Emirates.<br><br>ILO conducted a research on the labour market of Kuwait, Malaysia, Qatar, Kingdom of Saudi Arabia and the United Arab Emirates. | Every year, four labour market country based research will have to be undertaken. It must be borne in mind that apart from research for new labor markets, research and study for identifying new trades should also be undertaken. | 1. Names & priority list of some of West European countries, and names of countries with growing economy and also, names of countries where Bangladeshi workers are very few, and list of new trades in current destination countries will have to be prepared.<br>2. Every year four market based research works will be undertaken in order for expansion of labour markets to new countries and for sending labour against new trades in current destination countries.<br>3. As per suggestions from research findings, action plan will be taken and implemented to enter into new labour markets, maintaining the existing ones and for expansion of labour markets ensuring a decent and safe working environment.<br>4. Researches will have to be undertaken for ensuring decent and safe work environment in new destination countries. | » Four market based research report every year.<br>» Steps taken for expansion of market in new countries pointed out in the report.<br>» Reports of market research. | Long term | **Leading role**<br>1. MoEW&OE.<br><br>**Supporting role / organization**<br>1. MoFA<br>2. BMET<br>3. NGO<br>4. Research Organization.<br>5. Development Partners |

1 Short term 0-2 years, mid term 0-5 years and long term 0-10 years

| ক্রম | বেইজলাইন | লক্ষ্যমাত্রা | কার্যক্রম | নির্দেশিকা | বাস্তবায়ন মেয়াদ[১] | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|---|
| | প্রচলিত ও নতুন গন্তব্য-দেশে [যথা: পশ্চিম ইউরোপের কিছু দেশ ও অন্যান্য অগ্রসরমান অর্থনীতির (emerging economies) কিছু দেশ এবং যে সকল দেশে বাংলাদেশের কর্মীর সংখ্যা খুবই অপ্রতুল] কর্মসংস্থানের সম্ভাব্যতা যাচাইয়ের লক্ষ্যে পেশাদারী, বাজার-ভিত্তিক গবেষণা পরিচালনা করতে হবে এবং গবেষণালব্ধ তথ্যের ভিত্তিতে সুনির্দিষ্ট কর্মকৌশল নির্ধারণ করতে হবে। (নীতি নির্দেশনা ২.১.২) | | | | | |
| ২ | আইওএম ২০১৪ সালে আজারবাইজান, ইরাক, ইতালি, জাপান, জর্ডান এবং কাতারের শ্রমবাজারের উপর একটি পর্যালোচনা প্রতিবেদন তৈরী করে। ইউএনউইমেন সংযুক্ত আরব আমিরাতের শ্রম বাজারের উপর একটি পর্যালোচনা প্রতিবেদন তৈরী করে। আইএলও কুয়েত, মালয়েশিয়া, কাতার, সৌদি আরব এবং সংযুক্ত আরব আমিরাতের শ্রম বাজারের উপর গবেষণা পরিচালনা করে। | প্রতি বছর ৪টি দেশের শ্রমবাজারভিত্তিক গবেষণা পরিচালনা করতে হবে। এক্ষেত্রে মনে রাখতে হবে যে নতুন নতুন শ্রম বাজারের গবেষণা করা ছাড়াও বিদ্যমান শ্রমবাজারে নতুন নতুন পেশার জন্য গবেষণা ও বিদ্যমান পেশাসমূহ পর্যালোচনা করা প্রয়োজন। | ১. পশ্চিম ইউরোপের কিছু দেশ ও অন্যান্য অগ্রসরমান অর্থনীতির কিছু দেশ এবং যে সকল দেশে বাংলাদেশের কর্মীর সংখ্যা খুবই অপ্রতুল সে সকল দেশের নাম এবং প্রাধিকারের তালিকা এবং বিদ্যমান গন্তব্য দেশসমূহে সম্ভাব্য নতুন পেশা তালিকা প্রণয়ন করতে হবে।<br>২. প্রাধিকারের ভিত্তিতে নতুন নতুন দেশে বাজার সম্প্রসারণ ও বিদ্যমান দেশসমূহে নতুন নতুন পেশায় কর্মী প্রেরণের উদ্দেশ্যে প্রতি বছর ৪ টি বাজার ভিত্তিক গবেষণা করতে হবে।<br>৩. গবেষণালব্ধ পরামর্শের ভিত্তিতে নতুন শ্রমবাজারে প্রবেশ এবং বিদ্যমান শ্রমবাজার বজায় রাখার জন্য এবং মর্যাদাপূর্ণ ও নিরাপদ কর্মপরিবেশ নিশ্চিত করে শ্রমবাজার সম্প্রসারণের উদ্দেশ্যে কর্মপরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন করতে হবে।<br>৪. নতুন গন্তব্যদেশগুলোতে মর্যাদাপূর্ণ ও নিরাপদ কর্মপরিবেশ নিশ্চিত করতে গবেষণা পরিচালনা করতে হবে। | » প্রতি বছর ৪টি বাজারভিত্তিক গবেষণা প্রতিবেদন<br>» নতুন দেশে বাজার সম্প্রসারণে গৃহীত উদ্যোগ নিয়ে প্রতিবেদন<br>» বাজার গবেষণা প্রতিবেদন। | দীর্ঘমেয়াদী | **মূল দায়িত্ব**<br>১. প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়<br><br>**সহযোগী**<br>১. পররাষ্ট্র মন্ত্রণালয়<br>২. বিএমইটি<br>৩. এনজিও<br>৪. গবেষণা প্রতিষ্ঠান<br>৫. উন্নয়ন সহযোগী সংস্থা |

১ স্বল্পমেয়াদী ০-২ বছর পর্যন্ত, মধ্যমেয়াদী ০-৫ বছর পর্যন্ত এবং দীর্ঘমেয়াদী ০-১০ বছর পর্যন্ত

| SL No | Baseline | Target | Activities/Intervention | Means of Verification | Implementing Period [1] | Implementing Partners |
|---|---|---|---|---|---|---|
| | In order for quality development in international migration and creating scope for overseas employment, adopting a well-planned skills development program commensurate with National Skills Development Policy keeping in mind required skills for catering to the demands of destination countries. (Policy Directives 2.1.3) | | | | | |
| **3** | Currently, various skill development programs are being financed by the Skill Development Fund under the Ministry of Expatriates' Welfare & Overseas Employment. | Skills Development Programs will be chalked out. | 1. An evaluation of the skills development programs financed by the Skills Development Fund will be made for gap analysis.<br>2. On the basis of the evaluation made, a well-planned skills development program commensurate with the National Skill Development Policy will be introduced.<br>3. Training programs under PPP framework may be undertaken.<br>4. NGOs will have to be involved in the preparation of training action plan. | » Evaluation of existing training activities.<br>» Action plan for skills development.<br>» Implementation of action plan for skill development.<br>» Evaluation of training for skill development. | Long term | **Leading role**<br>1. MoEW&OE<br>**Supporting role / organization**<br>1. BMET<br>2. National Skills Development Authority<br>3. Wage Earners' Welfare Board<br>4. Bangladesh Technical Education Board<br>5. Development Partners,<br>6. NGOs |

1 Short term 0-2 years, mid term 0-5 years and long term 0-10 years

| ক্রম | বেইজলাইন | লক্ষ্যমাত্রা | কার্যক্রম | নির্দেশিকা | বাস্তবায়ন মেয়াদ[১] | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|---|
| | আন্তর্জাতিক অভিবাসনে গুণগত মান বৃদ্ধির লক্ষ্যে এবং বৈদেশিক কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির জন্য গন্তব্যদেশের চাহিদা অনুযায়ী কর্মদক্ষতার বিষয়টি বিবেচনায় রেখে ও জাতীয় দক্ষতা উন্নয়ন নীতি'র সাথে সমন্বয়পূর্বক একটি সুপরিকল্পিত দক্ষতা উন্নয়ন কর্মসূচি গ্রহণ করা হবে। (নীতি নির্দেশনা ২.১.৩) | | | | | |
| ৩ | বর্তমানে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীনে দক্ষতা উন্নয়ন তহবিল হতে বিভিন্ন দক্ষতা উন্নয়নের প্রশিক্ষণ দেওয়া হয়। | দক্ষতা উন্নয়ন কর্মসূচি প্রণয়ন করা হবে। | ১. প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীনে দক্ষতা উন্নয়ন তহবিল হতে যেসকল দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ দেয়া হয় তার একটি ঘাটতি নিরূপন বিশ্লেষণ মূল্যায়ন করতে হবে।<br>২. মূল্যায়নের ভিত্তিতে একটি সুপরিকল্পিত দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কর্মপরিকল্পনা প্রণয়ন করতে হবে যা 'জাতীয় দক্ষতা উন্নয়ন নীতি'র সাথে সামঞ্জস্যপূর্ণ হবে।<br>৩. সরকারি বেসরকারি আংশীদারিত্বের মাধ্যমে প্রশিক্ষণ কার্যক্রম গ্রহণ করা যেতে পারে।<br>৪. প্রশিক্ষণ কর্মপরিকল্পনা প্রণয়নে এনজিও-দেরকে সম্পৃক্ত করতে হবে। | » বিদ্যমান প্রশিক্ষণের মূল্যায়ন<br>» দক্ষতা উন্নয়ন কর্মপরিকল্পনা<br>» দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কর্মপরিকল্পনা বাস্তবায়ন<br>» দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ মূল্যায়ন | দীর্ঘমেয়াদী | **মূল দায়িত্ব**<br>১. প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়<br><br>**সহযোগী**<br>১. বিএমইটি<br>২. জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ<br>৩. ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড<br>৪. বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড<br>৫. উন্নয়ন সহযোগী সংস্থা<br>৬. এনজিও |

১ স্বল্পমেয়াদী ০-২ বছর পর্যন্ত, মধ্যমেয়াদী ০-৫ বছর পর্যন্ত এবং দীর্ঘমেয়াদী ০-১০ বছর পর্যন্ত

| SL No | Baseline | Target | Activities/Intervention | Means of Verification | Implementing Period [1] | Implementing Partners |
|---|---|---|---|---|---|---|
| | 2.1.4 In order for development of skills of aspirant migrant workers and for upgrading the quality of training to international level, the capacity of concern organizations will be greatly enhanced. Training Assessment Mechanism will be in place for assessing whether the training given is enough to satisfy real requirements. Standard of training and accreditation will be raised to international level by setting a minimum level of vocational training for every trade. (Policy Directives 2.1.4) | | | | | |
| **4** | Currently, there is no Training Assessment Mechanism in place.<br>In recent time, Instructors of TTCs under BMET were given training and tests were taken for giving certificates by City & Guilds, London. | Assessment of conventional training will be made once in every five year. | 1. A Training Assessment Mechanism will be in place for ascertaining whether the training imparted is enough for satisfying the requirement.<br>2. Steps will be taken to remove the gap, if any, between the given training and existing requirements.<br>3. Imparted training will be brought under the NTVQF.<br>4. Link with international accreditation organization will be established in order for upgrading certification and accreditation to international level.<br>5. A comprehensive skills development curriculum will be prepared.<br>6. Steps will be taken so that the curriculum is followed up in Technical Training Centres.<br>7. Government will arrange for examination and certification after conclusion of training. A national database based upon this examination will be prepared. | » Report of Training Assessment Mechanism.<br>» Percentage of trained migrant workers.<br>» Training Database. | Mid term | **Leading role**<br>1. MoEW&OE.<br><br>**Supporting role / organization**<br>1. BMET<br>2. National Skills Development Authority<br>3. Wage Earners' Welfare Board<br>4. Bangladesh Technical Education Board<br>5. Development Partners |

1 Short term 0-2 years, mid term 0-5 years and long term 0-10 years

| ক্রম | বেইজলাইন | লক্ষ্যমাত্রা | কার্যক্রম | নির্দেশিকা | বাস্তবায়ন মেয়াদ[১] | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|---|
| | আগ্রহী অভিবাসী কর্মীদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে এবং প্রশিক্ষণের মান আন্তর্জাতিক পর্যায়ে উন্নীত করার জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সক্ষমতা বহুগুণে বৃদ্ধি করা হবে। কর্মীদের প্রদেয় প্রশিক্ষণ প্রকৃত চাহিদা পূরণ করতে পারছে কি না বিশ্লেষণের জন্য ‘প্রশিক্ষণ মূল্যায়ন পদ্ধতি’-এর ব্যবস্থা করা হবে। সংশ্লিষ্ট প্রত্যেক পেশার জন্য দক্ষতা-বৃদ্ধিমূলক প্রশিক্ষণের ন্যূনতম মানদণ্ড নিশ্চিতকরণপূর্বক প্রশিক্ষণের সনদ ও স্বীকৃতি আন্তর্জাতিক মানে উন্নীত করা হবে। (নীতি নির্দেশনা ২.১.৪) | | | | | |
| ৪ | বর্তমানে কোন প্রশিক্ষণ মূল্যায়ন পদ্ধতি -এর ব্যবস্থা নেই।<br>সম্প্রতি বিএমইটি’র অন্তর্ভুক্ত টিটিসিসমূহের প্রশিক্ষকদের লন্ডনের সিটি এন্ড গিল্ডস্ এর সনদ লাভের জন্য প্রশিক্ষণ দেয়া হয় ও পরীক্ষা নেয়া হয়। | প্রতি পাঁচ বছরে একবার প্রচলিত প্রশিক্ষণের মূল্যায়ন করা হবে। | ১. প্রদত্ত প্রশিক্ষণ চাহিদা পূরণে সমর্থ হচ্ছে কিনা তা পরীক্ষার জন্য প্রশিক্ষণ মূল্যায়ন পদ্ধতি অনুসরণ করা হবে।<br>২. প্রশিক্ষণের সাথে চাহিদার ফারাক থাকলে তা দূরীকরণের ব্যবস্থা গ্রহণ করা হবে।<br>৩. প্রদেয় প্রশিক্ষণসমূহকে জাতীয় কারিগরি ও বৃত্তিমূলক মানদণ্ড কাঠামো এর আওতাধীনে নিয়ে আসা হবে।<br>৪. প্রশিক্ষণের সনদ ও স্বীকৃতি আন্তর্জাতিক মানে উন্নীত করার লক্ষ্যে আন্তর্জাতিক ভাবে স্বীকৃত সংস্থার সাথে সম্পর্ক স্থাপন করা হবে।<br>৫. একটি সামগ্রিক দক্ষতা উন্নয়ন পাঠ্যসূচি প্রণয়ন করা হবে।<br>৬. কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রগুলোতে এ পাঠ্যসূচি অনুসরণ করার জন্য পদক্ষেপ গ্রহণ করা হবে।<br>৭. সরকার প্রশিক্ষণ শেষে পরীক্ষা ও সনদের ব্যবস্থা করবে। এর আলোকে জাতীয়ভাবে একটি তথ্যভান্ডার তৈরী করা হবে। | » প্রশিক্ষণ মূল্যায়ন কাঠামো প্রতিবেদন।<br>» প্রশিক্ষণপ্রাপ্ত অভিবাসী কর্মীর শতকরা হার<br>» প্রশিক্ষণ তথ্যভান্ডার | মধ্যমেয়াদী | **মূল দায়িত্ব**<br>১. প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়<br><br>**সহযোগী**<br>১. বিএমইটি<br>২. জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ<br>৩. ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড<br>৪. বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড<br>৫. উন্নয়ন সহযোগী সংস্থা |

১ স্বল্পমেয়াদী ০-২ বছর পর্যন্ত, মধ্যমেয়াদী ০-৫ বছর পর্যন্ত এবং দীর্ঘমেয়াদী ০-১০ বছর পর্যন্ত

| SL No | Baseline | Target | Activities/Intervention | Means of Verification | Implementing Period [1] | Implementing Partners |
|---|---|---|---|---|---|---|
| | In order for qualitative development of training programs in existing Training Centres, appropriate qualification level of the Instructors will be ensured and periodical assessment of their competency, resources and requirements will be made and specific steps as may be necessary will be taken in that regard. (Policy Directives 2.1.5) | | | | | |
| **5** | Currently, there is no mechanism in place for assessing the competency of the Instructors. | Assessment of Instructors will be made once in every five year. | 1. Evaluation procedure for competency evaluation of the Instructors will have to be introduced.<br>2. Instructors will be imparted training on regular basis, so that they remain updated on the latest training methodology.<br>3. Feedback on training and trainers will be collected from trainees regularly.<br>4. Database of the trainees graduated from the Technical Training Centres will be kept updated on their post training information.<br>5. Every Technical Training Centre will be required to submit reports on annual work plan and implementation progress. | » Annual Performance Indicators.<br>» Evaluation report of trainees.<br>» Yearly training period of the Instructors. | Mid term | **Leading role**<br>1. MoEW&OE.<br><br>**Supporting role**<br>1. BMET<br>2. National Skills Development Authority<br>3. Wage Earners' Welfare Board<br>4. Bangladesh Technical Education Board<br>5. Development Partners |
| | Technical Training Centres will be established in various places of the country (at least one TTC in each Upazila) in order for expansion of existing technical and vocational training to grass root level. At the same time, private training organizations will be encouraged to shift their training facilities to grass root level. (Policy Directives 2.1.6) | | | | | |
| **6** | Currently, 70 TTCs are in operation (including 6 IMTS). | Technical Training Centres (TTC) will be established in 50% Upazila. | 1. TTCs will be established in every Upazila by taking up development projects.<br>2. Backward areas will be preferred for establishment of TTCs.<br>3. Existing TTCs and IMTs (Institutes of Marine Technologies) will be modernized and strengthened.<br>4. Standard of Instructors of existing TTCs will be evaluated.<br>5. Every Training Centre will have to be made equally active and equally standard. | » Number of TTCs and IMTs. | Long term | **Leading role**<br>1. MoEW&OE.<br><br>**Supporting role**<br>1. MoP<br>2. MoPA,<br>3. Finance Division,<br>4. BMET, |

1 Short term 0-2 years, mid term 0-5 years and long term 0-10 years

| ক্রম | বেইজলাইন | লক্ষ্যমাত্রা | কার্যক্রম | নির্দেশিকা | বাস্তবায়ন মেয়াদ[1] | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|---|
| | বিদ্যমান প্রশিক্ষণ কেন্দ্রগুলোর প্রশিক্ষণ কর্মসূচির গুণগত মানোন্নয়নের জন্য প্রশিক্ষকদের যথাযথ যোগ্যতা নিশ্চিত করা হবে এবং তাদের সক্ষমতা ও সম্পদের পর্যাপ্ততা ও চাহিদা সময়ে সময়ে পর্যালোচনা করে সে বিষয়ে সুনির্দিষ্ট পদক্ষেপ নেয়া হবে। (নীতি নির্দেশনা ২.১.৫) | | | | | |
| ৫ | বর্তমানে প্রশিক্ষকদের যোগ্যতা নিশ্চিতের কোন পদ্ধতি প্রচলিত নেই। | ৫ বছর পর পর প্রশিক্ষকদের মূল্যায়ন করা হবে। | ১. প্রশিক্ষকদের যোগ্যতা মূল্যায়নের জন্য তাদের মূল্যায়ন পদ্ধতির প্রচলন করতে হবে।<br>২. প্রশিক্ষকদের নিয়মিত প্রশিক্ষণ প্রদান করতে হবে, যাতে করে যুগোপযোগী প্রশিক্ষণ পদ্ধতি সম্পর্কে তারা জ্ঞান লাভ করে।<br>৩. প্রশিক্ষণার্থীদের থেকে নিয়মিত প্রশিক্ষক ও প্রশিক্ষণ সম্পর্কে মতামত গ্রহণ করা হবে।<br>৪. কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রগুলো হতে প্রশিক্ষণ প্রাপ্তদের প্রশিক্ষণ প্রাপ্তির পরবর্তী তথ্যাদি হালনাগাদ রাখতে হবে।<br>৫. প্রতিটি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে বার্ষিক কর্মপরিকল্পনা ও অগ্রগতি প্রতিবেদন পেশ করতে হবে। | » বাৎসরিক কর্মক্ষমতা সূচক<br>» প্রশিক্ষণার্থীর মূল্যায়ন প্রতিবেদণ<br>» প্রশিক্ষকদের বার্ষিক প্রশিক্ষণ কাল | মধ্যমেয়াদী | **মূল দায়িত্ব**<br>১. প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়<br><br>**সহযোগী**<br>১. বিএমইটি<br>২. জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ<br>৩. ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড<br>৪. বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড<br>৫. উন্নয়ন সহযোগী সংস্থা |
| | বিদ্যমান কারিগরি ও বৃত্তিমূলক প্রশিক্ষণ কার্যক্রমসমূহ তৃণমূল পর্যায়ে নিশ্চিত করার লক্ষ্যে দেশের বিভিন্ন অঞ্চলে সমভাবে টিটিসি সম্প্রসারণ (প্রতি উপজেলায় কমপক্ষে একটি কেন্দ্র প্রতিষ্ঠা) করা হবে। পাশাপাশি বেসরকারি সংগঠনসমূহকে তাদের প্রশিক্ষণ কেন্দ্রগুলো তৃণমূল পর্যায়ে নিয়ে যেতে উৎসাহিত করা হবে। (নীতি নির্দেশনা ২.১.৬) | | | | | |
| ৬ | বর্তমানে ৭০ টি (৬ টি সামুদ্রিক প্রযুক্তি প্রতিষ্ঠান সহ) কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র চালু রয়েছে। | ৫০% উপজেলায় কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র (টিটিসি) স্থাপন করা হবে। | ১. উন্নয়ন প্রকল্প গ্রহণের মাধ্যমে প্রতিটি উপজেলায় কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র প্রতিষ্ঠা করতে হবে।<br>২. অনগ্রসর এলাকায় কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনে অগ্রাধিকার দিতে হবে।<br>৩. বিদ্যমান কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র এবং আইএমটিকে অত্যাধুনিক এবং শক্তিশালী করতে হবে।<br>৪. বিদ্যমান কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র গুলোতে নিয়োজিত প্রশিক্ষকদের মানের মূল্যায়ন করা হবে।<br>৫. প্রতিটি প্রশিক্ষণ কেন্দ্রকে সমানভাবে সক্রিয় ও মানসম্পন্ন করতে হবে। | » কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র ও আইএমটির সংখ্যা | দীর্ঘমেয়াদী | **মূল দায়িত্ব**<br>১. প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়<br><br>**সহযোগী**<br>১. পরিকল্পনা মন্ত্রণালয়<br>২. জনপ্রশাসন মন্ত্রণালয়<br>৩. অর্থ বিভাগ<br>৪. বিএমইটি |

১ স্বল্পমেয়াদী ০-২ বছর পর্যন্ত, মধ্যমেয়াদী ০-৫ বছর পর্যন্ত এবং দীর্ঘমেয়াদী ০-১০ বছর পর্যন্ত

| SL No | Baseline | Target | Activities/Intervention | Means of Verification | Implementing Period [1] | Implementing Partners |
|---|---|---|---|---|---|---|
| | Recent initiative of the Government for signing Bi Lateral Agreements and Memorandums of Understanding will be further strengthened in order for creating appropriate employment opportunities for Bangladeshi migrant workers, for ensuring proper protection for them and for ensuring decent labour migration, and for creating gender sensitive work environment. (Policy Directives 2.1.7) | | | | | |
| **7** | Existing Bi Lateral Agreements and MoUs contain clauses for ensuring gender sensitive work environment. | Clauses providing for gender sensitive issues shall be inserted in all bilateral Agreements and MoUs. | 1. The existing BLAs and MoUs shall be reviewed for gender sensitive issues.<br>2. Steps shall be taken for incorporating clauses to address gender sensitive issues in case that is found wanting.<br>3. A standard format for inclusion of clauses for addressing gender sensitive issues in bilateral Agreements and MoUs shall be prepared.<br>4. The standard format shall be incorporated in every bilateral agreements and MoUs.<br>5. These agreements and MoUs shall follow the regional standard of the countries of origin. | » Bilateral Agreements<br>» Memorandums of Understanding | Short term | **Leading role**<br>1. MoEW&OE<br><br>**Supporting role**<br>1. MoFA<br>2. Legislative and Parliamentary Affairs Divisions<br>3. MoHA<br>4. MoWCA |
| | Labour migration in new trades and professions will be promoted and ensured, and necessary skills training will be provided to female migrant workers for creating employment opportunities for them in various trades and professions. (Policy Directives 2.1.8) | | | | | |
| **8** | Currently, migrant workers abroad work in 10/11 trades. Female workers mainly work as domestic helps and garments workers. | Number of skilled workforce will be increased. | 1. Quality training corresponding to market demands will be imparted to workers.<br>2. Overseas employment for those who completed training in TTCs and IMTs shall be ensured.<br>3. Demands shall be created by supply of workers trained in multifarious trades.<br>4. Publicity activities in international level with regard to the pool of skilled workforce shall be increased. | » Ratio of skilled workers<br>» Number of trades<br>» Ratio of skilled female workers. | Long term | **Leading role**<br>1. MoEW&OE<br><br>**Supporting role**<br>1. BMET<br>2. Wage Earners' Welfare Board<br>3. BAIRA<br>4. NGO |

1 Short term 0-2 years, mid term 0-5 years and long term 0-10 years

| ক্রম | বেইজলাইন | লক্ষ্যমাত্রা | কার্যক্রম | নির্দেশিকা | বাস্তবায়ন মেয়াদ[১] | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|---|
| | বাংলাদেশী অভিবাসী কর্মীদের জন্য উপযুক্ত বৈদেশিক কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি, তাদের যথাযথ সুরক্ষা প্রদান এবং মর্যাদাসম্পন্ন শ্রম অভিবাসন নিশ্চিত করা এবং নারী পুরুষ সম্পর্ক বিষয়ক সংবেদনশীলতা কর্মপরিবেশের নিশ্চয়তার লক্ষ্যে দ্বিপাক্ষিক চুক্তি ও সমঝোতা স্মারক স্বাক্ষরে সরকারের সাম্প্রতিক উদ্যোগকে আরও জোরদার করা হবে। (নীতি নির্দেশনা ২.১.৭) | | | | | |
| ৭ | বর্তমানে বিদ্যমান দ্বিপাক্ষিক চুক্তি ও সমঝোতা স্মারকে নারী পুরুষ সম্পর্ক বিষয়ক সংবেদনশীলতা কর্মপরিবেশের নিশ্চয়তার বিষয়টি সংযুক্ত করা আছে। | প্রতিটি দ্বিপাক্ষিক চুক্তি ও সমঝোতা স্মারকে নারী পুরুষ সম্পর্ক বিষয়ক সংবেদনশীলতা এর বিষয়টি যথাযথভাবে সন্নিবেশ করা হবে। | ১. বিদ্যমান দ্বিপাক্ষিক চুক্তি ও সমঝোতা স্মারকে নারী পুরুষ সম্পর্ক বিষয়ক সংবেদনশীলতার বিষয়টি পর্যালোচনা করা হবে।<br>২. নারী পুরুষ সম্পর্ক বিষয়ক সংবেদনশীলতা বিষয়টি অনুপস্থিত থাকলে তা অন্তর্ভুক্ত করার পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৩. দ্বিপাক্ষিক চুক্তি ও সমঝোতা স্মারকে নারী পুরুষ সম্পর্ক বিষয়ক সংবেদনশীলতা ইস্যু সমূহ অন্তর্ভুক্তির জন্য একটি স্ট্যান্ডার্ড ফরম্যাট প্রণয়ন করতে হবে।<br>৪. স্ট্যান্ডার্ড ফরম্যাটটি সকল দ্বিপাক্ষিক চুক্তি ও সমঝোতা স্মারকে অন্তর্ভুক্ত করতে হবে।<br>৫. এসব চুক্তি ও সমঝোতা স্মারক উৎস দেশগুলোর আঞ্চলিক মানদন্ড অনুযায়ী হবে। | » দ্বিপাক্ষিক চুক্তি<br>» সমঝোতা স্মারক | স্বল্পমেয়াদী | **মূল দায়িত্ব**<br>১. প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়<br><br>**সহযোগী**<br>১. পররাষ্ট্র মন্ত্রণালয়<br>২. আইন, বিচার ও সংসদ বিষয়ক বিভাগ<br>৩. স্বরাষ্ট্র মন্ত্রণালয়<br>৪. মহিলা ও শিশুবিষয়ক মন্ত্রণালয় |
| | নতুন নতুন পেশায় কর্মীদের শ্রম অভিবাসন নিশ্চিত ও উৎসাহিত করা এবং ভিন্ন ভিন্ন ধরনের পেশায় নারীর কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির জন্য তাদের প্রয়োজনীয় কর্মদক্ষতার ওপর প্রশিক্ষণ দেয়া হবে। এই লক্ষ্যে, অগ্রাধিকার ভিত্তিক কাঠামো ঠিক করা হবে। (নীতি নির্দেশনা ২.১.৮) | | | | | |
| ৮ | বর্তমানে অভিবাসী কর্মীরা মোট ১০/১১ টি ট্রেডে বিদেশে কাজ করছেন। নারী কর্মীরা মূলত: গৃহকর্মী ও গার্মেন্টস কর্মী হিসেবে বিদেশে কাজ করছেন। | দক্ষ জনশক্তির হার বৃদ্ধি করা হবে। | ১. বাজার চাহিদার উপর ভিত্তি করে মানসম্মত প্রশিক্ষণ প্রদান করতে হবে।<br>২. কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র এবং সামুদ্রিক প্রযুক্তি প্রতিষ্ঠান প্রদত্ত প্রশিক্ষণপ্রাপ্তদের বৈদেশিক কর্মসংস্থানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৩. ভিন্নতর সেবামূলক পেশায় প্রশিক্ষণ প্রদান করে যোগানের মাধ্যমে চাহিদা তৈরী করতে হবে।<br>৪. প্রশিক্ষণপ্রাপ্ত জনশক্তি সংক্রান্ত তথ্যাদির বিষয়ে আন্তর্জাতিক পর্যায়ে প্রচার প্রচারণা বৃদ্ধি করতে হবে। | » দক্ষ কর্মীর হার<br>» পেশার সংখ্যা<br>» দক্ষ নারী কর্মীর হার | দীর্ঘমেয়াদী | **মূল দায়িত্ব**<br>১. প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়<br><br>**সহযোগী**<br>১. বিএমইটি<br>২. ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড<br>৩. বায়রা<br>৪. এনজিও |

১ স্বল্পমেয়াদী ০-২ বছর পর্যন্ত, মধ্যমেয়াদী ০-৫ বছর পর্যন্ত এবং দীর্ঘমেয়াদী ০-১০ বছর পর্যন্ত

| SL No | Baseline | Target | Activities/Intervention | Means of Verification | Implementing Period [1] | Implementing Partners |
|---|---|---|---|---|---|---|
| | Prevailing legal framework for activities purported for ensuring and promoting safe labour migration and migrant workers will be briefed on prevailing acts and rules with regard to labour migration in an easily intelligible terms. (Policy Directives 2.1.9) | | | | | |
| **9** | Currently, pre-departure briefing is being held with respect to the laws, food, manner and etiquette, weather and culture of destination countries. | Awareness with respect to migration laws will be increased. | 1. Under pre-departure training, migrant workers will be briefed on migration laws and regulations in an easily intelligible language.<br>2. Recruting Agencies and NGOs will be provided training on laws related to migration management.<br>3. Law enforcing agencies, public officials at field level and NGO workers will be given training.<br>4. Under pre-departure training, briefing will be given on matters relating to laws, convention, complaint management mechanism and health service facilities available in destination countries.<br>5. The Government will prepare a database for storing data of all migrant workers which shall be shared with Bangladesh Missions abroad. | » Training Manuel for Pre-departure Briefing.<br>» Legal knowledge test report of migrant workers. | Mid term | **Leading role**<br>1. MoEW&OE<br><br>**Supporting role**<br>1. BMET<br>2. Wage Earners' Welfare Board<br>3. Labour wing, Bangladesh Mission<br>4. BAIRA<br>5. NGO<br>6. Development Partners |

1 Short term 0-2 years, mid term 0-5 years and long term 0-10 years

| ক্রম | বেইজলাইন | লক্ষ্যমাত্রা | কার্যক্রম | নির্দেশিকা | বাস্তবায়ন মেয়াদ[1] | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|---|
| | নিরাপদ শ্রম-অভিবাসন নিশ্চিত ও উৎসাহিত করার লক্ষ্যে গৃহীতব্য/গৃহীত কার্যক্রমের ক্ষেত্রে বিদ্যমান আইনি-কাঠামো অনুসরণ করা হবে এবং শ্রম অভিবাসন বিষয়ক প্রচলিত আইনকানুন ও বিধিবিধানের ওপর অভিবাসী কর্মীদের সহজবোধ্য পদ্ধতিতে প্রশিক্ষণ প্রদান করা হবে। (নীতি নির্দেশনা ২.১.৯) | | | | | |
| ৯ | বর্তমানে প্রাক অভিবাসন ব্রিফিং এ গন্তব্য দেশের আইন, খাদ্য, আচার-অনুষ্ঠান, আবহাওয়া, সংস্কৃতি নিয়ে ব্রিফিং প্রদান করা হয়। | অভিবাসন সংক্রান্ত আইন সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করা হবে। | ১. প্রাক অভিবাসন ব্রিফিং এ অভিবাসন আইন ও বিধিসমূহ সহজ ভাষায় অভিবাসী কর্মীদের জানাতে হবে।<br>২. রিক্রুটিং এজেন্সী, এনজিওদেরকে অভিবাসন ব্যবস্থাপনা সংশ্লিষ্ট আইন সম্পর্কে প্রশিক্ষণ প্রদান করা হবে।<br>৩. আইন প্রয়োগকারী সংস্থা, মাঠ পর্যায়ে সরকারি কর্মকর্তা ও এনজিও কর্মীদের প্রশিক্ষণ প্রদান করা হবে।<br>৪. প্রাক অভিবাসন ব্রিফিং এ গন্তব্য দেশের আইন, রীতি-নীতি, অভিযোগ প্রক্রিয়া ও স্বাস্থ্যসেবা গ্রহণ সংক্রান্ত তথ্য জানানো হবে।<br>৫. সরকার সকল অভিবাসীর তথ্য সংরক্ষণে একটি তথ্যভান্ডার তৈরী করবে ও বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাসের সাথে তা বিনিময় করবে। | » প্রাক অভিবাসন ব্রিফিং এর নির্দেশিকা।<br>» অভিবাসী কর্মীদের আইন সম্পর্কে জ্ঞান যাচাই পরীক্ষা প্রতিবেদন। | মধ্যমেয়াদী | **মূল দায়িত্ব**<br>১. প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়<br><br>**সহযোগী**<br>১. বিএমইটি<br>২. ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড<br>৩. শ্রম কল্যাণ উইং সমূহ, বাংলাদেশ মিশন<br>৪. বায়রা<br>৫. এনজিও<br>৬. উন্নয়ন সহযোগী |

[1] স্বল্পমেয়াদী ০-২ বছর পর্যন্ত, মধ্যমেয়াদী ০-৫ বছর পর্যন্ত এবং দীর্ঘমেয়াদী ০-১০ বছর পর্যন্ত

| SL No | Baseline | Target | Activities/Intervention | Means of Verification | Implementing Period [1] | Implementing Partners |
|---|---|---|---|---|---|---|
| | Initiatives will be taken for deeply engaging both the labour sending and labour receiving countries through regional and inter-regional consultative processes with the aims of ensuring safe and dignified labour migration and ensuring benefits, welfare and protection of migrant workers in accordance with international legal instruments and international labour standard. Orderly and regulated employment process in both the countries of origin and countries of destination will be ensured by holding regular dialogue, information sharing and by mutual cooperation. (Policy Directives 2.1.10) | | | | | |
| **10** | Currently, the Ministry of Expatriates' Welfare and Overseas Employment participates in various regional consultative processes. | Bangladesh's role in various consultative processes like Abu Dhabi Dialogue, Colombo Process will be further strengthened. | 1. Effective engagement with various regional and inter-regional dialogue and consultative processes will be maintained. If necessary, issue based projects or programs will be adopted.<br>2. Officers' competency for playing leadership role in various regional and inter-regional dialogue and consultative processes will have to be increased.<br>3. In these dialogues and consultative processes, emphasis will be given on regularizing the irregular migrants.<br>4. Government will undertake diplomatic initiatives for ensuring social dignity of migrants in the destination countries.<br>5. Modernization of tourism considering the global scenario; so that the tourism sector is free from irregular migration, human trafficking and human smuggling. | » Activities of Bangladesh in Colombo Process<br>» Activities of Bangladesh in Abu Dhabi Dialogue<br>» Activities report on modernigation of Tourism | Long term | **Leading role**<br>1. MoEW&OE<br><br>**Supporting role**<br>1. MoCA & T<br>2. BMET<br>3. Wage Earners' Welfare Board<br>4. Labour Welfare Wing<br>5. BAIRA<br>6. Development Partners<br>7. NGO |

1 Short term 0-2 years, mid term 0-5 years and long term 0-10 years

| ক্রম | বেইজলাইন | লক্ষ্যমাত্রা | কার্যক্রম | নির্দেশিকা | বাস্তবায়ন মেয়াদ[১] | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|---|
| | নিরাপদ ও সম্মানজনক শ্রম অভিবাসন নিশ্চিত করা এবং আন্তর্জাতিক আইনি দলিল ও আন্তর্জাতিক শ্রম মানদণ্ডের অনুসরণে অভিবাসী কর্মীর সুযোগ-সুবিধা, কল্যাণ ও সুরক্ষা নিশ্চিত করার লক্ষ্যে আঞ্চলিক এবং আন্তঃআঞ্চলিক আলোচনা ও পরামর্শ-প্রক্রিয়ার আওতায় অভিবাসী কর্মী প্রেরণকারী ও গ্রহণকারী দেশগুলোর মধ্যে ঘনিষ্ঠ সহযোগিতা বৃদ্ধির উদ্যোগ গ্রহণ করা হবে। নিয়মিত সংলাপ, তথ্যের আদান-প্রদান এবং পারস্পরিক সাহায্য-সহযোগিতার মাধ্যমে কর্মীদের উৎস ও গন্তব্য উভয় দেশে সুশৃঙ্খল ও সুনিয়ন্ত্রিত নিয়োগ প্রক্রিয়ার বিষয়টি নিশ্চিত করা হবে। (নীতি নির্দেশনা ২.১.১০) | | | | | |
| ১০ | বর্তমানে মন্ত্রণালয় বিভিন্ন আন্তঃআঞ্চলিক পরামর্শ-প্রক্রিয়ায় অংশগ্রহণ করে থাকে। | আবুধাবী ডায়ালগ, কলম্বো প্রসেসসহ বিভিন্ন পরামর্শ প্রক্রিয়ায় বাংলাদেশের ভূমিকা অধিকতর জোরদার করা হবে। | ১. বিভিন্ন আঞ্চলিক এবং আন্তঃআঞ্চলিক আলোচনা ও পরামর্শ-প্রক্রিয়ার সাথে নিয়মিত যুক্ত থাকতে হবে। প্রয়োজনে ইস্যুভিত্তিক প্রকল্প বা কর্মসূচি গ্রহণ করা যেতে পারে।<br>২. বিভিন্ন আঞ্চলিক এবং আন্তঃআঞ্চলিক আলোচনা ও পরামর্শ-প্রক্রিয়ায় নেতৃত্ব প্রদানের জন্য কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধি করতে হবে।<br>৩. এসব আলোচনা পরামর্শে অনিয়মিত অভিবাসীদের নিয়মিত করণে গুরুত্ব প্রদান করা হবে।<br>৪. অভিবাসীদের সামাজিক মর্যাদা নিশ্চিত করতে গন্তব্যদেশে সরকার জনসচেতনতা বৃদ্ধিতে কূটনৈতিক তৎপরতা চালাবে।<br>৫. বৈশ্বিক প্রেক্ষাপট বিবেচনা করে পর্যটন ব্যবস্থার আধুনিকায়ন করা, যাতে এটি নিশ্চিত করা যায় যে পর্যটন খাত অনিয়মিত অভিবাসন, মানবপাচার ও মানব চোরাচালান থেকে মুক্ত থাকে। | » কলম্বো প্রসেস এ বাংলাদেশের কার্যক্রম।<br>» আবুধাবী ডায়ালগে বাংলাদেশের কার্যক্রম।<br>» পর্যটন ব্যবস্থার আধুনিকায়নে গৃহীত কার্যক্রম প্রতিবেদন। | দীর্ঘমেয়াদী | **মূল দায়িত্ব**<br>১. প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়<br><br>**সহযোগী**<br>১. বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়<br>২. বিএমইটি<br>৩. ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড<br>৪. শ্রম কল্যাণ উইংসমূহ, বাংলাদেশ মিশন<br>৫. বায়রা<br>৬. উন্নয়ন সহযোগী<br>৭. এনজিও |

১ স্বল্পমেয়াদী ০-২ বছর পর্যন্ত, মধ্যমেয়াদী ০-৫ বছর পর্যন্ত এবং দীর্ঘমেয়াদী ০-১০ বছর পর্যন্ত

| SL No | Baseline | Target | Activities/Intervention | Means of Verification | Implementing Period [1] | Implementing Partners |
|---|---|---|---|---|---|---|
| | Sufficient and effective research works for identifying new labour markets with support from various Bangladesh Missions abroad will be conducted and actions will be taken based on research findings. (Policy Directives 2.1.11) | | | | | |
| 11 | BMET performed international job market demand analysis in Jan 2017-April 2018 based on 53 countries.<br><br>In 2014, IOM prepared an assessment report on the labour markets of Azerbaijan, Iraq, Italy, Japan, Jordan and Qatar.<br><br>UN Women prepared an assessment report on the labour market of United Arab Emirates.<br><br>ILO conducted research works on the labour markets of Kuwait, Malaysia, Qatar, Saudi Arabia and United Arab Emirates. | Every year research works on the labour markets of four countries will be undertaken.<br><br>It must be borne in mind that, apart from research works for new labour markets, researches will have to be conducted for identifying new trades in existing labour markets and existing trades will be reviewed. | 1. Names & priority list of some of West European countries, and names of countries with growing economy and also, names of countries where Bangladeshi workers are very few, and list of new trades in current destination countries will have to be prepared.<br>2. Every year four market based research works will be undertaken in order for expansion of labour markets to new countries and for sending labour against new trades in current destination countries.<br>3. As per suggestions from research findings, adopting and implementation of action plan for entering into new labour markets, maintaining the existing ones and for expansion of labour markets ensuring a decent and safe working environment. | » Reports of market research.<br>» Initiatives taken for expansion of labour markets on the basis of the research reports. | Long term | **Leading role**<br>1. MoEW&OE<br><br>**Supporting role / organization**<br>1. MoFA<br>2. BMET<br>3. NGO<br>4. Research Organizations.<br>5. Development Partners |

1 Short term 0-2 years, mid term 0-5 years and long term 0-10 years

| ক্রম | বেইজলাইন | লক্ষ্যমাত্রা | কার্যক্রম | নির্দেশিকা | বাস্তবায়ন মেয়াদ[১] | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|---|
| | বিভিন্ন দেশে অবস্থিত বাংলাদেশের দূতাবাসসমূহের সহায়তায় নতুন নতুন শ্রমবাজার অনুসন্ধানকল্পে পর্যাপ্ত ও যথাযথ গবেষণা করা এবং তদানুযায়ী কার্যক্রম গ্রহণ করা হবে। (নীতি নির্দেশনা ২.১.১১) | | | | | |
| ১১ | বিএমইটি জানু: ২০১৭ - এপ্রিল ২০১৮ সময়ে ৫৩টি দেশের উপর 'আন্তর্জাতিক শ্রমবাজারে বাংলাদেশী অভিবাসী কর্মীদের কর্মসংস্থনের চাহিদা বিশ্লেষণ' গবেষণা করে।<br>আইওএম ২০১৪ সালে আজারবাইজান, ইরাক, ইতালী, জাপান, জর্ডান এবং কাতারের শ্রম বাজারের উপর একটি মূল্যায়ন প্রতিবেদন তৈরী করে।<br>UN Women সংযুক্ত আরব আমিরাতের শ্রম বাজারের উপর একটি এসেসমেন্ট প্রতিবেদন তৈরী করে।<br>আইএলও কুয়েত, মালয়েশিয়া, কাতার, সৌদি আরব এবং সংযুক্ত আরব আমিরাতের শ্রম বাজারের উপর গবেষণা পরিচালনা করে। | প্রতিবছর ৪টি দেশের উপর বাজারভিত্তিক গবেষণা পরিচালনা করতে হবে। এক্ষেত্রে মনে রাখতে হবে যে নতুন নতুন শ্রমবাজার গবেষণা করা ছাড়াও বিদ্যমান শ্রমবাজারে নতুন নতুন পেশার জন্য গবেষণা ও বিদ্যমান পেশাসমূহের পর্যালোচনা করা প্রয়োজন। | ১. পশ্চিম ইউরোপের কিছু দেশ, অগ্রসরমান অর্থনীতির কিছু দেশ এবং যে সকল দেশে বাংলাদেশের কর্মীর সংখ্যা খুবই অপ্রতুল সে সকল দেশের নাম ও প্রাধিকারের তালিকা এবং বিদ্যমান গন্তব্যদেশসমূহে সম্ভাব্য নতুন পেশার তালিকা প্রণয়ন করা হবে।<br>২. প্রাধিকার ভিত্তিতে নতুন নতুন দেশে বাজার সম্প্রসারণ ও বিদ্যমান দেশে নতুন নতুন পেশার কর্মী প্রেরণের উদ্দেশ্যে প্রতি বছর ৪ টি বাজার ভিত্তিক গবেষণা করা হবে।<br>৩. গবেষণালব্ধ পরামর্শের ভিত্তিতে নতুন শ্রমবাজারে প্রবেশ এবং বিদ্যমান শ্রম বাজার বজায় রাখার জন্য এবং মর্যাদাপূর্ণ ও নিরাপদ কর্মপরিবেশ নিশ্চিত করে শ্রমবাজার সম্প্রসারণের উদ্দেশ্যে কর্মপরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন করা হবে। | » বাজার গবেষণা প্রতিবেদন।<br>» প্রতিবেদন সাপেক্ষে আলোচ্য দেশে বাজার সম্প্রসারণের জন্য গৃহীত উদ্যোগ সমূহ | দীর্ঘমেয়াদী | **মূল দায়িত্ব**<br>১. প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়<br><br>**সহযোগী**<br>১. পররাষ্ট্র মন্ত্রণালয়<br>২. বিএমইটি<br>৩. এনজিও<br>৪. গবেষণা প্রতিষ্ঠান<br>৫. উন্নয়ন সহযোগী সংস্থা |

১ স্বল্পমেয়াদী ০-২ বছর পর্যন্ত, মধ্যমেয়াদী ০-৫ বছর পর্যন্ত এবং দীর্ঘমেয়াদী ০-১০ বছর পর্যন্ত

| SL No | Baseline | Target | Activities/Intervention | Means of Verification | Implementing Period [1] | Implementing Partners |
|---|---|---|---|---|---|---|
| **Protection of the Rights of Migrant Workers and members of their Families** | | | | | | |
| | Existing rules, regulations and prevailing legal framework will be followed while adopting any plan and pursuing activities under the Overseas Employment Policy and required policy directives will be taken from migration related international instruments. (Policy Directives 2.2.1) | | | | | |
| **12** | Gender issues are reflected in the policy 2016. | Gender sensitive Action Plan for the protection and welfare of migrant workers and their families will be implemented. | 1. Gender sensitive action plan under the Overseas Employment Policy will be chalked out while adopting any plan and pursuing activities following existing rules, regulations and prevailing legal framework.<br>2. Before adopting any plan, it has to be examined that it does not contradict any national and international law and policy.<br>3. Law has to be framed and implemented for the purpose of the welfare of the migrants and their families.<br>4. Issues relating to the welfare of the migrants and their families will have to be incorporated in the development plan documents.<br>5. New programs intended for the welfare of the migrant workers will be adopted. | » Gender sensitive Action Plan<br>» Law on migrants' welfare<br>» New welfare program | Long term | **Leading role**<br>1. MoEW&OE<br><br>**Supporting role / organization**<br>1. MoFA<br>2. MoSW<br>3. Wage Earners' Welfare Board<br>4. BMET<br>5. Probashi Kollyan Bank |

1 Short term 0-2 years, mid term 0-5 years and long term 0-10 years

| ক্রম | বেইজলাইন | লক্ষ্যমাত্রা | কার্যক্রম | নির্দেশিকা | বাস্তবায়ন মেয়াদ[১] | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|---|
| **অভিবাসী কর্মী ও তাদের পরিবারের সদস্যদের অধিকারের সুরক্ষা** | | | | | | |
| | বৈদেশিক কর্মসংস্থান নীতির অধীন কোনো পরিকল্পনা গ্রহণ ও গৃহীত কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে প্রচলিত বিধিবিধান ও বিদ্যমান আইনিকাঠামো অনুসরণ করা হবে এবং অভিবাসন সংক্রান্ত আন্তর্জাতিক দলিলগুলো হতে প্রয়োজনীয় দিকনির্দেশনা গ্রহণ করা হবে। (নীতি নির্দেশনা ২.২.১) | | | | | |
| ১২ | নারী-পুরুষ সম্পর্ক বিষয়টি ২০১৬ এর নীতিমালায় প্রতিফলিত হয়েছে। | নারী-পুরুষ সম্পর্ক সংবেদনশীল অভিবাসী ও তাদের পরিবারের নিরাপত্তার জন্য জাতীয় কর্মপরিকল্পনা বাস্তবায়ন করা হবে। | ১. বৈদেশিক কর্মসংস্থান নীতির অধীন কোনো পরিকল্পনা গ্রহণ ও গৃহীত কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে প্রচলিত বিধিবিধান ও বিদ্যমান আইনি-কাঠামো অনুসরণ করে 'জেন্ডার বান্ধব' কর্মপরিকল্পনা প্রণয়ন করতে হবে।<br>২. যেকোন পরিকল্পনা গ্রহণ করার পূর্বে জাতীয় ও আন্তর্জাতিক আইন ও নীতির সাথে তা সাংঘর্ষিক কিনা সেটি খতিয়ে দেখা হবে।<br>৩. অভিবাসীদের ও তাদের পরিবারের কল্যাণার্থে আইন প্রণয়ন ও তার বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।<br>৪. উন্নয়ন পরিকল্পনা দলিলে অভিবাসীদের ও তাদের পরিবারের সুরক্ষার বিষয়টি নিশ্চিত করা হবে।<br>৫. অভিবাসীদের ও তাদের পরিবারের কল্যাণে নতুন নতুন কর্মসূচি গ্রহণ করা হবে। | » জেন্ডার বান্ধব এ্যাকশন প্ল্যান<br>» অভিবাসীদের কল্যাণার্থে আইন<br>» নতুন কল্যাণমূলক কর্মসূচি | দীর্ঘমেয়াদী | **মূল দায়িত্ব**<br>১. প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়<br><br>**সহযোগী**<br>১. পররাষ্ট্র মন্ত্রণালয়<br>২. সমাজকল্যাণ মন্ত্রণালয়<br>৩. ওয়েজ আর্নার্স কল্যাণ বোড<br>৪. বিএমইটি<br>৫. প্রবাসী কল্যাণ ব্যাংক |

১ স্বল্পমেয়াদী ০-২ বছর পর্যন্ত, মধ্যমেয়াদী ০-৫ বছর পর্যন্ত এবং দীর্ঘমেয়াদী ০-১০ বছর পর্যন্ত

| SL No | Baseline | Target | Activities/Intervention | Means of Verification | Implementing Period [1] | Implementing Partners |
|---|---|---|---|---|---|---|
| | As part of activities to promote the right of migrant workers, a standard employment contract will be drafted. This will promote and ensure, inter alia, minimum wages commensurate with the work of the migrant workers, payment of wages regularly and in due time, workplace security and other conditions for workplace environment including health and available legal remedies in case of breach of contract. (Policy Directives 2.2.2) | | | | | |
| | While standardizing the bilateral Agreements and MoUs, and while finalizing their clauses, principles pertaining to safeguarding of the rights of migrants will be followed. Moreover, labour laws and laws relating to social protection in destination countries will be closely examined before accepting any fair BLA or MoU. (Policy Directives 2.2.3) | | | | | |
| | Procedural issues with respect to proper application, implementation and supervision of the Agreements or MoUs signed, and responsibilities of offices and assigned officers of Bangladesh and concerned destination countries will be determined through consultation with concerned stakeholders. (Policy Directives 2.2.4) | | | | | |
| **13** | Currently, a standard format of employment contract is generally affixed to bilateral agreements with some countries. | A county based, job-based and gender based model employment contract will be prepared. | 1. Existing employment contracts will be reviewed and clauses will be incorporated so that they become more migrant friendly.<br>2. Job-based, country-based and gender-based check lists containing mandatory issues to be included in the model employment contract will be prepared.<br>3. Check lists shall be distributed among the recruiting agents and it shall be kept open for all.<br>4. Monitoring mechanism shall be in place to make sure that Agreements are implemented in accordance with check list. Monitoring works will be carried out in joint collaboration of GO and NGOs.<br>5. In the case of bilateral agreements, challenges of destination countries will have to be kept in prime consideration and BLAs or MoUs shall be kept open for all.<br>6. Trained migrant shall be sent to destination countries.<br>7. Issues of safe migration shall be incorporated in bilateral agreements.<br>8. Protection of Bangladeshi migrants through joint collaboration with Ministry of Expatriates' Welfare & Overseas Employment and monitoring of the implementation of MoUs or bilateral agreements by foreign Governments will be ensured. | | Mid term | **Leading role**<br>1. MoEW&OE<br><br>**Supporting role**<br>1. MoFA<br>2. Ministry of Law & Parliamentary Affairs<br>3. MoHA<br>4. BMET<br>5. Labour Welfare Wing<br>6. BAIRA |

1 Short term 0-2 years, mid term 0-5 years and long term 0-10 years

| ক্রম | বেইজলাইন | লক্ষ্যমাত্রা | কার্যক্রম | নির্দেশিকা | বাস্তবায়ন মেয়াদ[1] | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|---|
| | অভিবাসী কর্মীদের জন্য অধিকারের সুরক্ষামূলক কার্যক্রমের অংশ হিসেবে একটি আদর্শ নিয়োগচুক্তি তৈরি করা হবে। এতে, অন্যান্য বিষয়ের মধ্যে, অভিবাসী কর্মীর পেশার সঙ্গে সঙ্গতিপূর্ণ ন্যূনতম মজুরি, নিয়মিত ও যথাসময়ে মজুরি প্রদান, কর্মস্থলে নিরাপত্তা ও স্বাস্থ্যসহ কর্মপরিবেশের অন্যান্য শর্তাবলী এবং চুক্তি লঙ্ঘনের ক্ষেত্রে প্রাপ্য আইনি প্রতিকার ইত্যাদি বিষয় সন্নিবেশিত করে একটি আদর্শ নিয়োগচুক্তির অনুসরণ উৎসাহিত ও নিশ্চিত করা হবে। (নীতি নির্দেশনা ২.২.২) | | | | | |
| | দ্বিপাক্ষিক চুক্তি ও সমঝোতা স্মারকগুলো প্রামাণীকরণ ও তাদের বিধানাবলী নির্ধারণের ক্ষেত্রে অভিবাসী কর্মীর অধিকারের সুরক্ষা সংক্রান্ত নীতিসমূহ অনুসরণ করা হবে। অধিকন্তু ন্যায়সঙ্গত দ্বিপাক্ষিক চুক্তি ও সমঝোতা স্মারক গ্রহণের নিমিত্তে সংশ্লিষ্ট গন্তব্য দেশের শ্রম আইন ও সামাজিক নিরাপত্তা সংক্রান্ত আইন নিবিড়ভাবে পর্যালোচনা করা হবে। (নীতি নির্দেশনা ২.২.৩) | | | | | |
| | দ্বিপাক্ষিক চুক্তি ও সমঝোতা স্মারক স্বাক্ষরের পর, স্বাক্ষরিত চুক্তি বা সমঝোতা স্মারকের যথাযথ প্রয়োগ, বাস্তবায়ন এবং তদারকির জন্য অনুসরণীয় প্রক্রিয়া এবং বাংলাদেশ ও গন্তব্য-দেশের সংশ্লিষ্ট সংস্থাসমূহের দায়িত্ব স্বার্থসংশ্লিষ্টদের সঙ্গে পরামর্শক্রমে নির্ধারণ করা হবে। (নীতি নির্দেশনা ২.২.৪) | | | | | |
| ১৩ | বর্তমানে কয়েকটি দেশের সাথে দ্বিপাক্ষিক চুক্তির সাথে নিয়োগ চুক্তির ফরম্যাট সংযুক্ত করা হচ্ছে। | দেশভিত্তিক, কর্মভিত্তিক এবং জেন্ডারভিত্তিক আদর্শ নিয়োগচুক্তি তৈরি করা হবে। | ১. বিদ্যমান নিয়োগচুক্তি পর্যালোচনার মাধ্যমে সেগুলোকে আরও কিভাবে কর্মী বান্ধব করা যায় তা চিহ্নিত করার মাধ্যমে চুক্তিতে অন্তর্ভুক্ত করার ব্যবস্থা গ্রহণ করা হবে।<br>২. কর্মভিত্তিক, দেশভিত্তিক এবং জেন্ডার ভিত্তিক আদর্শ নিয়োগচুক্তির আবশ্যিক বিষয়াবলীর একটি করণীয় কাজের তালিকা বা চেকলিষ্ট প্রণয়ন করতে হবে।<br>৩. করণীয় কাজের তালিকা রিক্রুটিং এজেন্টদের মাঝে বিতরণ করতে হবে। করণীয় কাজের তালিকা সবার জন্য উন্মুক্ত রাখতে হবে।<br>৪. করণীয় কাজের তালিকা অনুযায়ী চুক্তি বাস্তবায়ন হচ্ছে কিনা তা খতিয়ে দেখার জন্য মনিটরিং পদ্ধতি প্রবর্তন করতে হবে। পরিবীক্ষণ কার্যক্রম সরকারি ও বেসরকারি সংস্থার সমন্বয়ে বাস্তবায়ন করতে হবে।<br>৫. দ্বিপাক্ষিক চুক্তির ক্ষেত্রে গন্তব্যদেশে বিদ্যমান চ্যালেঞ্জ সমূহের উপর গুরুত্ব আরোপ করতে হবে এবং সমঝোতা স্মারক অথবা দ্বিপাক্ষিক চুক্তিসমূহ সবার জন্য উন্মুক্ত রাখতে হবে।<br>৬. গন্তব্যদেশে দক্ষ অভিবাসন পাঠাতে হবে।<br>৭. নিরাপদ অভিবাসন সংশ্লিষ্ট ইস্যুসমূহ দ্বিপাক্ষিক চুক্তিতে অন্তর্ভূক্ত করতে হবে।<br>৮. প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এর সাথে অংশীদারিত্বমূলক কাজের মাধ্যমে বাংলাদেশী অভিবাসী কর্মীদের সুরক্ষা প্রদান এবং সংশ্লিষ্ট বিদেশী সরকার সমঝোতা স্মারক বা দ্বিপাক্ষিক চুক্তি মেনে চলছে কি না তা তদারকির মাধ্যমে নিশ্চিত করা হবে।। | » দ্বিপাক্ষিক চুক্তি ও সমঝোতা স্মারকসমূহের রিভিউ | মধ্যমেয়াদী | **মূল দায়িত্ব**<br>১. প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়<br><br>**সহযোগী**<br>১. পররাষ্ট্র মন্ত্রণালয়<br>২. আইন ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়<br>৩. স্বরাষ্ট্র মন্ত্রণালয়<br>৪. বিএমইটি<br>৫. বায়রা<br>৬. শ্রম কল্যাণ উইংসমূহ |

[1] স্বল্পমেয়াদী ০-২ বছর পর্যন্ত, মধ্যমেয়াদী ০-৫ বছর পর্যন্ত এবং দীর্ঘমেয়াদী ০-১০ বছর পর্যন্ত

| SL No | Baseline | Target | Activities/Intervention | Means of Verification | Implementing Period [1] | Implementing Partners |
|---|---|---|---|---|---|---|
| | Country wise booklets, flyers and videos containing right to information and remedies for denial of those rights to Bangladeshi migrants in countries of destination in the light of relevant clauses in the bilateral agreements or MoUs will be prepared and distributed. (Policy Directives 2.2.5) | | | | | |
| | Country-wise orientation course or training rendered in easily intelligible language for migrant workers purported to giving a clear understanding of the law and practice of human rights, labour law and social security issues in destination countries will be arranged. (Policy Directives 2.2.6) | | | | | |
| **14** | Currently, country wise booklets on pre-departure briefing are being used. | Flyers and videos containing information on laws, food, culture, language, manners of every destination country will be prepared. | 1. Flyers and videos on facts and figures of countries of destination will be prepared and published.<br>2. These videos and flyers will be kept open and will be available online.<br>3. These will be broadcast on radio and television.<br>4. Short-films will be made on the success and cautions of migration.<br>5. Publicity work will be conducted through satellite cable operators and community radios.<br>6. Information Education & Communication materials will be made easily available and intelligible.<br>7. Union Digital Center will be involved<br>8. Human rights issues will be incorporated in pre-departure briefing.<br>9. Prepare and implement a comprehensive communication strategy. | » Country-wise booklets, flyers, audio and video on countries of destination | Mid term | **Leading role**<br>1. MoEWOE<br><br>**Supporting role**<br>1. MoI<br>2. Wage Earners' Welfare Board<br>3. BMET<br>4. BAIRA<br>5. NGO |

1 Short term 0-2 years, mid term 0-5 years and long term 0-10 years

| ক্রম | বেইজলাইন | লক্ষ্যমাত্রা | কার্যক্রম | নির্দেশিকা | বাস্তবায়ন মেয়াদ[1] | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|---|
| | গন্তব্য দেশে বাংলাদেশী অভিবাসী কর্মীদের তথ্যের অধিকার এবং তাদের অধিকার লঙ্ঘনের ক্ষেত্রে প্রতিকার পাওয়ার অধিকার নিশ্চিত করার লক্ষ্যে প্রযোজ্য দ্বিপাক্ষিক চুক্তি কিংবা সমঝোতা স্মারকের আলোকে উক্ত দেশভিত্তিক প্রয়োজনীয় তথ্য সংবলিত বিভিন্ন পুস্তিকা, তথ্যকণিকা ও ভিডিও তৈরি ও বিতরণ করা হবে। (নীতি নির্দেশনা ২.২.৫) | | | | | |
| | গন্তব্য দেশে মানবাধিকারের চর্চা ও অবস্থা এবং স্থানীয় শ্রম আইন ও সামাজিক নিরাপত্তা সংক্রান্ত আইনের ওপর স্বচ্ছ ধারণা প্রদানের লক্ষ্যে শ্রম অভিবাসনকারী কর্মীদের জন্য সহজবোধ্য ভাষায় উক্ত দেশভিত্তিক পরিচিতিমূলক কোর্স বা প্রশিক্ষণের ব্যবস্থা করা হবে। (নীতি নির্দেশনা ২.২.৬) | | | | | |
| **১৪** | বর্তমানে গন্তব্য দেশভিত্তিক প্রাক-বহির্গমন ব্রিফিং এর পুস্তিকা ব্যবহার করা হয়। | প্রতিটি গন্তব্য দেশের আইনকানুন, খাদ্য, সংস্কৃতি, ভাষা, আচরণ নিয়ে তথ্যকণিকা ও ভিডিও প্রস্তুত করা হবে। | ১. গন্তব্যদেশ সংক্রান্ত তথ্য কণিকা, ভিডিও প্রস্তুত এবং প্রচার করা হবে।<br>২. এসকল ভিডিও এবং তথ্যকণিকা অনলাইনে সকলের জন্য উন্মুক্ত রাখা হবে।<br>৩. বেতার-টেলিভিশনে প্রচার করা হবে।<br>৪. অভিবাসনের সাফল্য ও সাবধানতা বিষয়ে স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র তৈরী করা হবে।<br>৫. স্যাটেলাইট কেবল অপারেটর ও কমিউনিটি রেডিও'র মাধ্যমে প্রচারণা চালাতে হবে।<br>৬. শিক্ষণীয় তথ্য ও যোগাযোগ উপকরণ সহজলভ্য ও সহজবোধ্য হতে হবে।<br>৭. ইউনিয়ন তথ্য কেন্দ্রগুলোকে সম্পৃক্ত করতে হবে।<br>৮. প্রাক-বর্হিগমন ব্রিফিং এ মানবাধিকার বিষয়গুলি অন্তর্ভুক্ত করতে হবে।<br>৯. একটি সামগ্রিক যোগাযোগ কর্মকৌশল প্রস্তুত ও বাস্তবায়ন করতে হবে। | » গন্তব্য দেশভিত্তিক পুস্তিকা, তথ্যকণিকা, অডিও ও ভিডিও | মধ্যমেয়াদী | **মূল দায়িত্ব**<br>১. প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়<br><br>**সহযোগী**<br>১. তথ্য মন্ত্রণালয়<br>২. ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড<br>৩. বিএমইটি<br>৪. বায়রা<br>৫. এনজিও |

১ স্বল্পমেয়াদী ০-২ বছর পর্যন্ত, মধ্যমেয়াদী ০-৫ বছর পর্যন্ত এবং দীর্ঘমেয়াদী ০-১০ বছর পর্যন্ত

| SL No | Baseline | Target | Activities/Intervention | Means of Verification | Implementing Period [1] | Implementing Partners |
|---|---|---|---|---|---|---|
| | An appropriate mechanism for registration of the names of the family members, including children, of migrant workers and protection requirements of migrants' family will be in place. (Policy Directives 2.2.7) | | | | | |
| **15** | Currently, names of migrants are registered but names of their family members are not. | A database of migrant workers' family members will be prepared. | 1. Registration of migrants' family members will be done at Upazila level.<br>2. Scholarship for the children of migrant workers which is already in place will be increased in number, expanded and will be informed to all via union digital centers.<br>3. Programs for protection of migrants' family will be chalked out and implemented.<br>4. Education of the children of migrant workers will be ensured through Wage Earners' Welfare Board.<br>5. Activities of the Wage Earners' Welfare Board intended for the welfare of the migrants' family will be properly carried out. | » Database of migrant workers' family. | Long term | **Leading role**<br>1. MoEWOE<br><br>**Supporting role**<br>1. Local Government Division<br>2. MoPA<br>3. Finance Division<br>4. Wage Earners' Welfare Board<br>5. Union Digital Center |

1 Short term 0-2 years, mid term 0-5 years and long term 0-10 years

| ক্রম | বেইজলাইন | লক্ষ্যমাত্রা | কার্যক্রম | নির্দেশিকা | বাস্তবায়ন মেয়াদ[১] | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|---|
| | শিশুসহ অভিবাসী কর্মীর পরিবারের সদস্যদের অধিকার সুরক্ষার জন্য স্থানীয় পর্যায়ে যথাযথ নিবন্ধন ব্যবস্থা এবং কর্মীর পরিবারের সদস্যদের সুরক্ষামূলক চাহিদাসমূহ নির্ধারণ ও পূরণের লক্ষ্যে বিশেষ কার্য ব্যবস্থা গ্রহণ করা হবে। (নীতি নির্দেশনা ২.২.৭) | | | | | |
| ১৫ | বর্তমানে অভিবাসী কর্মীরা নিবন্ধিত হলেও তাদের পরিবারের সদস্যরা নিবন্ধিত নয়। | অভিবাসী কর্মীর পরিবারের তথ্যসম্ভার তৈরী করতে হবে। | ১. উপজেলা পর্যায়ে অভিবাসী কর্মীর পরিবারের সদস্যদের নিবন্ধন করা হবে।<br>২. অভিবাসী কর্মীর সন্তানদের জন্য চালু করা বৃত্তির সংখ্যা ও ব্যাপকতা বৃদ্ধি করা হবে এবং ইউনিয়ন তথ্যকেন্দ্রের মাধ্যমে সবাইকে অবহিত করা হবে।<br>৩. অভিবাসী কর্মীর পরিবারের সুরক্ষার জন্য কর্মসূচি চিহ্নিত করা হবে এবং বাস্তবায়ন করা হবে।<br>৪. অভিবাসী সন্তানদের ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের সহযোগিতায় শিক্ষা ও প্রশিক্ষণ সুনিশ্চিত করতে হবে।<br>৫. অভিবাসীর পরিবারের সুরক্ষায় কল্যাণ বোর্ডের কার্যক্রম সুষ্ঠু বাস্তবায়ন করতে হবে। | » অভিবাসী কর্মীর পরিবারের তথ্যসম্ভার | দীর্ঘমেয়াদী | **মূল দায়িত্ব**<br>১. প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়<br><br>**সহযোগী**<br>১. স্থানীয় সরকার বিভাগ<br>২. জনপ্রশাসন মন্ত্রণালয়<br>৩. অর্থ বিভাগ<br>৪. ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড<br>৫. ইউনিয়ন তথ্য কেন্দ্র |

১ স্বল্পমেয়াদী ০-২ বছর পর্যন্ত, মধ্যমেয়াদী ০-৫ বছর পর্যন্ত এবং দীর্ঘমেয়াদী ০-১০ বছর পর্যন্ত

| SL No | Baseline | Target | Activities/Intervention | Means of Verification | Implementing Period [1] | Implementing Partners |
|---|---|---|---|---|---|---|
| | A combined four stage protection-structure (viz: during pre-departure stage, during departure, during stay in country of destination, during return to country of origin ) for labour migration activities will be built in order for safeguarding all migrant workers, including all aspirant migrants, from exploitation and repression. (Policy Directives 2.2.8) | | | | | |
| **16** | Currently, briefing is given at the time of departure. Protection service in country of destination is provided through Labour Welfare Wing. | A combined four stage protection-structure will be built for safeguarding migrants at pre-departure stage, departure stage, in destination countries, and at the time of their return home. | 1. A combined four stage protection structure (viz: during pre-departure stage, during departure, during stay in destination country, during return to country of origin) will have to be built.<br>2. A four-stage welfare program based on the protection-structure will be chalked out.<br>3. Welfare program will be regularly monitored and evaluated.<br>4. Labour Welfare Wing will be strengthened.<br>5. If it is necessary, pressure will be exerted so that countries of destination implement the international conventions framed for safeguarding interests of the migrants.<br>6. Policy will be adopted and implemented for ensuring reintegration.<br>7. Separate immigration counter for migrant workers will be arranged at airport where a database will be maintained for storing information of departure and return.<br>8. In order for carrying out the purposes of the Anti-human Trafficking Act, 2012, specific actions will be taken for prevention of human trafficking under cover of labour migration.<br>9. Services of Airports, travel-routes and air transports will have to be modernized and upgraded so as to provide appropriate safeguard to female migrants and requirements of outbound and returnee migrants will have to be kept in consideration. | » Protection program at pre-departure time,<br>» Protection program at the time of departure,<br>» Protection program in the country of destination,<br>» Protection program at the time of returning home. | Long term | **Leading role**<br>1. MoEW&OE<br><br>**Supporting role**<br>1. MoFA<br>2. Ministry of Civil Aviation and Tourism<br>3. Security Services Division<br>4. Labour Welfare Wing<br>5. BMET,<br>6. Wage Earners' Welfare Board |

1 Short term 0-2 years, mid term 0-5 years and long term 0-10 years

| ক্রম | বেইজলাইন | লক্ষ্যমাত্রা | কার্যক্রম | নির্দেশিকা | বাস্তবায়ন মেয়াদ[১] | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|---|
| | অভিবাসনে আগ্রহী কর্মীসহ সব অভিবাসী কর্মীর শোষণ ও নিপীড়ন থেকে সুরক্ষা প্রদানের জন্য শ্রম অভিবাসন পরিক্রমার চারটি স্তর-ভিত্তিক (যথা: প্রাক-বহির্গমনকালীন, বহির্গমনকালীন, গন্তব্যদেশে অবস্থানকালীন এবং দেশে প্রত্যাবর্তনকালীন) সমন্বিত সুরক্ষা-কাঠামো তৈরি করা হবে। (নীতি নির্দেশনা ২.২.৮) | | | | | |
| ১৬ | বর্তমানে বহির্গমনকালীন ব্রিফিং প্রদান করা হয়। শ্রম কল্যাণ উইং এর মাধ্যমে গন্তব্যদেশে সুরক্ষার ব্যবস্থা গ্রহণ করা হয়। | প্রাক-বহির্গমনকালীন, বহির্গমনকালীন, গন্তব্যদেশে অবস্থানকালীন এবং দেশে প্রত্যাবর্তনকালীন এই, চার পর্যায়ের সমন্বিত সুরক্ষা-কাঠামো প্রণয়ন করা হবে। | ১. শ্রম অভিবাসন পরিক্রমার চারটি স্তর-ভিত্তিক (যথা: প্রাক-বহির্গমনকালীন, বহির্গমনকালীন, গন্তব্যদেশে অবস্থানকালীন এবং দেশে প্রত্যাবর্তনকালীন) সমন্বিত সুরক্ষা-কাঠামো প্রণয়ন করতে হবে।<br>২. সুরক্ষা কাঠামো অনুযায়ী চারস্তর বিশিষ্ট কল্যাণ কর্মসূচি গ্রহণ করা হবে।<br>৩. নিয়মিত কল্যাণ কর্মসূচি পরিবীক্ষণ ও মূল্যায়ন করা হবে।<br>৪. শ্রম কল্যাণ উইং কে শক্তিশালী করতে হবে।<br>৫. গন্তব্য দেশসমূহে যাতে অভিবাসীদের স্বার্থ রক্ষার্থে প্রণীত আন্তর্জাতিক সনদসমূহ বাস্তবায়ন করে প্রয়োজনে তার জন্য চাপ প্রয়োগ করতে হবে।<br>৬. সামাজিক আত্মীকরণ নিশ্চিত করার জন্য নীতিমালা গ্রহণ ও বাস্তবায়ন করতে হবে।<br>৭. অভিবাসী শ্রমিকদের জন্য এয়ারপোর্টে পৃথক অভিবাসন কাউন্টার স্থাপন করতে হবে যেখানে তাদের বহি:র্গমন এবং প্রত্যাবর্তন সংক্রান্ত তথ্য তথ্যসম্ভারে সংরক্ষণ করা যায়।<br>৮. শ্রম অভিবাসনের আড়ালে মানবপাচার প্রতিরোধকল্পে ২০১২ সালের মানবপাচার প্রতিরোধ আইনের উদ্দেশ্য পূরণকল্পে সুনির্দিষ্ট কার্যক্রম গ্রহণ করতে হবে।<br>৯. বিমানবন্দর, ভ্রমণ-পথ এবং বিমান পরিবহন সেবা আধুনিকায়ন ও যুগোপযোগী করার ক্ষেত্রে অভিবাসী নারী কর্মীদের সুরক্ষা সংক্রান্ত প্রয়োজন মেটানোসহ বিদেশগামী ও প্রত্যাবর্তনকারী অভিবাসী কর্মীদের বিভিন্ন প্রয়োজন বিবেচনায় নিতে হবে। | » প্রাক-বহির্গমনকালীন সুরক্ষা কর্মসূচি<br>» বহির্গমনকালীন সুরক্ষা কর্মসূচি<br>» গন্তব্যদেশে অবস্থানকালীন সুরক্ষা কর্মসূচি<br>» প্রত্যাবর্তনকালীন সুরক্ষা কর্মসূচি | দীর্ঘমেয়াদী | **মূল দায়িত্ব**<br>১. প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়<br><br>**সহযোগী**<br>১. পররাষ্ট্র মন্ত্রণালয়<br>২. বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়<br>৩. সুরক্ষা সেবা বিভাগ<br>৪. শ্রম কল্যাণ উইং<br>৫. বিএমইটি<br>৬. ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড |

১ স্বল্পমেয়াদী ০-২ বছর পর্যন্ত, মধ্যমেয়াদী ০-৫ বছর পর্যন্ত এবং দীর্ঘমেয়াদী ০-১০ বছর পর্যন্ত

| SL No | Baseline | Target | Activities/Intervention | Means of Verification | Implementing Period [1] | Implementing Partners |
|---|---|---|---|---|---|---|
| | A well planned and definitive policy & program will be adopted in order to raise of awareness of aspirant migrants in the early stage of their decision for migration and for facilitating their right to choose a profession independently with protection from forced labour, debt-bondage and trap of trafficking. (Policy Directives 2.2.9) | | | | | |
| | Steps will be taken for extensive publicity works through radio, television and other mass media and through advertisement aimed at raising mass awareness, especially for preventing dissemination of misleading and deceptive information and publicity. (Policy Directives 2.2.10) | | | | | |
| **17** | At present, flyers, audio, video etc are used occasionally. | Extensive mass awareness with respect to potential adverse side of foreign employment will be created and unsafe migration will be reduced. | 1. Flyers, audio and videos incorporating full explanation of the seamy sides and benefits of foreign employment will be prepared.<br>2. Various documentaries will be shown and huge publicity works will be undertaken in order for preventing illegal migration.<br>3. In electronic and print media, advocacy program will be launched for discussion of risks involved in illegal migration.<br>4. Regional network along with that of the concerned country will be strengthened.<br>5. Publicity works will be carried on with regard to migration at no cost and against intermediaries.<br>6. Legal aid for migrant workers will be ensured.<br>7. Publicity works will be carried using Internet and mobile phone. | » Flyers, audio and videos concerning safe migration. | Long term | **Leading role**<br>1. MoEW&OE<br><br>**Supporting role**<br>1. MoI<br>2. MoPTC & ICT<br>3. NGO<br>4. Development partners<br>5. BAIRA |

1 Short term 0-2 years, mid term 0-5 years and long term 0-10 years

| ক্রম | বেইজলাইন | লক্ষ্যমাত্রা | কার্যক্রম | নির্দেশিকা | বাস্তবায়ন মেয়াদ[১] | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|---|
| | শ্রম অভিবাসন পরিক্রমার প্রাক-সিদ্ধান্ত গ্রহণ ধাপে অভিবাসনে ইচ্ছুক কর্মীদের সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে এবং তাদের বাধ্যতামূলক শ্রম, ঋণদাসত্ব ও পাচারের ফাঁদ থেকে সুরক্ষার জন্য দেশে বা বিদেশে কর্মীদের স্বাধীনভাবে কর্মসংস্থান নির্বাচনের অধিকারের পক্ষে একটি সুপরিকল্পিত ও সুনির্দিষ্ট নীতিমালা ও কর্মসূচি গ্রহণ করা হবে। (নীতি নির্দেশনা ২.২.৯) | | | | | |
| | রেডিও, টেলিভিশন ও সংবাদপত্রসহ অন্যান্য গণমাধ্যমে বহুল প্রচারণা এবং বিজ্ঞাপনের মাধ্যমে জন-সচেতনতা বৃদ্ধি এবং বিশেষত বিভ্রান্তিকর ও প্রতারণামূলক তথ্য বা প্রচারণা রোধের ব্যবস্থা নেয়া হবে। এ ছাড়াও বিভিন্ন মোবাইল ফোন কোম্পানির সহযোগিতায় মোবাইল ফোনের মাধ্যমে সমরূপ প্রচারণা চালানোর ব্যবস্থা গ্রহণ করা হবে। (নীতি নির্দেশনা ২.২.১০) | | | | | |
| ১৭ | বর্তমানে সময় সময় তথ্যকণিকা, অডিও, ভিডিও ইত্যাদি ব্যবহার করা হয়। | বৈদেশিক কর্মসংস্থানের সম্ভাব্য প্রতিকূল দিক নিয়ে ব্যাপক সচেতনতা সৃষ্টি করা হবে এবং অনিরাপদ অভিবাসন হ্রাস করা হবে। | ১. বৈদেশিক কর্মসংস্থানের সম্ভাব্য প্রতিকূল দিক ও সুযোগ-সুবিধার বিষয়ে পূর্ণ ধারণা অন্তর্ভুক্ত করে তথ্য-কণিকা, ভিডিও প্রস্তুত করা হবে।<br>২. অনিয়মিত অভিবাসন রোধে বিভিন্ন তথ্যচিত্র প্রদর্শনসহ ব্যাপক প্রচারণা চালানো হবে।<br>৩. ইলেক্ট্রনিক ও প্রিন্ট গণমাধ্যমে অনিয়মিত অভিবাসনের ঝুঁকিসমূহ নিয়ে আলোচনার জন্য এডভোকেসি করা হবে।<br>৪. সংশ্লিষ্ট দেশসহ রিজিওনাল নেটওয়ার্ক শক্তিশালী করতে হবে।<br>৫. বিনা খরচে অভিবাসন ও মধ্যসত্ত্বভোগী সমস্যার ব্যাপারে প্রচারণা চালাতে হবে।<br>৬. বিদেশে কর্মীদের আইনি সহায়তা নিশ্চিত করতে হবে।<br>৭. ইন্টারনেট ও মোবাইল ফোনের মাধ্যমে প্রচারনা চালাতে হবে। | » নিরাপদ অভিবাসন সংক্রান্ত তথ্যকণিকা, অডিও ও ভিডিও | দীর্ঘমেয়াদী | **মূল দায়িত্ব**<br>১. প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়<br><br>**সহযোগী**<br>১. তথ্য মন্ত্রণালয়<br>২. ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়<br>৩. এনজিও<br>৪. উন্নয়ন সহযোগী<br>৫. বায়রা |

১ স্বল্পমেয়াদী ০-২ বছর পর্যন্ত, মধ্যমেয়াদী ০-৫ বছর পর্যন্ত এবং দীর্ঘমেয়াদী ০-১০ বছর পর্যন্ত

| SL No | Baseline | Target | Activities/Intervention | Means of Verification | Implementing Period [1] | Implementing Partners |
|---|---|---|---|---|---|---|
| | For the purpose of protecting the rights of the migrants and reducing illegal migration, pre-departure policy and programs will be reviewed and, if it is necessary, prevailing recruitment procedure will be made more transparent and easy. (Policy Directives 2.2.11) | | | | | |
| **18** | Currently, there is no pre-departure policy or program in place. | Complaints with regard to migration will be reduced. | 1. Pre-departure policy will be framed for the purpose of protecting the rights of migrant workers and for reducing irregular labour migration.<br>2. Necessary programs will be chalked out for the purpose of implementing the policy.<br>3. The entire process will be digitalized so that the recruiting procedure appears more transparent and easier.<br>4. Procedure will be in place in order for supervising the organizations of recruiting agents with active cooperation of the MoEW&OE. | » Number of complaints received.<br>» Perceptions survey on migration process. | Short term | **Leading role**<br>1. MoEW&OE<br><br>**Supporting role**<br>1. BMET<br>2. Wage Earner's Welfare Board<br>3. BAIRA<br>4. MoC |

1 Short term 0-2 years, mid term 0-5 years and long term 0-10 years

| ক্রম | বেইজলাইন | লক্ষ্যমাত্রা | কার্যক্রম | নির্দেশিকা | বাস্তবায়ন মেয়াদ[১] | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|---|
| | অভিবাসী কর্মীদের অধিকার রক্ষা ও অনিয়মিত শ্রম অভিবাসনহ্রাস করার লক্ষ্যে প্রাক-বহির্গমন বিষয়ক নীতি ও কর্মসূচিসমূহ পর্যালোচনা করা হবে এবং প্রয়োজনে প্রচলিত নিয়োগ প্রক্রিয়া অধিকতর স্বচ্ছ ও সহজ করা হবে। (নীতি নির্দেশনা ২.২.১১) | | | | | |
| **১৮** | বর্তমানে কোন প্রাক-বহির্গমন বিষয়ক নীতি ও কর্মসূচি বাস্তবায়নাধীন নেই। | অভিবাসন সংক্রান্ত অভিযোগের হারহ্রাস করা হবে। | ১. অভিবাসী কর্মীদের অধিকার রক্ষা ও অনিয়মিত শ্রম অভিবাসনহ্রাস করার লক্ষ্যে প্রাক-বহির্গমন বিষয়ক নীতি প্রণয়ন করা হবে।<br>২. নীতি বাস্তবায়নে প্রয়োজনীয় কর্মসূচি গ্রহণ করা হবে।<br>৩. নিয়োগ প্রক্রিয়া অধিকতর স্বচ্ছ ও সহজ করার উদ্দেশ্যে পুরো প্রক্রিয়াকে তথ্য প্রযুক্তিভিত্তিক করা হবে।<br>৪. প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ঘনিষ্ঠ সহযোগিতায় রিক্রুটমেন্ট এজেন্টদের বিদ্যমান সংগঠনগুলোর তদারকি ও পর্যবেক্ষণের জন্য কার্যপদ্ধতি গ্রহণ করা হবে। | » অভিযোগের সংখ্যা<br>» অভিবাসন প্রক্রিয়া সংক্রান্ত মতামত জরিপ | স্বল্পমেয়াদী | **মূল দায়িত্ব**<br>১. প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়<br><br>**সহযোগী**<br>১. বিএমইটি<br>২. ওয়েজ আর্নার্স ওয়েলফেয়ার বোর্ড<br>৩. বায়রা<br>৪. বাণিজ্য মন্ত্রণালয় |

১ স্বল্পমেয়াদী ০-২ বছর পর্যন্ত, মধ্যমেয়াদী ০-৫ বছর পর্যন্ত এবং দীর্ঘমেয়াদী ০-১০ বছর পর্যন্ত

| SL No | Baseline | Target | Activities/Intervention | Means of Verification | Implementing Period [1] | Implementing Partners |
|---|---|---|---|---|---|---|
| | For the purpose of protecting migrant workers from harassment, exploitation-repression and roguery of intermediaries at home and abroad, it will be ensured that private recruiting agents and recruiters in countries of destination, as socially responsible organizations, conform to existing laws and rules while conducting business. (Policy Directives 2.2.12) | | | | | |
| **19** | Currently government takes initiatives time to time to monitor the activities of the recruiting agents.<br>Government supervises the activities of the recruiting agents under the licensing and conduct rules 2012. | To ensure the accountability of the remitting agencies. | 1. There shall be a categorical classification of recruiting agents and that will be published online.<br>2. A code of conduct for recruiting agents will be framed.<br>3. It will be monitored & evaluated whether or not recruiting agents are properly adhering to the code of conduct.<br>4. Recruiting agencies will be established at district level.<br>5. Cost of migration will have to be reduced.<br>6. Conditions and eligibility of organizations of recruiting agents will be determined in close collaboration with MoEW&OE bearing in mind various national & international laws .<br>7. It will be ensured that Travel Agents, undercover of their activities, do not arrogate to the role of recruiting agents. | » Recruiting agents classification.<br>» Code of conduct for recruiting agents. | Mid term | **Leading role**<br>1. MoEW&OE<br><br>**Supporting role**<br>1. MoFA<br>2. MoC<br>3. MoCA &T<br>4. BMET<br>5. BAIRA |

1 Short term 0-2 years, mid term 0-5 years and long term 0-10 years

| ক্রম | বেইজলাইন | লক্ষ্যমাত্রা | কার্যক্রম | নির্দেশিকা | বাস্তবায়ন মেয়াদ[1] | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|---|
| | অভিবাসী কর্মীদের দেশে বা প্রবাসে হয়রানি, শোষণ-নিপীড়ন ও মধ্যস্বত্বভোগীদের দৌরাত্ম্য থেকে রক্ষার জন্য বেসরকারি রিক্রুটমেন্ট এজেন্টদের এবং প্রবাসে নিয়োগ প্রদানকারী বিভিন্ন কোম্পানীর প্রচলিত আইন ও বিধিবিধান মেনে সামাজিকভাবে দায়বদ্ধ প্রতিষ্ঠান হিসাবে তাদের কার্যক্রম পরিচালনা করার বিষয়টি নিশ্চিত করা হবে। (নীতি নির্দেশনা ২.২.১২) | | | | | |
| ১৯ | বর্তমানে রিক্রুমেন্ট এজেন্টদের কার্যক্রম পরিবীক্ষণের জন্য মন্ত্রণালয় সময় সময় বিশেষ উদ্যোগ গ্রহণ করে।<br><br>রিক্রুটিং এজেন্সী লাইসেন্স ও আচরণ বিধিমালা ২০১২ এর অধীনে সরকার রিক্রুটমেন্ট এজেন্টদের কার্যক্রম তদারকি করে থাকে। | রিক্রুটমেন্ট এজেন্টদের দায়বদ্ধতা নিশ্চিত করা। | ১. রিক্রুটমেন্ট এজেন্টদের শ্রেণিবিভাগ করা হবে এবং তা অনলাইনে প্রকাশিত হবে।<br>২. রিক্রুটমেন্ট এজেন্টদের জন্য কোড অব কন্ডাক্টস বা আচরণ বিধি এর প্রচলন করতে হবে।<br>৩. রিক্রুটমেন্ট এজেন্টদের জন্য প্রস্তুতকৃত আচরণ বিধিমালা যথাযথ অনুসরণ করা হচ্ছে কিনা তা মূল্যায়ন করা হবে।<br>৪. জেলা পর্যায়ে রিক্রুটিং এজেন্সি স্থাপন করতে হবে।<br>৫. অভিবাসন ব্যয় হ্রাস করতে হবে।<br>৬. প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সাথে সম্মিলিতভাবে জাতীয় ও আন্তর্জাতিক আইন অনুসরণে রিক্রুটমেন্ট এজেন্টদের সংগঠনগুলোর নিবন্ধনের শর্ত ও যোগ্যতা নির্ধারণ করা হবে।<br>৭. ট্রাভেল এজেন্টদের নিবন্ধন বিষয়ে এবং ট্রাভেল এজেন্সির কার্যক্রমের আড়ালে কেউ যেন রিক্রুটমেন্ট এজেন্ট হিসেবে কাজ করতে না পারে তা নিশ্চিত করা হবে। | » রিক্রুটমেন্ট এজেন্টদের শ্রেণিকরণ<br>» রিক্রুটমেন্ট এজেন্টদের আচরণ বিধি | মধ্যমেয়াদী | **মূল দায়িত্ব**<br>১. প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়<br><br>**সহযোগী**<br>১. পররাষ্ট্র মন্ত্রণালয়<br>২. বাণিজ্য মন্ত্রণালয়<br>৩. বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়<br>৪. বিএমইটি<br>৫. বায়রা |

১ স্বল্পমেয়াদী ০-২ বছর পর্যন্ত, মধ্যমেয়াদী ০-৫ বছর পর্যন্ত এবং দীর্ঘমেয়াদী ০-১০ বছর পর্যন্ত

| SL No | Baseline | Target | Activities/Intervention | Means of Verification | Implementing Period [1] | Implementing Partners |
|---|---|---|---|---|---|---|
| | Role of NGOs and international organizations will be encouraged in establishment of communication between Bangladeshi workers and recruiters in destination countries and for enforcement of international conventions for protecting rights of migrants. (Policy Directives 2.2.13) | | | | | |
| **20** | Bangladesh ratified the International Convention on the Protection of the Rights of All Migrant Workers and Members of Their Families (ICRMW).<br>Key relevant ILO instruments have not been ratified. | Cooperation and partnership with international organizations associated with migration and labour will be enhanced. | 1. Appropriate steps will be taken for implementation of the ICRMW. If necessary, cooperation and partnership with concerned international organizations will have to be enhanced.<br>2. Awareness of officials will be raised for greater cooperation between International organizations and the MoEW&OE.<br>3. It will be ensured that officials regularly participate in meetings/seminars/ workshops /trainings related to rights and protection arranged by international organizations.<br>4. Initiatives will be taken for ratification of ILO right conventions including ILO conventions. | » Technical Assistance Project reports. | Long term | **Leading role**<br>1. MoEW&OE<br>**Supporting role**<br>1. MoFA<br>2. NGOs<br>3. Development Partners<br>4. International Organizations |
| | For the purpose of protecting the rights of migrant workers, 'labour migration diplomacy' will be pursued and close relationship and contact with countries of destination will be maintained. (Policy Directives 2.2.14) | | | | | |
| **21** | Currently, officials working in the Labour Welfare Wings are trained on labour migration issues. | Practice of 'labour migration diplomacy' will be increased. | 1. Awareness will be raised among officials of Ministries and Divisions on the importance of 'labour migration diplomacy'.<br>2. Officials will be sent for internationally recognized training on labour migration diplomacy.<br>3. Officials of Labour Welfare Wings will be rewarded for good job done while some will be censured for bad performances.<br>4. Strong stance will be maintained in global forums in order for protecting interests of Bangladeshi workers. | » Evaluation of the Annual Performance Report of Labour Welfare Wings and feedback on them. | Long term | **Leading role**<br>1. MoEW&OE<br>**Supporting role**<br>1. MoFA<br>2. Development Partners |

1 Short term 0-2 years, mid term 0-5 years and long term 0-10 years

| ক্রম | বেইজলাইন | লক্ষ্যমাত্রা | কার্যক্রম | নির্দেশিকা | বাস্তবায়ন মেয়াদ[১] | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|---|
| | বাংলাদেশ ও গন্তব্য-দেশের শ্রমিক ও নিয়োগদাতাদের সংগঠনগুলোর মধ্যে যোগাযোগ স্থাপন এবং অভিবাসী কর্মীদের অধিকার সুরক্ষায় আন্তর্জাতিক সনদগুলোর বিধানাবলী কার্যকর করার কাজে বেসরকারি ও আন্তর্জাতিক সংস্থাগুলোর জোরালো ভূমিকা উৎসাহিত করা হবে। (নীতি নির্দেশনা ২.২.১৩) | | | | | |
| ২০ | বাংলাদেশ অভিবাসী ও তাদের পরিবারের সদস্যদের সুরক্ষায় আন্তর্জাতিক সনদে (আইসিআরএমডব্লিউ) অনুসমর্থন করেছে। | অভিবাসন এবং শ্রম সংক্রান্ত আন্তর্জাতিক সংস্থাসমূহের সাথে সহযোগিতা এবং এক সাথে কাজ করা বৃদ্ধি করতে হবে। | ১. অভিবাসী সনদের (আইসিআরএমডব্লিউ) বাস্তবায়নে যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে। প্রয়োজনে সংশ্লিষ্ট আন্তর্জাতিক সংস্থার সাথে পার্টনারশিপের মাধ্যমে সনদের বাস্তবায়ন করা হবে।<br>২. আন্তর্জাতিক সংস্থাসমূহের সাথে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সহযোগিতা ও সম্পর্ক আরো জোরদার করার জন্য কর্মকর্তাদের সচেতন করা হবে।<br>৩. আন্তর্জাতিক সংস্থাসমূহ কর্তৃক প্রদেয় কর্মীর অধিকার ও সুরক্ষা সংক্রান্ত সভা/সেমিনার/কর্মশালা প্রশিক্ষণসমূহে কর্মকর্তাদের নিয়মিত অংশগ্রহণ নিশ্চিত করা হবে।<br>৪. আন্তর্জাতিক শ্রম সংস্থার সনদসহ সংশ্লিষ্ট শ্রম অধিকার সনদ অনুসমর্থনের উদ্যোগ গ্রহন করা হবে। | » কারিগরি সহায়তা প্রকল্প প্রতিবেদন | দীর্ঘমেয়াদী | **মূল দায়িত্ব**<br>১. প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়<br><br>**সহযোগী**<br>১. পররাষ্ট্র মন্ত্রণালয়<br>২. এনজিও<br>৩. উন্নয়ন সহযোগী<br>৪. আন্তর্জাতিক সংস্থা |
| | অভিবাসী কর্মীদের অধিকার রক্ষার জন্য 'শ্রম অভিবাসন কূটনীতি' অনুসরণ করা হবে এবং প্রবাসী সরকারের সাথে নিবিড় সম্পর্ক ও যোগাযোগ রক্ষা করা হবে। (নীতি নির্দেশনা ২.২.১৪) | | | | | |
| ২১ | বর্তমানে বাংলাদেশ দূতাবাসে কর্মরত শ্রম কল্যাণ বিভাগ এর কর্মকর্তাদের শ্রম অভিবাসন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়। | 'শ্রম অভিবাসন কূটনীতি' চর্চা বৃদ্ধি করতে হবে। | ১. 'শ্রম অভিবাসন কূটনীতি' সম্পর্কে স্বচ্ছ ধারণা তৈরী করার লক্ষ্যে এর গুরুত্ব সম্পর্কে সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও বিভাগ সমূহের মাঝে সচেতনতা বৃদ্ধি করতে হবে।<br>২. আন্তর্জাতিকভাবে স্বীকৃত 'শ্রম অভিবাসন কূটনীতি' এর প্রশিক্ষণে কর্মকর্তাদের প্রেরণ করতে হবে।<br>৩. শ্রম কল্যাণ বিভাগ এর কর্মকর্তাদের ভাল কাজে পুরস্কৃত এবং মন্দ কাজে শাস্তির ব্যবস্থা করতে হবে।<br>৪. আন্তর্জাতিক সভায় বাংলাদেশী কর্মীদের স্বার্থ সংরক্ষণের ক্ষেত্রে জোরালো ভূমিকা রাখতে হবে। | » শ্রম কল্যাণ বিভাগ সমূহের বার্ষিক কার্যক্রমের মূল্যায়ন ও জবাব | দীর্ঘমেয়াদী | **মূল দায়িত্ব**<br>১. প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়<br><br>**সহযোগী**<br>১. পররাষ্ট্র মন্ত্রণালয়<br>২. উন্নয়ন সহযোগী |

১ স্বল্পমেয়াদী ০-২ বছর পর্যন্ত, মধ্যমেয়াদী ০-৫ বছর পর্যন্ত এবং দীর্ঘমেয়াদী ০-১০ বছর পর্যন্ত

| SL No | Baseline | Target | Activities/Intervention | Means of Verification | Implementing Period [1] | Implementing Partners |
|---|---|---|---|---|---|---|
| **Benefits for the Migrant Workers and their Welfare** | | | | | | |
| | A comprehensive welfare program will be chalked out for necessary support, empowerment and safety of migrant workers and members of their families incorporating therein the issues required in various stages of labour migration activities. Under this program, necessary directives will be issued bearing in mind the successful welfare programs of various states and determining the roles and responsibilities of all Welfare Organizations in accordance with national and international laws and human rights instruments. (Policy Directives 2.3.1) | | | | | |
| **22** | Currently, there is no comprehensive welfare program. | A comprehensive welfare program will be adopted. | 1. A comprehensive welfare program will have to be chalked out for necessary support, empowerment and safety of migrant workers and members of their families incorporating therein the issues required in various stages of labour migration activities.<br>2. Necessary budgetary provisions will be made available in order for implementation of the programs.<br>3. Proper steps will be taken for implementation of the programs.<br>4. Studies will be conducted on the on-going programs and the beneficiaries.<br>5. It will be examined to what extent the welfare programs are beneficial to women.<br>6. Provisions will be made requiring migrant workers to take an insurance policy before they leave for the destination country.<br>7. Initiative will be taken for building strong partnership with the MoEW&OE for identifying the areas and requirements for social protection for the migrants and members of their families. With this end in view, steps will be taken in future for framing a social protection policy or strategy.<br>8. Effective participation in existing and future policy measures and mechanisms among various Ministries in order for a social security network inclusive of the migrant workers and their family members will be ensured. | » Implementation of the welfare program. | Long term | **Leading role**<br>1. MoEW&OE<br><br>**Supporting role**<br>1. MoFA<br>2. MoSW<br>3. Ministry of Women and Children Affairs<br>4. Finance Division<br>5. BMET<br>6. Wage Earners' Welfare Board<br>7. NGO<br>8. Development Partners/ International Organizations |

1 Short term 0-2 years, mid term 0-5 years and long term 0-10 years

| ক্রম | বেইজলাইন | লক্ষ্যমাত্রা | কার্যক্রম | নির্দেশিকা | বাস্তবায়ন মেয়াদ[১] | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|---|
| **অভিবাসী কর্মীদের সুযোগ-সুবিধা ও কল্যাণ** | | | | | | |
| | শ্রম অভিবাসন পরিক্রমার বিভিন্ন ধাপে, অনুসরণীয় প্রয়োজনীয় বিষয়গুলো অন্তর্ভুক্ত করে অভিবাসী কর্মী এবং তাদের পরিবারের সদস্যদের যথাযথ সহায়তা, ক্ষমতায়ন এবং নিরাপত্তার জন্য একটি সামগ্রিক কল্যাণ কর্মসূচি প্রণয়ন করতে হবে। উক্ত কর্মসূচির আওতায় জাতীয় এবং আন্তর্জাতিক আইন ও মানবাধিকারের দলিলের পাশাপাশি অভিবাসী কর্মীদের কল্যাণের জন্য বিভিন্ন রাষ্ট্র কর্তৃক গৃহীত সাফল্যমণ্ডিত কার্যক্রম বিবেচনায় রেখে অভিবাসী কল্যাণ সংক্রান্ত সকল প্রতিষ্ঠানের ভূমিকা ও দায়িত্ব সঠিকভাবে নিরূপণ করে প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করা হবে। (নীতি নির্দেশনা ২.৩.১) | | | | | |
| ২২ | বর্তমানে কোন সামগ্রিক কল্যাণ কর্মসূচী নেই। | সামগ্রিক সমন্বিত কল্যাণ কর্মসূচি গ্রহণ করা হবে। | ১. শ্রম অভিবাসন পরিক্রমার বিভিন্ন ধাপে অনুসরণীয় প্রয়োজনীয় বিষয়গুলো অন্তর্ভুক্ত করে অভিবাসী কর্মী এবং তাদের পরিবারের সদস্যদের যথাযথ সহায়তা, ক্ষমতায়ন এবং নিরাপত্তার জন্য একটি সামগ্রিক কল্যাণ কর্মসূচি প্রণয়ন করতে হবে।<br>২. কর্মসূচি বাস্তবায়নে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ নিশ্চিত করা হবে।<br>৩. কর্মসূচি বাস্তবায়নে যথাযথ পদক্ষেপ গ্রহণ করা হবে।<br>৪. চলমান কল্যাণমূলক কর্মসূচিগুলোর প্রভাব এবং উপকারভোগীদের উপর একটি সমীক্ষা পরিচালনা করতে হবে।<br>৫. কল্যাণমূলক কর্মসূচিগুলো কতটা নারীদের উপকারে আসছে সেটিও বিশ্লেষণ করতে হবে।<br>৬. গন্তব্য দেশে অভিবাসনের পূর্বেই কর্মীরা যাতে একটি বীমা করে যায় তার ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৭. অভিবাসী কর্মী ও তাদের পরিবারের সদস্যদের সামাজিক সুরক্ষার ক্ষেত্র ও চাহিদাগুলো নির্ধারণের কাজে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সাথে অংশীদারিত্ব জোরদার এবং এই উদ্দেশ্যে ভবিষ্যতে একটি সামাজিক সুরক্ষা নীতি বা কৌশল প্রণয়নের উদ্যোগ গ্রহণ করা হবে।<br>৮. অভিবাসী কর্মী ও তাদের পরিবারের সদস্যদের সামাজিক নিরাপত্তা ব্যবস্থার আওতাভুক্ত করার লক্ষ্যে চলমান এবং আসন্ন আন্তঃমন্ত্রণালয় নীতিগত ব্যবস্থা ও প্রক্রিয়াসমূহে কার্যকর অংশগ্রহণ নিশ্চিত করা হবে। | কল্যাণ কর্মসূচির বাস্তবায়ন | দীর্ঘমেয়াদী | **মূল দায়িত্ব**<br>১. প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়<br><br>**সহযোগী**<br>১. পররাষ্ট্র মন্ত্রণালয়<br>২. সমাজকল্যাণ মন্ত্রণালয়<br>৩. মহিলা ও শিশুবিষয়ক মন্ত্রণালয়<br>৪. অর্থ বিভাগ<br>৫. বিএমইটি<br>৬. ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড<br>৭. এনজিও<br>৮. উন্নয়ন সহযোগী/ আন্তর্জাতিক সংস্থা |

১ স্বল্পমেয়াদী ০-২ বছর পর্যন্ত, মধ্যমেয়াদী ০-৫ বছর পর্যন্ত এবং দীর্ঘমেয়াদী ০-১০ বছর পর্যন্ত

| SL No | Baseline | Target | Activities/Intervention | Means of Verification | Implementing Period [1] | Implementing Partners |
|---|---|---|---|---|---|---|
| | Incorporating in the program for a comprehensive welfare approach the all probable adverse effects of foreign employment and the benefits thereof, and bearing in mind the lessons learnt from ground realities and practices, targeted and purposeful flyers and videos will be prepared and disseminated and there shall be arrangements for disseminating them through electronic, print and all other media. (Policy Directives 2.3.2) | | | | | |
| **23** | Some, video clips have been prepared and broadcast as public service announcements (PSA) on radio and television highlighting the risks and negative impact of irregular migration. | In the comprehensive Program, publicity activities for awareness raising should be increased. | 1. A comprehensive communication strategy need to be prepared and implemented.<br>2. For the purpose of overall welfare of the migrant workers, more and more subject-wise documentaries, information videos etc will have to be prepared in order for increasing publicity activities for raising mass awareness. | » Verification of the ability of potential migrant workers with respect to taking an informed decision. | Mid term | **Leading role**<br>1. MoEW&OE<br>**Supporting role**<br>1. MoI<br>2. BMET<br>3. Wage Earners' Welfare Board |

1 Short term 0-2 years, mid term 0-5 years and long term 0-10 years

| ক্রম | বেইজলাইন | লক্ষ্যমাত্রা | কার্যক্রম | নির্দেশিকা | বাস্তবায়ন মেয়াদ[১] | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|---|
| | সামগ্রিক কল্যাণমূলক কর্মসূচিতে বৈদেশিক কর্মসংস্থানের সম্ভাব্য প্রতিকূল দিক ও সুযোগ-সুবিধার বিষয়ে পূর্ণ ধারণা অন্তর্ভুক্ত করে এবং তৃণমূল পর্যায়ে বিদ্যমান বাস্তবতা ও চর্চা থেকে শিক্ষা নিয়ে একটি উদ্দেশ্যমুখী তথ্য-কণিকা, ভিডিও ইত্যাদি প্রণয়ন ও বিতরণ করতে হবে এবং তা ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়াসহ বিভিন্ন প্রচার মাধ্যমে প্রচারের ব্যবস্থা করা হবে।(নীতি নির্দেশনা ২.৩.২) | | | | | |
| ২৩ | বর্তমানে অনিয়মিত ভাবে অভিবাসনের ঝুঁকি ও সম্ভাব্য প্রভাব বিবেচনায় নিয়ে কিছু কিছু ভিডিও ক্লিপ তৈরী ও জনসেবামূলক প্রচারণা হিসেবে বেতার ও টেলিভিশনে প্রচার করা হচ্ছে। | সামগ্রিক কল্যাণমূলক কর্মসূচিতে বর্তমান সচেতনতামূলক প্রচারণা আরও বৃদ্ধি করা হবে। | ১. একটি সামগ্রিক যোগাযোগ কর্মকৌশল প্রস্তুত ও বাস্তবায়ন করতে হবে।<br>২. অভিবাসী কর্মীদের সামগ্রিক কল্যাণার্থে সচেতনতামূলক প্রচার/প্রচারণা বৃদ্ধিকল্পে আরও ব্যাপক বিষয়ভিত্তিক প্রামান্যচিত্র, তথ্যচিত্র ইত্যাদি তৈরী করতে হবে। | » সম্ভাব্য অভিবাসী কর্মীদের জেনে বুঝে সিদ্ধান্ত নেয়ার সক্ষমতা যাচাই | মধ্যমেয়াদী | **মূল দায়িত্ব**<br>১. প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়<br><br>**সহযোগী**<br>১. তথ্য মন্ত্রণালয়<br>২. বিএমইটি<br>৩. ওয়েজ আর্নার্স ওয়েলফেয়ার বোর্ড |

১ স্বল্পমেয়াদী ০-২ বছর পর্যন্ত, মধ্যমেয়াদী ০-৫ বছর পর্যন্ত এবং দীর্ঘমেয়াদী ০-১০ বছর পর্যন্ত

| SL No | Baseline | Target | Activities/Intervention | Means of Verification | Implementing Period [1] | Implementing Partners |
|---|---|---|---|---|---|---|
| | A code of conduct not inconsistent with prevailing laws and rules will be framed for the purposes of using in publicity eliminating illegal activities and interference of the intermediaries in migration. (Policy Directives 2.3.3) | | | | | |
| **24** | At present, there is no code of ethical conduct in place. | Code of conduct for recruiting agents should be introduced. | 1. A code of ethical conduct commensurate with prevalent acts, rules will be framed in consultation with concerned stakeholders.<br>2. Extensive awareness raising program will be taken so that the code of ethical conduct is adhered to.<br>3. Code of ethical conduct will be promulgated in the form of Rules.<br>4. Appropriate monitoring mechanism for implementation of the code of ethical conduct will be in place.<br>5. Code of conduct will emphasize on the rights of women.<br>6. Information dissemination will be made through Union Council excluding intermediaries and registration will be done by officials of Union Council.<br>7. A GO-NGO joint monitoring mechanism will have to be in place.<br>8. They must remain present in the law and order meeting held in Upazila and district level and their accountability will have to be ensured.<br>9. Migration related financial transaction will have to be made with appropriate authority. | » Code of ethical conduct | Mid term | **Leading role**<br>1. MoEW&OE<br><br>**Supporting role**<br>1. MoLPA<br>2. Local Government Division<br>3. MoI<br>4. BMET<br>5. BAIRA<br>6. NGO<br>7. Research Organization |

1 Short term 0-2 years, mid term 0-5 years and long term 0-10 years

| ক্রম | বেইজলাইন | লক্ষ্যমাত্রা | কার্যক্রম | নির্দেশিকা | বাস্তবায়ন মেয়াদ[১] | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|---|
| | প্রচারণা ও সচেতনতা বৃদ্ধিমূলক কর্মসূচিতে ব্যবহারের জন্য ও শ্রম অভিবাসন সংক্রান্ত ভুল ও বিভ্রান্তিকর তথ্য প্রচার রোধে এবং শ্রম অভিবাসন খাতে অনৈতিক কর্মকাণ্ড এবং মধ্যস্বত্বভোগীদের অপকর্ম বন্ধ করার জন্য সংশ্লিষ্ট অংশীজনের সহযোগিতায় সংশ্লিষ্ট প্রচলিত আইন ও বিধিবিধানের সঙ্গে সঙ্গতিপূর্ণ একটি নৈতিক আচরণবিধি প্রণয়ন করা হবে। (নীতি নির্দেশনা ২.৩.৩) | | | | | |
| ২৪ | বর্তমানে কোন নৈতিক আচরণবিধি নেই। | রিক্রুটিং এজেন্টদের জন্য নৈতিক আচরণবিধি চালু করা হবে। | ১. সংশ্লিষ্ট অংশীজনের সহযোগিতায় সংশ্লিষ্ট প্রচলিত আইন ও বিধিবিধানের সঙ্গে সঙ্গতিপূর্ণ একটি নৈতিক আচরণবিধি প্রণয়ন করা হবে।<br>২. নৈতিক আচরণবিধি অনুসরণের জন্য ব্যপক সচেতনতামূলক কর্মসূচি গ্রহণ করা হবে।<br>৩. নৈতিক আচরণবিধিকে বিধিমালাতে অন্তর্ভুক্ত করা হবে।<br>৪. নৈতিক আচরণবিধি বাস্তবায়নের ক্ষেত্রে যথার্থ মনিটরিং করা হবে।<br>৫. নারী অধিকারের বিষয়টিকে গুরুত্ব দিয়ে নৈতিক আচরণবিধি প্রণয়ন করা হবে।<br>৬. মধ্যস্বত্ত্বভোগীকে বাদ দিয়ে ইউনিয়ন পরিষদের মাধ্যমে তথ্যগুলো প্রচার এবং ইউনিয়ন পরিষদের সরকারি কর্মকর্তাদের মাধ্যমে নিবন্ধনের ব্যবস্থা করা হবে।<br>৭. স্থানীয় পর্যায়ে সরকারি- বেসরকারি সংস্থার সমন্বয়ের মাধ্যমে একটি মনিটরিং ব্যবস্থা চালু থাকতে হবে।<br>৮. উপজেলা ও জেলা আইন শৃঙ্খলা বিষয়ক সভাগুলোতে তাদের উপস্থিতি এবং জবাবদিহিতার ব্যবস্থা থাকতে হবে।<br>৯. অভিবাসন বিষয়ক আর্থিক লেনদেন যথাযথ কর্তৃপক্ষের এর সাথে করতে হবে। | » নৈতিক আচরণবিধি | মধ্যমেয়াদী | **মূল দায়িত্ব**<br>১. প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়<br><br>**সহযোগী**<br>১. আইন ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়<br>২. স্থানীয় সরকার বিভাগ<br>৩. তথ্য মন্ত্রণালয়<br>৪. বিএমইটি<br>৫. বায়রা<br>৬. এনজিও<br>৭. গবেষণা প্রতিষ্ঠান |

১ স্বল্পমেয়াদী ০-২ বছর পর্যন্ত, মধ্যমেয়াদী ০-৫ বছর পর্যন্ত এবং দীর্ঘমেয়াদী ০-১০ বছর পর্যন্ত

| SL No | Baseline | Target | Activities/Intervention | Means of Verification | Implementing Period [1] | Implementing Partners |
|---|---|---|---|---|---|---|
| | In order for ensuring the currently available pre-departure services for migrant workers, progress of One-stop Service centres with respect to areas of work, trends, gender sensitivity and facts related to countries of destination etc concerned with current migration management, will be regularly reviewed. Apart from enriching the subjects of pre-departure briefing and increasing duration of time, separate briefing for workers belonging to separate vocation will be arranged. (Policy Directives 2.3.4) | | | | | |
| **25** | At present, some pre-departure briefing manual, made separately based on destination countries and vocations, have been made available and they are in use. | Existing one-stop service centres will be made gender sensitive. | 1. Steps will be taken to upgrade one-stop centres in order for ensuring the existing pre-departure services and facilities.<br>2. Subject matter of pre-departure briefing will be regularly reviewed.<br>3. Separate pre-departure briefing manuals, based on destination countries, vocation and gender, will be introduced.<br>4. Pre-departure briefing will be given at field level.<br>5. Arrangement will be made for coordination with the One-stop Crisis Centres (OCC) under the Department of Women Affairs.<br>6. Briefing will be based on various audio-visual and interactive tools and proper demonstration will be staged before completion of training.<br>7. Returnee migrants will be inducted as resource persons for pre-departure briefing.<br>8. Professional males and females will be given an opportunity to share their experiences. | » Service available in One-stop Centres.<br>» Manual for pre-departure briefing. | Long term | **Leading role**<br>1. MoEW&OE<br><br>**Supporting role**<br>1. Ministry of Information<br>2. MoW&CW<br>3. BMET<br>4. Wage Earners' Welfare Board<br>5. BAIRA<br>6. NGO |

1 Short term 0-2 years, mid term 0-5 years and long term 0-10 years

| ক্রম | বেইজলাইন | লক্ষ্যমাত্রা | কার্যক্রম | নির্দেশিকা | বাস্তবায়ন মেয়াদ[১] | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|---|
| | অভিবাসী কর্মীদের জন্য বর্তমানে প্রচলিত প্রাক-বহির্গমন সেবা ও সুযোগ নিশ্চিত করতে ওয়ান-স্টপ সেবাকেন্দ্রগুলোর অগ্রগতি এবং অভিবাসনের ক্রমবর্ধমান ধারার সাথে তাদের সংশ্লিষ্ট কাজের ক্ষেত্র ও গতি, লিঙ্গ-সংবেদনশীলতা ও গন্তব্য-দেশসংক্রান্ত তথ্যভিত্তিক পর্যালোচনা এবং প্রাক-বহির্গমন ব্রিফিং-এর বিষয়বস্তু নিয়মিতভাবে পর্যালোচনা করা হবে। প্রাক-বহির্গমন ব্রিফিং-এর প্রতিপাদ্য বিষয় সমৃদ্ধকরণ ও ব্যাপ্তিকাল বৃদ্ধি করা ছাড়াও ভিন্ন ভিন্ন পেশার শ্রমিকদের জন্য পৃথকভাবে ভিন্ন ব্রিফিং সেশন এর ব্যবস্থা করা হবে। (নীতি নির্দেশনা ২.৩.৪) | | | | | |
| ২৫ | বর্তমানে কয়েকটি গন্তব্যদেশ ভিত্তিক এবং পেশা ভিত্তিক প্রাক-বহির্গমন ব্রিফিং-এর প্রশিক্ষণ নির্দেশিকা প্রণয়ন করা হয়েছে এবং তা ব্যবহার করা হয়। | বিদ্যমান ওয়ান-স্টপ সেবাকেন্দ্রগুলোকে নারী পুরুষ সম্পর্ক সংবেদনশীল করে গড়ে তোলা হবে। | ১. প্রচলিত প্রাক-বহির্গমন সেবা ও সুযোগ নিশ্চিত করতে ওয়ান-স্টপ সেবাকেন্দ্রগুলোর মানউন্নয়নের জন্য পদক্ষেপ গ্রহণ করা হবে।<br>২. প্রাক-বহির্গমন ব্রিফিং-এর বিষয়বস্তু নিয়মিতভাবে পর্যালোচনা করা হবে।<br>৩. পেশা, নারী পুরুষ সম্পর্ক জোরদার এবং গন্তব্যদেশ ভিত্তিক প্রাক-বহির্গমন ব্রিফিং প্রণয়ন করা হবে।<br>৪. মাঠ পর্যায়ে প্রাক-বহির্গমন ব্রিফিং-এর ব্যবস্থা করা হবে।<br>৫. মহিলা বিষয়ক অধিদপ্তরের অধীন ওয়ান স্টপ ক্রাইসিস সেন্টারের সাথে একটি সমন্বয়ের ব্যবস্থা করতে হবে।<br>৬. ব্রিফিং-এ অডিও-ভিডিও তথ্যচিত্র ও পারস্পরিক অংশগ্রহণমূলক প্রশিক্ষণ উপকরণ ব্যবহার করা হবে। এছাড়াও ব্যবহারিক প্রশিক্ষণের সময় হাতে-কলমে প্রদর্শন করে দেখাতে হবে।<br>৭. প্রাক-বহির্গমন ব্রিফিং-এ বিশেষজ্ঞ হিসেবে ফিরে আসা কর্মীদের যুক্ত করতে হবে।<br>৮. পেশাভিত্তিক নারী-পুরুষের বাস্তব অভিজ্ঞতা তুলে ধরার সুযোগ দিতে হবে। | » ওয়ান-স্টপ সেবাসমূহ<br>» প্রাক-বহির্গমন ব্রিফিং-এর ম্যানুয়্যাল | দীর্ঘমেয়াদী | **মূল দায়িত্ব**<br>১. প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়<br><br>**সহযোগী**<br>১. তথ্য মন্ত্রণালয়<br>২. মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়<br>৩. বিএমইটি<br>৪. ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড<br>৫. বায়রা<br>৬. এনজিও |

১ স্বল্পমেয়াদী ০-২ বছর পর্যন্ত, মধ্যমেয়াদী ০-৫ বছর পর্যন্ত এবং দীর্ঘমেয়াদী ০-১০ বছর পর্যন্ত

| SL No | Baseline | Target | Activities/Intervention | Means of Verification | Implementing Period [1] | Implementing Partners |
|---|---|---|---|---|---|---|
| | The Wage Earners' Welfare Rules currently in force will, if necessary, be modified in order for reinvigorating activities of the Welfare Board constituted for the welfare of the migrant workers. In addition to that, feasibility study will be conducted to examine whether arrangements of additional social protection, protection of maternal rights, insurance coverage for migrants and their family members can be made a part of the welfare activities. Avenues to expand the funds of the Board will explored, for instance funding from the budget of the government, recruitment agent fee, donations from non government organisations and development partners. (Policy Directives 2.3.5) | | | | | |
| **26** | The Wage Earners' Welfare Board Act, 2018 is in force since 29 July, 2018. | Rules under Wage Earners' Welfare Board Act, 2018, will be framed. | 1. In order for implementation of the Wage Earners' Welfare Board Act, 2018, organizational reform of the Wage Earners' Welfare Board will be undertaken for strengthening its welfare activities.<br>2. In order for increasing the scope of welfare for the migrant workers, arrangements will be made for additional social protection, protection of maternal rights, insurance coverage for migrants and their family members.<br>3. Fund of the Welfare Board will be increased by accepting budgetary allocation from the Govt., private organizations and donors but with due care and scrutiny in any other case except the Government.<br>4. Arrangement of financial and other support from the Welfare Fund for those destitute female migrants who come back home.<br>5. Formation of a committee which includes NGO representatives, to monitor the arrangement and management of funds for the protection of migrants and their families | » The Wage Earners' Welfare Board Act, 2018,<br>» Activities and reports of the Wage Earners' Welfare Board. | Mid term | **Leading role**<br>1. MoEW&OE<br><br>**Supporting role**<br>1. MoL&J,<br>2. Wage Earners' Welfare Board<br>3. BMET<br>4. BAIRA<br>5. NGO<br>6. Development Partners |

1 Short term 0-2 years, mid term 0-5 years and long term 0-10 years

| ক্রম | বেইজলাইন | লক্ষ্যমাত্রা | কার্যক্রম | নির্দেশিকা | বাস্তবায়ন মেয়াদ[১] | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|---|
| | অভিবাসী কর্মীদের কল্যাণের লক্ষ্যে গঠিত ওয়েজ আর্নার্স কল্যাণ তহবিলের কার্যক্রমকে আরো জোরদার ও ব্যাপক করার লক্ষ্যে প্রয়োজনে বিদ্যমান ওয়েজ আর্নার্স কল্যাণ তহবিল বিধিমালা সংশোধন বা পরিমার্জন করা হবে। এ ছাড়াও তহবিলের অধীন গৃহীত কল্যাণমূলক কার্যক্রমের মধ্যে কর্মীদের জন্য বাড়তি সামাজিক সুরক্ষা, মাতৃত্বকালীন অধিকার রক্ষা, তাদের ও পরিবারের সদস্যদের জন্য বীমার সুবিধা ইত্যাদি বিষয় অন্তর্ভুক্তির সম্ভাব্যতা যাচাই করা হবে। তহবিলের অর্থ বৃদ্ধির পন্থা, যেমন- সরকারি বাজেট থেকে থোক বরাদ্দ, বেসরকারি প্রতিষ্ঠানের অনুদান, রিক্রুটমেন্ট এজেন্ট ফি এবং উন্নয়ন-সহযোগীদের অনুদান ইত্যাদি পর্যালোচনা করা হবে। (নীতি নির্দেশনা ২.৩.৫) | | | | | |
| ২৬ | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড আইন ২০১৮ কার্যকর রয়েছে ২৯ জুলাই ২০১৮ থেকে। | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড আইন ২০১৮ এর অধীনে বিধিমালা প্রণয়ন করা হবে। | ১. ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড আইন ২০১৮ বাস্তবায়নে প্রয়োজনে ওয়েজ আর্নার্স কল্যাণ তহবিলের প্রাতিষ্ঠানিক সংস্কারের মাধ্যমে কল্যাণ কর্মসূচি জোরদার করা হবে।<br>২. কল্যাণ কর্মসূচির ব্যাপকতা বৃদ্ধির উদ্দেশ্যে কর্মীদের জন্য বাড়তি সামাজিক সুরক্ষা, মাতৃত্বকালীন অধিকার রক্ষা, তাদের ও পরিবারের সদস্যদের জন্য বীমার সুবিধা ইত্যাদি বিষয় অন্তর্ভুক্তির সম্ভাব্যতা যাচাই করা হবে।<br>৩. তহবিলের অর্থ বৃদ্ধির পন্থা, যেমন - সরকারি বাজেট থেকে থোক বরাদ্দ, বেসরকারি প্রতিষ্ঠানের অনুদান (যেমন: রিক্রুটমেন্ট এজেন্ট ফি) এবং দাতা-সহযোগীদের অনুদান ইত্যাদি যাচাই বাছাই এর মাধ্যমে তহবিল বৃদ্ধি করা হবে।<br>৪. অভিবাসী এবং তাদের পরিবারের সুরক্ষার জন্য তহবিল এবং তাদের কার্যক্রম সঠিকভাবে পরিচালিত হচ্ছে কিনা সেটি মনিটরিং-এর জন্য একটি কমিটি করা হবে এবং সেখানে এনজিও প্রতিনিধি অন্তর্ভুক্ত থাকবে।<br>৫. যেসকল নারী কর্মী বিদেশ থেকে নির্যাতিত হয়ে ফেরত আসে তাদের জন্য কল্যাণ তহবিল থেকে আর্থিক ও অন্যান্য সহায়তার ব্যবস্থা করা। | » ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড আইন ২০১৮<br>» ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের কার্যক্রম প্রতিবেদন | মধ্যমেয়াদী | **মূল দায়িত্ব**<br>১. প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়<br><br>**সহযোগী**<br>১. আইন মন্ত্রণালয়<br>২. ওয়েজ আর্নার্স কল্যাণ বোড<br>৩. বিএমইটি<br>৪. বায়রা<br>৫. এনজিও<br>৬. উন্নয়ন সহযোগী সংস্থা |

১ স্বল্পমেয়াদী ০-২ বছর পর্যন্ত, মধ্যমেয়াদী ০-৫ বছর পর্যন্ত এবং দীর্ঘমেয়াদী ০-১০ বছর পর্যন্ত

| SL No | Baseline | Target | Activities/Intervention | Means of Verification | Implementing Period [1] | Implementing Partners |
|---|---|---|---|---|---|---|
| | Soft loan at low interest will be arranged for defraying the cost of migration and source of finance will be searched. Policy will be in place so that aspirant migrants can obtain soft loan from commercial banks, both public and private, NGOs and other financial organizations. (Policy Directives 2.3.6) | | | | | |
| **27** | Probashi Kollyan Bank offers soft loan at reduced rate of interest and on easy terms and conditions in a limited scale. | Various types of soft loan with minimum interest rate and on easy terms and condition will be made available. | 1. Various types of soft loan schemes of Porbashi Kollyan Bank will be made available.<br>2. Advocacy will be carried out so that other commercial banks take up similar schemes on soft loan for the migrant workers.<br>3. Attempts will be made for soft loans for women migrants at much lower rate (0%) and on easy terms and conditions. | » Frequency of loans sanctioned for migrant workers. | Mid term | **Leading role**<br>1. MoEW&OE<br>**Supporting role**<br>1. Probashi Kollyan Bank<br>2. Bangladesh Bank<br>3. Financial Institutions Division |

1 Short term 0-2 years, mid term 0-5 years and long term 0-10 years

| ক্রম | বেইজলাইন | লক্ষ্যমাত্রা | কার্যক্রম | নির্দেশিকা | বাস্তবায়ন মেয়াদ[১] | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|---|
| | শ্রম অভিবাসন ব্যয় নির্বাহের জন্য স্বল্প সুদে ও সহজ শর্তে ঋণের সুবিধা এবং অর্থ যোগানের খাত অনুসন্ধান করা হবে। আগ্রহী বা সম্ভাব্য কর্মীসহ যেকোনো অভিবাসী কর্মী যেন সরকারি ও বেসরকারি বাণিজ্যিক ব্যাংক, এনজিও এবং অন্যান্য আর্থিক প্রতিষ্ঠানের নিকট হতে স্বল্প সুদ ও সহজ শর্তে ঋণ পেতে পারে সে লক্ষ্যে নীতিগত ব্যবস্থা গ্রহণ করা হবে। (নীতি নির্দেশনা ২.৩.৬) | | | | | |
| ২৭ | প্রবাসী কল্যাণ ব্যাংক বর্তমানে স্বল্প সুদে ও সহজ শর্তে সীমিত আকারে ঋণ প্রদান করছে। | স্বল্প সুদে ও সহজ শর্তে বিভিন্ন ঋণের স্কিম প্রবর্তন করা হবে। | ১. প্রবাসী কল্যাণ ব্যাংক এর স্বল্প সুদে ও সহজ শর্তে বিভিন্ন ঋণের স্কিম কার্যক্রম কে আরো জোরদার করা হবে।<br>২. অন্যান্য বাণিজ্যিক ব্যাংকগুলো যেন অভিবাসী কর্মীদের জন্য অনুরূপ সিদ্ধান্ত গ্রহণ করে সে লক্ষ্যে এডভোকেসি করা হবে।<br>৩. নারী অভিবাসীদের জন্য আরও কম সুদে (০%) ও সহজ শর্তে ঋণ দেয়ার প্রচেষ্টা নেয়া হবে। | » অভিবাসন ঋণের হার | মধ্যমেয়াদী | **মূল দায়িত্ব**<br>১. প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়<br><br>**সহযোগী**<br>১. প্রবাসী কল্যাণ ব্যাংক<br>২. বাংলাদেশ ব্যাংক<br>৩. আর্থিক প্রতিষ্ঠান বিভাগ |

১ স্বল্পমেয়াদী ০-২ বছর পর্যন্ত, মধ্যমেয়াদী ০-৫ বছর পর্যন্ত এবং দীর্ঘমেয়াদী ০-১০ বছর পর্যন্ত

| SL No | Baseline | Target | Activities/Intervention | Means of Verification | Implementing Period [1] | Implementing Partners |
|---|---|---|---|---|---|---|
| | An action plan will be adopted for the purpose of offering education and health facilities and cooperation and services of various types to the children and family members of migrant workers with direct support of various stakeholders involved with migrant workers. A feasibility study will be conducted for incorporating the families of migrant workers in the social safety network. (Policy Directives 2.3.7) | | | | | |
| **28** | Currently, children of migrant workers are awarded scholarship from the fund of the Wage Earners Welfare Board. | Arrangements will be made for providing various types of services related to education and health to the children and family members of migrant workers. | 1. An action plan will be prepared for the purpose of offering education and health facilities and cooperation and services of various types to the children and family members of migrant workers with direct support of various stakeholders involved with migrant workers.<br>2. New welfare services, consistent with the plan of action, will be devised and implemented.<br>3. It will be modified and evaluated from time to time in accordance with the changing requirement.<br>4. Special scholarship program will be in place for the children of female migrant workers.<br>5. Welfare issue for the children of migrant workers will have to be included in the social safety network.<br>6. Children of migrants' families will be given preference for trainings related with income generation and IT.<br>7. Paying special attention to resolve the housing problem of the migrant workers.<br>8. Increase partnership to identify the fields and needs for social protection of the migrant workers and their families, in future developing a social protection poling and strategy in this regard.<br>9. Effective participation in ongoing and inter ministerial meetings for including migrant workers and their families into social protection policy measures and mechanisms.<br>10. Various initiatives will be taken for the welfare of those children of the migrant workers, especially of the female migrant workers, who are left at home. | » Welfare Activities. | Long term | **Leading role**<br>1. MoEW&OE<br><br>**Supporting role**<br>1. MoSW<br>2. Ministry of Women Children Affairs<br>3. Wage Earners' Welfare Board<br>4. Probashi Kollyan Bank<br>5. National Housing Authority. |

1 Short term 0-2 years, mid term 0-5 years and long term 0-10 years

| ক্রম | বেইজলাইন | লক্ষ্যমাত্রা | কার্যক্রম | নির্দেশিকা | বাস্তবায়ন মেয়াদ[১] | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|---|
| | অভিবাসী কর্মীদের সন্তানদের শিক্ষা ও স্বাস্থ্যসংক্রান্ত সুবিধা প্রদানসহ তাদের পরিবারের সদস্যদের বিভিন্নমুখী সহযোগিতা ও সেবা প্রদানের লক্ষ্যে শ্রম অভিবাসন সংক্রান্ত বিভিন্ন অংশীজনের প্রত্যক্ষ সহযোগিতায় একটি কর্ম-পরিকল্পনা গ্রহণ করা হবে। অভিবাসী কর্মীদের পরিবারের সদস্যদের সামাজিক নিরাপত্তা বলয়ে (সোস্যাল সেফটি নেট) অন্তর্ভুক্তির সম্ভাব্যতা যাচাই করা হবে। (নীতি নির্দেশনা ২.৩.৭) | | | | | |
| ২৮ | বর্তমানে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের তহবিল থেকে অভিবাসী কর্মীদের সন্তানদের শিক্ষার জন্য বৃত্তি প্রদান করা হয়ে থাকে। | অভিবাসী কর্মীদের সন্তান ও পরিবারের অন্যসদস্যদের শিক্ষা ও স্বাস্থ্য সংক্রান্ত বিভিন্নমুখী সেবা প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হবে। | ১. অভিবাসী কর্মীদের সন্তানদের শিক্ষা ও স্বাস্থ্য সংক্রান্ত সুবিধা প্রদানসহ তাদের পরিবারের সদস্যদের বিভিন্নমুখী সহযোগিতা ও সেবা প্রদানের লক্ষ্যে শ্রম অভিবাসন সংক্রান্ত বিভিন্ন অংশীজনের প্রত্যক্ষ সহযোগিতায় একটি কর্ম-পরিকল্পনা গ্রহণ করা হবে।<br>২. কর্ম পরিকল্পনা যাচাই বাছাই করে কল্যাণমূলক নতুন নতুন সেবাসমূহ বাস্তবায়ন করা হবে।<br>৩. পরিবর্তিত চাহিদার ভিত্তিতে সময় সময় তা পরিমার্জন ও মূল্যায়ন করা হবে।<br>৪. অভিবাসী নারী কর্মীদের সন্তানদের জন্য বিশেষ বৃত্তির ব্যবস্থা করা হবে।<br>৫. সামাজিক নিরাপত্তা কৌশল এর আওতায় অভিবাসী কর্মীর সন্তানদের কল্যাণের বিষয়টি অন্তর্ভুক্ত করতে হবে।<br>৬. আয়বর্ধক এবং তথ্য-প্রযুক্তি নির্ভর প্রশিক্ষণগুলোতে অভিবাসী কর্মীদের পরিবারের ছেলে-মেয়েকে বিশেষ সুবিধা প্রদান করতে হবে।<br>৭. অভিবাসী কর্মীদের আবাসন সমস্যার উপর বিশেষ দৃষ্টিপাত করা হবে।<br>৮. অভিবাসী কর্মী ও তাদের পরিবারের সদস্যদের সামাজিক সুরক্ষার ক্ষেত্র ও চাহিদাগুলো নির্ধারণের কাজে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সাথে অংশীদারিত্ব জোরদার এবং এই উদ্দেশ্যে ভবিষ্যতে একটি সামাজিক সুরক্ষা নীতি বা কৌশল প্রণয়নের উদ্যোগ গ্রহণ করা হবে।<br>৯. অভিবাসী কর্মী ও তাদের পরিবারের সদস্যদের সামাজিক নিরাপত্তা-ব্যবস্থার আওতাভুক্ত করার লক্ষ্যে চলমান এবং আন্তঃমন্ত্রণালয় সভায় নীতিগত ব্যবস্থা ও প্রক্রিয়াসমূহে কার্যকর অংশগ্রহণ নিশ্চিত করা হবে।<br>১০. অভিবাসী কর্মীদের, বিশেষত নারী কর্মীদের দেশে রেখে যাওয়া শিশু সন্তানদের কল্যাণে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করা হবে। | » কল্যাণ কর্মসূচি | দীর্ঘমেয়াদী | **মূল দায়িত্ব**<br>১. প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়<br><br>**সহযোগী**<br>১. সমাজ কল্যাণ মন্ত্রণালয়<br>২. মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়<br>৩. ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড<br>৪. প্রবাসী কল্যাণ ব্যাংক<br>৫. জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ |

১ স্বল্পমেয়াদী ০-২ বছর পর্যন্ত, মধ্যমেয়াদী ০-৫ বছর পর্যন্ত এবং দীর্ঘমেয়াদী ০-১০ বছর পর্যন্ত

| SL No | Baseline | Target | Activities/Intervention | Means of Verification | Implementing Period [1] | Implementing Partners |
|---|---|---|---|---|---|---|
| | Steps will be taken for making available for migrant workers, at the time of departure and upon their return home, all type of health check-up facilities and treatment of all transmittable diseases including HIV & AIDS at a very low cost maintaining strict confidentiality. (Policy Directives 2.3.8) | | | | | |
| **29** | No such service is currently available. | Making available to returnee migrants all types of health & medical services at a low cost. | 1. Steps will be taken for making available to migrant workers all type of health and medical services at a low cost at the time of departure and upon their return home.<br>2. Treatment of all transmittable diseases including HIV & AIDS will be given to the returnee migrant seriously maintaining strict confidentiality.<br>3. These patients should be given treatment for the purpose of cure without paying heed to negative aspects, if any.<br>4. Help of trauma centre will be taken for the purpose of maintaining mental balance of female victims of HIV.<br>5. Arranging free of cost treatment of AIDS victims in Govt. health facilities.<br>6. Assistance for social and family integration for returned women workers | » Arrangement of medical treatment for migrant workers. | Long term | **Leading role**<br>1. MoEW&OE<br><br>**Supporting role**<br>1. Health Services Division, MoH&FW,<br>2. Ministry of Women and Children Affairs. |

1 Short term 0-2 years, mid term 0-5 years and long term 0-10 years

| ক্রম | বেইজলাইন | লক্ষ্যমাত্রা | কার্যক্রম | নির্দেশিকা | বাস্তবায়ন মেয়াদ[১] | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|---|
| | অভিবাসী কর্মীদের বিদেশ যাত্রাকালে ও বিদেশ হতে প্রত্যাবর্তনের সাথে সাথে কম খরচে সবধরনের স্বাস্থ্যগত ও চিকিৎসা সংক্রান্ত অন্যান্য সুবিধা, বিশেষতঃ এইচআইভি বা এইডসসহ অন্যান্য সংক্রমনযোগ্য রোগের চিকিৎসা গুরুত্বের সাথে এবং গোপনীয়তা বজায় রেখে সম্পন্ন করার ব্যবস্থা নেয়া হবে। (নীতি নির্দেশনা ২.৩.৮) | | | | | |
| ২৯ | এ ধরণের কোন সেবা বর্তমানে চালু নেই। | প্রত্যাবর্তিত কর্মীর প্রত্যাবর্তনের সাথে সাথে কম খরচে সবধরনের স্বাস্থ্যগত ও চিকিৎসাসংক্রান্ত সেবা প্রদানের ব্যবস্থা গ্রহণ। | ১. অভিবাসী কর্মীদের বিদেশ যাত্রাকালে ও বিদেশ হতে প্রত্যাবর্তনের সাথে সাথে কম খরচে সবধরনের স্বাস্থ্যগত ও চিকিৎসা সংক্রান্ত সেবা প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হবে।<br>২. এইচআইভি বা এইডসসহ অন্যান্য সংক্রমনযোগ্য রোগের চিকিৎসা গুরুত্বের সাথে এবং গোপনীয়তা বজায় রেখে প্রত্যাবর্তিত কর্মীদের সেবা প্রদান করা হবে।<br>৩. এ সকল রোগের নেতিবাচক দিকগুলো না দেখে রোগ নিরাময়ের ব্যবস্থা করতে হবে।<br>৪. এইচ আই ভি আক্রান্ত নারী অভিবাসীদের মানসিক ভারসাম্য আনতে ট্রমা সেন্টারের সাহায্য নেয়া।<br>৫. সরকারি স্বাস্থ্যসেবা কেন্দ্রগুলোতে এইডস রোগীদের জন্য বিনামূল্যে চিকিৎসার ব্যবস্থা করা।<br>৬. প্রত্যাগত নারী কর্মীদের সমাজে ও পরিবারে অঙ্গীভূত করার লক্ষ্যে সহযোগিতামূলক পদক্ষেপ গ্রহণ। | » অভিবাসী কর্মীর চিকিৎসা ব্যবস্থা | দীর্ঘমেয়াদী | **মূল দায়িত্ব**<br>১. প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়<br><br>**সহযোগী**<br>১. স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়<br>২. মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় |

১ স্বল্পমেয়াদী ০-২ বছর পর্যন্ত, মধ্যমেয়াদী ০-৫ বছর পর্যন্ত এবং দীর্ঘমেয়াদী ০-১০ বছর পর্যন্ত

| SL No | Baseline | Target | Activities/Intervention | Means of Verification | Implementing Period [1] | Implementing Partners |
|---|---|---|---|---|---|---|
| | An action plan, under a 'Comprehensive Welfare Program', will be taken for the purpose of rehabilitation and reintegration of the poor and destitute returnee migrants in the society with cooperation of stakeholder organizations that work at district and regional level. (Policy Directives 2.3.9) | | | | | |
| **30** | Currently, there is no reintegration program in place. | An action plan will be taken for the purpose of social rehabilitation and reintegration of the poor and destitute returnee migrants | 1. A 'Comprehensive Welfare Program' will be prepared with cooperation from all stakeholder organizations that work at district and regional level.<br>2. There will be arrangements for registration of returnee migrants.<br>3. For the purpose of reintegration of the returnee migrants, a reintegration program or plan of action will be chalked out.<br>4. Document lessons learnt from the programs and research on the return of women migrant workers and develop effective programs accordingly.<br>5. Development and implantation of plans jointly by MoEW&OE and MoL&E for the social integration of all returnee migrant worker.<br>6. MoEW&OE, MoL&E and MoWCA develop together a policy framework for the women migrants including those who have returned and for those who have returned with health problems, occupational health hazards or disability.<br>7. Rehabilitate and re-integrate returned women and men migrant workers through 'cooperatives' Provide assistance<br>8. Provide tax benefits to returned women and men migrant workers to encourage local business entrepreneurship<br>9. Identify the factors for rural to urban migration and address them by inclusion into the five year plans, and the socio development and cultural plans of the Union Parishad, Upazila Parishad and Zila Parishad<br>10. Bring migrant workers and specially returned workers into inclusive economic benefits | » Reintegration Program | Long term<br>Mid term | **Leading role**<br>1. MoEW&OE<br><br>**Supporting role**<br>1. MoL & E<br>2. Ministry of Women and Children Affairs<br>3. MoHA<br>4. MoCA & T<br>5. MoSW<br>6. Local Government & RDCD<br>7. Finance Institutions Division<br>8. Wage Earners' Welfare Board,<br>9. BMET |

1 Short term 0-2 years, mid term 0-5 years and long term 0-10 years

| ক্রম | বেইজলাইন | লক্ষ্যমাত্রা | কার্যক্রম | নির্দেশিকা | বাস্তবায়ন মেয়াদ[১] | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|---|
| | জেলা ও আঞ্চলিক পর্যায়ে কাজ করছে এমন প্রতিষ্ঠানসহ সকল অংশীজনের সহযোগিতায় 'সামগ্রিক কল্যাণমূলক কর্মসূচি'র আওতায় দুঃস্থ ও দুর্দশাগ্রস্ত প্রত্যাগত কর্মীদের পুনর্বাসন ও সমাজে পুনঃএকত্রীকরণের লক্ষ্যে একটি কার্য-ব্যবস্থা গ্রহণ করা হবে। (নীতি নির্দেশনা ২.৩.৯) | | | | | |
| ৩০ | পুনঃএকত্রীকরণের কোন কার্যক্রম বর্তমানে নাই। | দুঃস্থ ও দুর্দশাগ্রস্ত প্রত্যাগত কর্মীদের পুনর্বাসন ও সমাজে পুনঃএকত্রীকরণের লক্ষ্যে একটি কার্য-ব্যবস্থা গ্রহণ করা হবে। | ১. জেলা ও আঞ্চলিক পর্যায়ে কাজ করছে এমন প্রতিষ্ঠানসহ সকল অংশীজনের সহযোগিতায় 'সামগ্রিক কল্যাণমূলক কর্মসূচি' গ্রহণ করা হবে।<br>২. প্রত্যাগত কর্মীদের নিবন্ধনের ব্যবস্থা গ্রহণ করা হবে।<br>৩. প্রত্যাগত কর্মীদের পুনঃএকত্রীকরণের জন্য পুনঃএকত্রীকরণ কর্মসূচি বা কর্ম পরিকল্পনা গ্রহণ করা হবে।<br>৪. নারী কর্মীদের প্রত্যাবর্তনে যেসকল কর্মসূচি বাস্তবায়ন করা হয়েছে এবং গবেষণা করা হয়েছে; সে অভিজ্ঞতা থেকে শিক্ষণীয় বিষয় সংগ্রহ করে কার্যকর কর্মসূচি গ্রহণ করা হবে।<br>৫. প্রত্যাগত কর্মীসহ সব অভিবাসী কর্মীর সামাজিক-একীকরণ কার্যক্রমে প্রবাসীকল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এবং শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের মাধ্যমে যৌথভাবে বিভিন্ন পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন করা হবে।<br>৬. প্রত্যাগত নারী কর্মীসহ সব অভিবাসী নারী কর্মী এবং স্বাস্থ্যগত সমস্যা, পেশাগত রোগ-ব্যাধি ও প্রতিবন্ধিতা নিয়ে দেশে ফেরা কর্মীদের সামাজিক কল্যাণের জন্য একটি নীতিগত কাঠামো নিরূপণে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এবং মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের সাথে কাজ করা।<br>৭. প্রবাস ফেরত অভিবাসী নারী ও পুরুষ কর্মীদের 'সমবায়' এর মাধ্যমে সমাজে পুনঃপ্রতিষ্ঠা বা পুনর্বাসনে সহায়তা প্রদান।<br>৮. স্থানীয় পর্যায়ে ব্যবসা-উদ্যোগকে উৎসাহিতকরণের লক্ষ্যে সম্ভাব্য ক্ষেত্রে প্রত্যাগত অভিবাসী নারী ও পুরুষ কর্মীদের কর সুবিধা প্রদানের ব্যবস্থা গ্রহণ।<br>৯. গ্রামাঞ্চল থেকে অভিবাসনের মূল কারণগুলো চিহ্নিত করে সেগুলো পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা ও ইউনিয়ন, উপজেলা ও জেলা পরিষদভিত্তিক আর্থ-সামাজিক ও সাংস্কৃতিক উন্নয়ন কর্মসূচির সাথে অন্তর্ভুক্ত করে সমাধানের চেষ্টা করা।<br>১০. অভিবাসী কর্মীদের, বিশেষত প্রত্যাগতদের, অন্তর্ভুক্তিমূলক আর্থিক সুবিধার আওতায় নিয়ে আসা। | » রিইনটিগ্রেশন কর্মসূচি | দীর্ঘমেয়াদী<br>মধ্যমেয়াদী | **মূল দায়িত্ব**<br>১. প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়<br><br>**সহযোগী**<br>১. শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়<br>২. মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়<br>৩. স্বরাষ্ট্র মন্ত্রণালয়<br>৪. বেসামরিক বিমান চলাচল ও পর্যটন মন্ত্রণালয়<br>৫. সমাজকল্যাণ মন্ত্রণালয়<br>৬. স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়<br>৭. আর্থিক প্রতিষ্ঠান বিভাগ<br>৮. ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড<br>৯. বিএমইটি |

১ স্বল্পমেয়াদী ০-২ বছর পর্যন্ত, মধ্যমেয়াদী ০-৫ বছর পর্যন্ত এবং দীর্ঘমেয়াদী ০-১০ বছর পর্যন্ত

| SL No | Baseline | Target | Activities/Intervention | Means of Verification | Implementing Period [1] | Implementing Partners |
|---|---|---|---|---|---|---|
| | Labour Welfare Resource Centres with required resources and manpower will be set up and thereby, roles of Labour Welfare Officials and Labour Welfare Wings will be strengthened and their activities will be spread in diverse areas. Moreover, for the purpose of making these centres very effective, a coordinated management mechanism will be devised with participation of, and cooperation from, various public, private organizations, NGOs and development partners. (Policy Directives 2.3.10) | | | | | |
| 31 | Currently, there is no such labour welfare resources centre in place. | Labour Welfare Resource Centres will be established. | 1. Labour Welfare Wings of Bangladesh Missions abroad will be given required budgetary allocations.<br>2. Every Labour Welfare Wing will prepare action plan for annual welfare services and implementation thereof.<br>3. Labour Welfare Resource Centres with required resources and manpower will have to be established.<br>4. Organizational capabilities of Labour Welfare Wings will have to be greatly increased.<br>5. A coordinated management mechanism will be devised with participation of, and cooperation from, various public, private organizations, NGOs and development partners.<br>6. A separate desk for female migrant workers will be established in the Labour Welfare Wings.<br>7. Work towards increasing the allocated budget for the development and protection of migrant workers according to the principles of the overseas Employment Policy 2016<br>8. Support with required human and financial resources for the labour wings in the missions of the destination countries.<br>9. Provided assistance to set up, labour wings provided labour attaches and assistance for resource centers. | » Evaluation of the activities of Labour Welfare Wings.<br>» Act related to Labour Welfare Resource centre. | Long term<br>Mid term | **Leading role**<br>1. MoEW&OE<br>**Supporting role**<br>1. MoFA<br>2. MoPA<br>3. Finance Division<br>4. Development Partners |

1 Short term 0-2 years, mid term 0-5 years and long term 0-10 years

| ক্রম | বেইজলাইন | লক্ষ্যমাত্রা | কার্যক্রম | নির্দেশিকা | বাস্তবায়ন মেয়াদ[১] | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|---|
| | প্রয়োজনীয় সম্পদ ও জনবল বৃদ্ধির ব্যবস্থাসহ শ্রমকল্যাণ সম্পদ কেন্দ্র প্রতিষ্ঠার মত পদক্ষেপ গ্রহণ করার মাধ্যমে বিভিন্ন দেশে বাংলাদেশ মিশনে কর্মরত শ্রম কল্যাণ কর্মকর্তাদের এবং দূতাবাসের শ্রম উইং-এর ভূমিকা জোরদার এবং তাদের কার্যক্রম বহুমুখী করা হবে। তাছাড়া, এ কেন্দ্রগুলোকে ফলপ্রসূ করে তোলার লক্ষ্যে বিভিন্ন সরকারি ও বেসরকারি সংস্থা, এনজিও এবং উন্নয়ন সহযোগীদের অংশগ্রহণ ও সহযোগিতার মাধ্যমে একটি কার্যকরী সমন্বিত ব্যবস্থাপনা প্রতিষ্ঠা করা হবে। (নীতি নির্দেশনা ২.৩.১০) | | | | | |
| ৩১ | বর্তমানে কোন শ্রমকল্যাণ সম্পদ কেন্দ্র নেই। | শ্রমকল্যাণ সম্পদ কেন্দ্র প্রতিষ্ঠা করা হবে। | ১. বিভিন্ন দেশে বাংলাদেশ মিশনে কর্মরত শ্রম কর্মকর্তাদের এবং দূতাবাসের শ্রম উইংকে প্রয়োজনীয় বাজেট বরাদ্দ বৃদ্ধি করা হবে।<br>২. প্রতিটি শ্রম কল্যাণ উইং কে বার্ষিক কল্যাণ সেবার 'কর্ম পরিকল্পনা' প্রণয়ন করে তা বাস্তবায়ন করতে হবে।<br>৩. প্রয়োজনীয় সম্পদ ও জনবল বৃদ্ধির ব্যবস্থাসহ শ্রমকল্যাণ সম্পদ কেন্দ্র প্রতিষ্ঠা করতে হবে।<br>৪. শ্রম কল্যাণ উইং এর প্রাতিষ্ঠানিক সক্ষমতা বহুগুণে বৃদ্ধি করতে হবে।<br>৫. সরকারি ও বেসরকারি সংস্থা, এনজিও এবং উন্নয়ন সহযোগীদের অংশগ্রহণ ও সহযোগিতার মাধ্যমে একটি কার্যকর সমন্বিত ব্যবস্থাপনা প্রতিষ্ঠা করা হবে।<br>৬. নারী কর্মীদের জন্য শ্রম কল্যাণ উইং গুলোতে একটি পৃথক ডেস্ক এর ব্যবস্থা করা হবে।<br>৭. প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান নীতি ২০১৬' -এ গৃহীত মূলনীতি অনুযায়ী অভিবাসী কর্মীদের সুরক্ষা এবং তাদের উন্নয়নে বাজেটে বরাদ্দকৃত অর্থের প্রবাহ বৃদ্ধির লক্ষ্যে কাজ করা হবে।<br>৮. বিদেশস্থ বাংলাদেশ দূতাবাসসমূহে শ্রম-কল্যাণ উইং সমূহের জন্য প্রয়োজনীয় অর্থ বরাদ্দ ও জনবল নিয়োগে সহায়তা প্রদান করা হবে।<br>৯. প্রয়োজনের নিরিখে বাংলাদেশের দূতাবাসসমূহে শ্রম উইং প্রতিষ্ঠায় সহায়তা প্রদান এবং শ্রম কল্যাণ কর্মকর্তা কিংবা শ্রম উইং ও প্রস্তাবিত শ্রমকল্যাণ সম্পদ কেন্দ্রগুলোকে প্রয়োজনীয় সহযোগিতা ও পরামর্শ প্রদান। | » শ্রম কল্যাণ উইং এর কার্যক্রমের মূল্যায়ন<br>» শ্রমকল্যাণ সম্পদকেন্দ্র প্রতিষ্ঠা সংক্রান্ত আইন/বিধি | দীর্ঘমেয়াদী<br>মধ্যমেয়াদী | **মূল দায়িত্ব**<br>১. প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়<br><br>**সহযোগী**<br>১. পররাষ্ট্র মন্ত্রণালয়<br>২. জনপ্রশাসন মন্ত্রণালয়<br>৩. অর্থ বিভাগ<br>৪. উন্নয়ন সহযোগী সংস্থা |

১ স্বল্পমেয়াদী ০-২ বছর পর্যন্ত, মধ্যমেয়াদী ০-৫ বছর পর্যন্ত এবং দীর্ঘমেয়াদী ০-১০ বছর পর্যন্ত

| SL No | Baseline | Target | Activities/Intervention | Means of Verification | Implementing Period [1] | Implementing Partners |
|---|---|---|---|---|---|---|
| | For the purpose of making self-dependent by tackling of unfamiliar and relatively hostile situations and problems facing migrant workers in countries of destination and for increasing their capacity for helping the newly arriving migrant workers, social network activities among the migrant workers will be strengthened. (Policy Directives 2.3.11) | | | | | |
| **32** | Migrant workers have their associations in destination countries. Still, social network activities are required. | Social network among migrant workers will be developed. | 1. Various programs intended to help build social communication and networking activities among the migrant workers will be adopted.<br>2. Labour Welfare Wings will pave the way for social networking among migrants by preparing a database of migrants.<br>3. Bangladesh Missions abroad will invite migrant workers on the occasion of our national days and at any cultural program arranged.<br>4. Networks between Bangladeshi civil societies and those of GCC will be created so that migrants enjoy support of the civil societies and NGO of countries of destination. | » Social communication or social networks of migrant workers. | Long term | **Leading role**<br>1. MoEW&OE<br><br>**Supporting role**<br>1. MoFA<br>2. Finance Division<br>3. ICT Division<br>4. Labour Welfare Wings |
| | For the purpose of repatriation and, if need arises, shifting of the migrants to another place, and for the purpose of helping in any emergency and precarious situation facing them, a plan of action will be prepared and necessary action will be taken for development of the skills of those who are involved in these activities. Initiative will also be taken for creation of a special fund for repatriation. (Policy Directives 2.3.12) | | | | | |
| **33** | No emergency fund or emergency work plan available. Adhoc fund created when there is a need for emergency response for migrant workers. | Special fund for repatriation will be created. | 1. A special plan of action will be prepared for the purpose of repatriation and, if need arises, shifting of the migrants to another place, and for the purpose of helping them in any emergency and precarious situation facing them.<br>2. Initiative will be taken for creation of a special fund for repatriation. | » Activities of the special fund for repatriation. | Mid term | **Leading role**<br>1. MoEW&OE<br><br>**Supporting role**<br>1. MoFA<br>2. Finance Division<br>3. MoCA & T<br>4. Labour Welfare Wings |

1 Short term 0-2 years, mid term 0-5 years and long term 0-10 years

| ক্রম | বেইজলাইন | লক্ষ্যমাত্রা | কার্যক্রম | নির্দেশিকা | বাস্তবায়ন মেয়াদ[1] | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|---|
| | অভিবাসী কর্মীদের গন্তব্য-দেশে অপরিচিত ও অপেক্ষাকৃত বৈরী পরিবেশ ও বিভিন্ন সমস্যা মোকাবেলায় আত্মনির্ভরশীল করে তোলা এবং বাংলাদেশ হতে নবাগত অভিবাসী কর্মীদের কল্যাণে তাদের সক্ষমতা বাড়ানোর লক্ষ্যে প্রবাসীদের মধ্যে সামাজিক যোগাযোগের বিকাশ ঘটানো হবে। (নীতি নির্দেশনা ২.৩.১১) | | | | | |
| ৩২ | বিভিন্ন দেশে অভিবাসী কর্মীদের বিভিন্ন সংগঠন রয়েছে। | অভিবাসী কর্মীদের সামাজিক যোগাযোগের বিকাশ ঘটানো হবে। | ১. অভিবাসী কর্মীদের সামাজিক যোগাযোগ বা নেটওয়ার্ক প্রতিষ্ঠার জন্য বিভিন্ন সহযোগিতামূলক কার্যক্রম গ্রহণ করা হবে।<br>২. প্রতিটি শ্রম কল্যাণ উইং অভিবাসী কর্মীদের ডাটাবেইজ প্রণয়নের মাধ্যমে তাদের সামাজিক যোগাযোগের পথ সুগম করবে।<br>৩. দূতাবাসগুলো যখন বাংলাদেশের জাতীয় দিবস এবং অন্যান্য সাংস্কৃতিক অনুষ্ঠান উৎযাপন করবে তখন অভিবাসীদের আমন্ত্রণ জানাতে হবে।<br>৪. বাংলাদেশী নাগরিক সমাজ এবং মধ্যপ্রাচ্যের গুলোর নাগরিক সমাজ এর মধ্যে একটি নেটওয়ার্ক সৃষ্টি করতে হবে। যেন অভিবাসীরা সব দেশের নাগরিক সমাজ এবং এনজিও থেকে সহায়তা পায়। | » অভিবাসী কর্মীদের সামাজিক যোগাযোগ বা নেটওয়ার্কসমূহ | দীর্ঘমেয়াদী | **মূল দায়িত্ব**<br>১. প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়<br><br>**সহযোগী**<br>১. পররাষ্ট্র মন্ত্রণালয়<br>২. অর্থ বিভাগ<br>৩. তথ্য ও প্রযুক্তি বিভাগ<br>৪. শ্রম কল্যাণ উইং |
| | অভিবাসী কর্মীদের প্রত্যাবাসন ও প্রয়োজনে অন্যত্র সরিয়ে নেওয়ার সুবিধার্থে এবং জরুরি ও বিপদকালীন অবস্থা মোকাবেলা করার উদ্দেশ্যে অনুসরণীয় কর্মপন্থা প্রণয়ন এবং এ সংক্রান্ত কাজে নিয়োজিতদের দক্ষতা উন্নয়নের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। এ লক্ষ্যে একটি বিশেষ প্রত্যাবাসন তহবিল প্রতিষ্ঠারও উদ্যোগ গ্রহণ করা হবে। (নীতি নির্দেশনা ২.৩.১২) | | | | | |
| ৩৩ | জরুরী অবস্থার জন্য কোনো জরুরী পরিকল্পনা বা তহবিল নেই। শ্রম অভিবাসীদের প্রয়োজনেই অস্থায়ী তহবিল গঠন করা হয়। | বিশেষ প্রত্যাবাসন তহবিল প্রতিষ্ঠা করা হবে। | ১. অভিবাসী কর্মীদের প্রত্যাবাসন ও প্রয়োজনে অন্যত্র সরিয়ে নেওয়ার সুবিধার্থে এবং জরুরি ও বিপদকালীন অবস্থা মোকাবেলা করার উদ্দেশ্যে বিশেষ কর্মপন্থা প্রণয়ন করা হবে।<br>২. এ লক্ষ্যে একটি বিশেষ প্রত্যাবাসন তহবিল প্রতিষ্ঠার উদ্যোগ গ্রহণ করা হবে। | » বিশেষ প্রত্যাবাসন তহবিল এর কার্যক্রম | মধ্যমেয়াদী | **মূল দায়িত্ব**<br>১. প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়<br><br>**সহযোগী**<br>১. পররাষ্ট্র মন্ত্রণালয়<br>২. অর্থ বিভাগ<br>৩. বেসামরিক বিমান চলাচল ও পর্যটন মন্ত্রণালয়<br>৪. শ্রম কল্যাণ উইং |

১ স্বল্পমেয়াদী ০-২ বছর পর্যন্ত, মধ্যমেয়াদী ০-৫ বছর পর্যন্ত এবং দীর্ঘমেয়াদী ০-১০ বছর পর্যন্ত

| SL No | Baseline | Target | Activities/Intervention | Means of Verification | Implementing Period [1] | Implementing Partners |
|---|---|---|---|---|---|---|
| | A fund will be created for offering legal aid to migrant workers in the event of their arrest, litigation and social problems and any legal proceedings. Effective provisions/arrangements for compensation to victims of accidents while in overseas countries will be in place. (Policy Directives 2.3.13) | | | | | |
| **34** | No structured system and fund management is available at the country of destination for legal aid and compensation to survivors of accidents. | There will be a mechanism for offering legal aid to migrant workers. | 1. Assistance will be given by way of legal aid to migrant workers in the event of their arrest, litigation, securing justice, social justice and legal proceedings.<br>2. Steps will be taken for creating a legal aid fund.<br>3. Lead Ministry will employ a legal adviser.<br>4. Interpreters will be employed, for the purpose of smooth disposal of legal proceedings involving migrants. | | Long term | **Leading role**<br>1. MoEW&OE<br><br>**Supporting role**<br>1. MoFA<br>2. Finance Division<br>3. MoHA<br>4. Labour Welfare Wings |
| | Effective arrangements will be made for realization of compensation for Bangladeshi migrants who become victims of accident or who die in foreign land and sending of the money so realized to the victim or deceased family in the shortest possible time. Existing activities for quick dispatching home of the dead bodies of migrants who die abroad will be made well- coordinated, quicker and easier. (Policy Directives 2.3.14) | | | | | |
| **35** | Manual system of compensation for the families of injured or deceased migrant workers, which often result in procedural delays. | Provisions for realizing compensation will be made stronger. | 1. Effective arrangements will be made for realization of compensation for Bangladeshi migrants who become victims of accident or who die in foreign land and sending of the money so realized to the victim or deceased family in the shortest possible time.<br>2. The above mentioned process will be digitalized.<br>3. Capacity of DEMO will be further strengthened in order for proper discharge of these responsibilities in the field level.<br>4. There should be legal provisions entailing the employers to pay compensation to female migrant workers in case they become victims of abuse or mental torture. | » Frequency of compensation payments. | Long term | **Leading role**<br>1. MoEW&OE<br><br>**Supporting role**<br>1. MoFA<br>2. Finance Division<br>3. Labour Welfare Wings<br>4. MoHA Wage Earners' Welfare Board,<br>5. BMET<br>6. DEMO |

1 Short term 0-2 years, mid term 0-5 years and long term 0-10 years

| ক্রম | বেইজলাইন | লক্ষ্যমাত্রা | কার্যক্রম | নির্দেশিকা | বাস্তবায়ন মেয়াদ[1] | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|---|
| | অভিবাসী কর্মীদের গ্রেফতার, মামলা, সামাজিক সমস্যা এবং আইনগত কার্যধারার ক্ষেত্রে আইনি-সহায়তা প্রদানের লক্ষ্যে আইনগত সহায়তা তহবিল গঠনের ব্যবস্থা নেয়া হবে। বিদেশে কোন অভিবাসী দূর্ঘটনাজনিত কারণে প্রতিবন্ধকতার শিকার হলে তার প্রয়োজনীয় ক্ষতিপূরণের ব্যবস্থা জোরদার করা হবে। (নীতি নির্দেশনা ২.৩.১৩) | | | | | |
| ৩৪ | আইন সহায়তা ও দুর্ঘটনায় ক্ষতিগ্রস্ত ব্যক্তির সহায়তার জন্য প্রবাসে কোনো সুসংবদ্ধ ব্যবস্থাপনা ও তহবিল ব্যবস্থা নেই। | অভিবাসী কর্মীদের আইনি সহায়তা ও ক্ষতিপূরণ প্রদানের জন্য সহায়তা তহবিল গঠনের ব্যবস্থা করা হবে। | ১. অভিবাসী কর্মীদের গ্রেফতার, মামলা, মামলার সংখ্যা হ্রাস, সামাজিক সমস্যা এবং আইনগত কার্যধারার ক্ষেত্রে আইনি সহায়তা প্রদানের ব্যাপারে সহযোগিতা প্রদান করা হবে।<br>২. এ লক্ষ্যে আইনগত সহায়তা তহবিল গঠনের ব্যবস্থা নেয়া হবে।<br>৩. মূল দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয় একজন আইনজীবী নিয়োগ করবে।<br>৪. অভিবাসী কর্মীদের মামলা সুষ্ঠুভাবে পরিচালনার ক্ষেত্রে দোভাষী নিযুক্ত করা হবে। | | দীর্ঘমেয়াদী | **মূল দায়িত্ব**<br>১. প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়<br><br>**সহযোগী**<br>১. পররাষ্ট্র মন্ত্রণালয়<br>২. অর্থ বিভাগ<br>৩. আইন ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়<br>৪. শ্রম কল্যাণ উইং |
| | বিদেশে কর্মরত বাংলাদেশী কর্মীর দূর্ঘটনা বা মৃত্যুজনিত ক্ষতিপূরণ আদায়ের কার্যকর ব্যবস্থা গ্রহণ এবং প্রাপ্ত ক্ষতিপূরণের অর্থ ভিকটিম কিংবা মৃতের পরিবারের নিকট যত দ্রুত সম্ভব পৌঁছে দেয়ার ব্যবস্থা গ্রহণ করা হবে। বিদেশে মৃত্যুবরণকারী কর্মীর মৃতদেহ দেশে আশু প্রত্যাবর্তনের প্রচলিত কার্যক্রমকে আরো সুসংহত, দ্রুত ও সহজ করা হবে। (নীতি নির্দেশনা ২.৩.১৪) | | | | | |
| ৩৫ | আহত বা প্রয়াত অভিবাসীর পরিবারের জন্য ক্ষতিপূরণ ব্যবস্থাপনা এখনও কাগজের নথিপত্র ব্যবহার করে করা হয়, যে কারণে অনেক সময় পদ্ধতিগত বিলম্ব হয়। | ক্ষতিপূরণের ব্যবস্থা জোরদার করতে হবে। | ১. বিদেশে কর্মরত বাংলাদেশী কর্মীর দূর্ঘটনা বা মৃত্যুজনিত ক্ষতিপূরণ আদায়ের কার্যকর ব্যবস্থা গ্রহণ এবং প্রাপ্ত ক্ষতিপূরণের অর্থ ক্ষতিগ্রস্থ ব্যক্তি কিংবা মৃতের পরিবারের নিকট যত দ্রুত সম্ভব পৌঁছে দেয়ার ব্যবস্থা গ্রহণ করা হবে।<br>২. প্রক্রিয়াটিকে তথ্য প্রযুক্তির মাধ্যমে করতে হবে।<br>৩. মাঠ পর্যায়ে এ সেবাসমূহকে যথার্থভাবে সম্পন্ন করার জন্য জেলা কর্মসংস্থান অফিসকে শক্তিশালী করা হবে।<br>৪. নারী কর্মী যখন কাজ করতে গিয়ে নির্যাতিত হয়/ মানসিকভাবে ক্ষতিগ্রস্থ হয় তখন নিয়োগকর্তা কে ক্ষতিপূরণ প্রদানে বাধ্য করতে হবে। | » ক্ষতিপূরণ কার্যক্রমের হার | দীর্ঘমেয়াদী | **মূল দায়িত্ব**<br>১. প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়<br><br>**সহযোগী**<br>১. পররাষ্ট্র মন্ত্রণালয়<br>২. অর্থ বিভাগ<br>৩. শ্রম কল্যাণ উইং<br>৪. ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড<br>৫. বিএমইটি<br>৬. জেলা কর্মসংস্থান কার্যালয় |

[1] স্বল্পমেয়াদী ০-২ বছর পর্যন্ত, মধ্যমেয়াদী ০-৫ বছর পর্যন্ত এবং দীর্ঘমেয়াদী ০-১০ বছর পর্যন্ত

| SL No | Baseline | Target | Activities/Intervention | Means of Verification | Implementing Period [1] | Implementing Partners |
|---|---|---|---|---|---|---|
| **Migration of Female Workers** | | | | | | |
| | In view of the role and potential of female migrants, a coordinated and participatory program will be prepared on the basis of opinions and contributions of all concerned including employer associations, recruiting agents, trade unions, public and private organizations and aspirant migrants in order for facilitating migration of female workers. (Policy Directives 2.4.1) | | | | | |
| **36** | There is no organized representation of women migrants nor is there any forum of women for exchange of views on any issue related to migration.<br>There is no mechanism in place for registration of women migrants in Upazila level. | Arrangement for holding exchange of views on regular basis.<br>Support service for formation of women wing of at least five migrants' associations in various destination countries or help formation of female migrants forums.<br>Mechanism for registration of female migrants in the Union Council and Upazila level in two years. | 1. Exchange of views with women willing for migration, female migrants, returnee female migrants and victim female migrants, and public and private organizations, trade unions and recruiting agents on ways and means for strengthening of female migration and determination of procedure for continuation of such activities.<br>2. Opinion, feedback and suggestion etc will be used for migration management in the MoEW&oE and proposed women wing.<br>3. Formation of Women wings of the forums of Bangladeshis living in various destination countries with support from Bangladesh Missions abroad or encouraging or helping formation of female migrants' forums.<br>4. Empower DEMO and outsource them to look for potential women migrant workers<br>5. A mechanism will be in place for registration of female migrants through Union Council and Upazila Council and Office of the Deputy Commissioner will be given the oversighting role.<br>6. Development of a mobile app for the aspirant female migrants.<br>7. Formation of women migrants forums and allowing their opinions to have a role in policy formulation.<br>8. Review of the progress of work after every six month in a participatory method. | » Implementation of action plan.<br>» Annual Report and other reports. | Long term | **Leading role**<br>1. MoEW&OE<br><br>**Supporting role**<br>1. MoFA<br>2. Ministry of Women and Children Affairs<br>3. MoSW<br>4. MoLE<br>5. Local government Division<br>6. BMET, DEMO<br>7. NGO<br>8. Research Organization<br>9. Development Partners<br>10. Trade Unions |

1 Short term 0-2 years, mid term 0-5 years and long term 0-10 years

| ক্রম | বেইজলাইন | লক্ষ্যমাত্রা | কার্যক্রম | নির্দেশিকা | বাস্তবায়ন মেয়াদ[১] | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|---|
| | | | **নারী কর্মীদের শ্রম অভিবাসন** | | | |
| | নারী কর্মীদের শ্রম অভিবাসনের ভূমিকা ও সম্ভাবনা এবং অভিবাসন প্রক্রিয়ায় নারীর অংশগ্রহণ জোরদার করার লক্ষ্যে প্রয়োজনীয় অভিবাসনে ইচ্ছুক নারী, সরকারি ও বেসরকারি সংস্থা, ট্রেড ইউনিয়ন ও রিক্রুটিং এজেন্টসহ নিয়োগদাতাদের সংগঠন ও সংশ্লিষ্ট বিভিন্ন আন্তর্জাতিক সংস্থাসহ সকলের মতামত ও অংশগ্রহণের মাধ্যমে একটি সমন্বিত ও অংশীদারিত্বমূলক কার্যক্রম গ্রহণ করা হবে। (নীতি নির্দেশনা ২.৪.১) | | | | | |
| ৩৬ | অনিয়মিত বা বিষয়/ইস্যুভিত্তিক মতবিনিময় সভায় নারী অভিবাসী কর্মী বা অভিবাসী জনগোষ্ঠীর নারীদের সংগঠিত সংগঠন অনুপস্থিত অথবা বিভিন্ন সংগঠনে নারী প্রতিনিধিত্ব অনুল্লেখ্য।<br>ইউনিয়ন ও উপজেলা পরিষদে নারী অভিবাসী নিবন্ধনের জন্য কোন ব্যবস্থা নেই। | নিয়মিত মতবিনিময়ের ব্যবস্থা করা।<br>প্রতি বছর অন্তত ৫টি গন্তব্য দেশে বসবাসরত বাংলাদেশী নাগরিকদের বিভিন্ন এসোসিয়েশনের নারী উইং গঠন অথবা নারী অভিবাসীদের সংগঠন গঠনে সহায়তা প্রদান।<br>দুই বছরে ইউনিয়ন ও উপজেলা পরিষদে নারী অভিবাসী নিবন্ধনের জন্য একটি পদ্ধতি প্রবর্তন। | ১. অভিবাসনে ইচ্ছুক, অভিবাসনকৃত, অভিবাসনফেরত এবং নির্যাতিত নারী অভিবাসী, সরকারি এবং বেসরকারী সংস্থা, ট্রেড ইউনিয়ন এবং রিক্রুটিং এজেন্সীর সাথে শ্রম অভিবাসনে নারী অভিবাসীর অংশগ্রহণ জোরদার করার উপায় সম্পর্কে মতবিনিময় এবং এই মতবিনিময় প্রক্রিয়াকে ধারাবাহিকভাবে বজায় রাখার জন্য পদ্ধতি নির্ধারণ করা হবে।<br>২. মতবিনিময়ের মাধ্যমে প্রাপ্ত মতামত, কার্যক্রম এবং দিকনির্দেশনা প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের মূল কার্যক্রম এবং প্রস্তাবিত নারী অভিবাসী বিষয়ক উইং- এর কার্যক্রম পরিকল্পনায় সমন্বয় করা হবে।<br>৩. বিভিন্ন দেশে অবস্থিত বাংলাদেশী মিশনের মাধ্যমে সে দেশে বসবাসরত বাংলাদেশী নাগরিকদের বিভিন্ন সংগঠনের নারী উইং গঠন অথবা নারী অভিবাসীদের সংগঠন গঠনে উদ্বুদ্ধ এবং সহায়তা প্রদান করা হবে।<br>৪. জেলা কর্মসংস্থান কার্যালয় এর ক্ষমতায়ন করা হবে এবং সম্ভাব্য নারী অভিবাসী সন্ধানের উদ্দেশ্যে কাজে লাগানো হবে।<br>৫. ইউনিয়ন ও উপজেলা পরিষদের মাধ্যমে নারী অভিবাসী নিবন্ধনের জন্য একটি পদ্ধতি তৈরী করা হবে এবং প্রক্রিয়াটি তদারকির জন্য জেলা প্রশাসকের কার্যালয়কে যুক্ত করা হবে।<br>৬. নারী অভিবাসী সন্ধানের উদ্দেশ্যে একটি মোবাইল অ্যাপ তৈরী করা হবে।<br>৭. প্রস্তাবিত নারী অভিবাসন উইং কর্তৃক প্রত্যাগত নারী অভিবাসীদের সংগঠন তৈরী করা এবং তাদের অভিজ্ঞতা থেকে প্রাপ্ত পরামর্শসমূহ নীতি উন্নয়ন প্রক্রিয়াতে অন্তর্ভুক্ত করা হবে।<br>৮. ছয় মাস পরপর অংশগ্রহণমূলক পদ্ধতিতে কাজের অগ্রগতি যাচাই করা হবে। | » কর্মপরিকল্পনা বাস্তবায়ন<br>» বাৎসরিক এবং অন্যান্য প্রতিবেদন | দীর্ঘমেয়াদী | **মূল দায়িত্ব**<br>১. প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়<br><br>**সহযোগী**<br>১. পররাষ্ট্র মন্ত্রণালয়<br>২. মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়<br>৩. সমাজকল্যাণ মন্ত্রণালয়<br>৪. শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়<br>৫. স্থানীয় সরকার বিভাগ<br>৬. বিএমইটি, ডেমো<br>৭. এনজিও<br>৮. গবেষণা প্রতিষ্ঠান<br>৯. উন্নয়ন সহযোগী সংস্থা<br>১০. ট্রেড ইউনিয়ন |

১ স্বল্পমেয়াদী ০-২ বছর পর্যন্ত, মধ্যমেয়াদী ০-৫ বছর পর্যন্ত এবং দীর্ঘমেয়াদী ০-১০ বছর পর্যন্ত

| SL No | Baseline | Target | Activities/Intervention | Means of Verification | Implementing Period [1] | Implementing Partners |
|---|---|---|---|---|---|---|
| | | | 9. Work closely with DEMO and civil society for assisting women workers to take informed decisions based on information on cost and benefits of migration | | | |
| | In order for ensuring easy migration for the females and for coordinated implementation of programs taken for that purpose, there will be an exclusive wing in the MoEW&OE for looking after issues relating to female migrants. (Policy Directives 2.4.2) | | | | | |
| **37** | There is no women migration wing. There is no disaggregated database on women migrant workers under the MoEWOE. Departmental collaboration between MoEWOE and MoFA is limited in relation to the Migrant Welfare and Overseas Employment Policy. | Prepare gender sensitive annual work plan. Decision on setting up women migrant wing. Establish women migrant wing. Prepare disaggregated database on women migrant workers at the MoEWOE. Establish departmental collaboration between MoEWOE and MoFA. | 1. To simplify and coordinate the implementation of migration process of women migrant worket the MoEWOW will set up a permanent wing or section or women migration. Women's migration will also be mainstreamed in the overall annual work plan.<br>2. Once a wing exclusively for female migrants is in place, it will take up annual program for gender mainstreaming which will be consistent with Ministry's plan of work. | » Study Report,<br>» Work Plan.<br>» Implementation of work plan,<br>» Annual and other reports. | Mid term | **Leading role**<br>1. MoEW&OE<br><br>**Supporting role**<br>1. MoFA<br>2. Ministry of Women and Children Affairs<br>3. MoSW<br>4. NGO<br>5. Research Organization<br>6. Development Partners |

1 Short term 0-2 years, mid term 0-5 years and long term 0-10 years

| ক্রম | বেইজলাইন | লক্ষ্যমাত্রা | কার্যক্রম | নির্দেশিকা | বাস্তবায়ন মেয়াদ[১] | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|---|
| | | | ৯. অভিবাসনের ব্যয় এবং সুযোগ-সুবিধার ওপর জেনেশুনে সিদ্ধান্ত নেয়ার ক্ষেত্রে নারী কর্মীদের সাহায্য করার লক্ষ্যে জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস এবং নাগরিক সমাজের সংগঠনের সাথে নিবিড়ভাবে কাজ করা। | | | |
| | নারী কর্মীদের অভিবাসন প্রক্রিয়া সহজীকরনের মাধ্যমে গৃহীত ও সম্ভাব্য কর্মসূচির সমন্বিত বাস্তবায়নের জন্য প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন স্থায়ীভাবে একটি বিশেষ উইং বা শাখা স্থাপনের উদ্যোগ নেয়া হবে। (নীতি নির্দেশনা ২.৪.২) | | | | | |
| ৩৭ | বর্তমানে কোন নারী অভিবাসন উইং নেই। প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের নারী অভিবাসন কর্মী এবং জনগোষ্ঠী সম্পর্কিত সমন্বিত তথ্যভান্ডার নেই। প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান নীতিমালার অধীনে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এবং পররাষ্ট্র মন্ত্রণালয়ের মধ্যে দাপ্তরিক সংযোগ সীমিত। | জেন্ডার সংবেদনশীল বাৎসরিক কর্মপরিকল্পনা গ্রহণ। নারী অভিবাসন উইং-এর সিদ্ধান্ত গ্রহণ। নারী অভিবাসন উইং গঠন। প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ে নারী অভিবাসন কর্মী এবং জনগোষ্ঠী সম্পর্কিত সমন্বিত তথ্যভান্ডার গঠন। প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এবং পররাষ্ট্র মন্ত্রণালয়ের মধ্যে দাপ্তরিক প্রক্রিয়ায় সংযোগ স্থাপন। | ১. নারী অভিবাসী কর্মীদের শ্রম অভিবাসন প্রক্রিয়া অধিকতর সহজীকরণের মাধ্যমে গৃহীত এবং সম্ভাব্য কর্মসূচি সমন্বিত বাস্তবায়নের জন্য প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন স্থায়ীভাবে একটি বিশেষ উইং বা শাখা স্থাপনের উদ্যোগ নেয়া হবে। যতদিন বিশেষ উইং গঠন না করা হয় ততদিন প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সামগ্রিক বাৎসরিক কর্মপরিকল্পনার মধ্যে নারী-পুরুষ সম্পর্ক বিষয় যাতে প্রাধান্য পায় তা বিবেচনায় রাখতে হবে।<br>২. প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সামগ্রিক বাৎসরিক কর্মপরিকল্পনার সাথে সমন্বয় করে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীনস্থ নারী বিষয়ক উইং এর নারী-পুরুষ সম্পর্ক বিষয় মূলধারা করণের বাৎসরিক কর্মসূচি গ্রহণ করা হবে। | » সমীক্ষা প্রতিবেদন<br>» কর্মপরিকল্পনা<br>» কর্মপরিকল্পনা বাস্তবায়ন<br>» বাৎসরিক এবং অন্যান্য প্রতিবেদন | মধ্যমেয়াদী | **মূল দায়িত্ব**<br>১. প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়<br>**সহযোগী**<br>১. পররাষ্ট্র মন্ত্রণালয়<br>২. মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়<br>৩. সমাজকল্যাণ মন্ত্রণালয়<br>৪. এনজিও<br>৫. গবেষণা প্রতিষ্ঠান<br>৬. উন্নয়ন সহযোগী সংস্থা |

১ স্বল্পমেয়াদী ০-২ বছর পর্যন্ত, মধ্যমেয়াদী ০-৫ বছর পর্যন্ত এবং দীর্ঘমেয়াদী ০-১০ বছর পর্যন্ত

| SL No | Baseline | Target | Activities/Intervention | Means of Verification | Implementing Period [1] | Implementing Partners |
|---|---|---|---|---|---|---|
| 37 | | | 3. A gender sensitive MIS will be developed including diaspora.<br>4. Steps will be taken for effective coordination and cooperation between MoEW&OE and MoFA in the field of diaspora and migration.<br>5. Gather experience and technical support from advanced countries on women diaspora and wing for women migration.<br>6. Existing Cell for female migrants in the BMET will be strengthened. | | | |

1 Short term 0-2 years, mid term 0-5 years and long term 0-10 years

| ক্রম | বেইজলাইন | লক্ষ্যমাত্রা | কার্যক্রম | নির্দেশিকা | বাস্তবায়ন মেয়াদ[১] | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|---|
| ৩৭ | | | ৩. ডায়াসপোরদের সংযুক্ত করে একটি জেন্ডার সংবেদনশীল তথ্য ব্যবস্থাপনা গঠন করা হবে।<br>৪. স্থায়ীভাবে বসবাসকারী প্রবাসী বাংলাদেশী এবং অভিবাসন বিষয়ে নারী পুরুষ সম্পর্ক-সংবেদনশীলভাবে কার্যকরী সমন্বয় সাধনের জন্য প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এবং পররাষ্ট্র মন্ত্রণালয়ের মধ্যে দাপ্তরিক প্রক্রিয়ায় সমন্বয় বৃদ্ধি করা হবে।<br>৫. স্থায়ীভাবে বসবাসকারী প্রবাসী বাংলাদেশী নারী এবং অভিবাসন উইং অভিবাসন নিয়ে অগ্রগামী দেশসমূহের কাছ থেকে অভিজ্ঞতা অর্জন ও কারিগরি সহায়তা গ্রহণ করা হবে।<br>৬. বিএমইটি'তে বিদ্যমান নারী কর্মী বিষয়ক সেলকে সুসংগঠিত করা হবে। | | | |

১ স্বল্পমেয়াদী ০-২ বছর পর্যন্ত, মধ্যমেয়াদী ০-৫ বছর পর্যন্ত এবং দীর্ঘমেয়াদী ০-১০ বছর পর্যন্ত

| SL No | Baseline | Target | Activities/Intervention | Means of Verification | Implementing Period [1] | Implementing Partners |
|---|---|---|---|---|---|---|
| | Coordinated initiatives will be taken for increasing the rate of female workers' migration and for development of their skills for employment according to choice. For this purpose, steps will be taken for post-training cooperation, appointment of female trainers, gender-sensitive training manual and flexible time for training program. (Policy Directives 2.4.3) | | | | | |
| **38** | Training arrangement for female workers is still insignificant and not quite favorable for getting in accordance with their choice. | Female workers will be given skills training so that they can get employment in new destination and non-conventional or demanding professions. | 1. Assessment of the gender sensitivity of the MoEW&OE in assisting studies concerning diaspora and labour market for the female migrant workers.<br>2. Bringing about necessary changes in the role, scope and capacity of the MoEW&OE.<br>3. Enhancing capacity of the MoEW&OE so that it can form a comprehensive idea on the conventional and non-conventional labour market for female workers through analyses of the existing, new and future labour markets.<br>4. Analysis and periodic review of the existing, new and future (quickly emerging) labour markets in order for finding employment for female migrant workers and findings shall be kept open for all.<br>5. Skills development programs for the female migrant workers with appropriate curriculum, assessment and licensing procedure shall be taken up for creating employment opportunities for them in conventional and non-conventional areas. The curriculum shall include mandatory protection and crises management issues. | » Study Reports,<br>» Work plan,<br>» Implementation of work plan,<br>» Annual and other Reports. | Mid term | **Leading role**<br>1. MoEW&OE<br><br>**Supporting role**<br>1. MoFA<br>2. Ministry of Women and Children Affairs<br>3. MoSW<br>4. BMET<br>5. Labour Welfare Wings<br>6. Technical Education Board<br>7. NSDC<br>8. Directorate of Technical Education<br>9. NGO<br>10. Research Organization<br>11. Development Partners |

1 Short term 0-2 years, mid term 0-5 years and long term 0-10 years

| ক্রম | বেইজলাইন | লক্ষ্যমাত্রা | কার্যক্রম | নির্দেশিকা | বাস্তবায়ন মেয়াদ[1] | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|---|
| | নারী-অভিবাসনের হার বৃদ্ধি ও পছন্দমত চাকরিতে প্রবেশের সুযোগ সৃষ্টির লক্ষ্যে নারীদের কর্ম-দক্ষতায় বৈচিত্র্য আনয়নের সমন্বিত উদ্যোগ গ্রহণ করা হবে। সে লক্ষ্যে প্রশিক্ষণ-পরবর্তী সহযোগিতা প্রদান, নারী প্রশিক্ষক নিয়োগ, নারী পুরুষ সম্পর্ক-সংবেদনশীল পাঠক্রম তৈরী এবং প্রশিক্ষণের সহজ সময়সূচি প্রণয়ন ইত্যাদি ব্যবস্থা গ্রহণ করা হবে। (নীতি নির্দেশনা ২.৪.৩) | | | | | |
| ৩৮ | নারী দক্ষতা প্রশিক্ষণ এখনও সীমিত রয়েছে যা তাদের পছন্দমাফিক কর্মসংস্থানের ক্ষেত্রে অনুকূল নয়। | নারী কর্মীদেরকে দক্ষতা প্রশিক্ষণের মাধ্যমে নতুন নতুন গন্তব্যে এবং অপ্রচলিত/চাহিদাবহুল পেশায় কর্মসংস্থানের উপযোগী করে গড়ে তোলা হবে। | ১. শ্রম অভিবাসন এবং স্থায়ীভাবে বসবাসকারী প্রবাসী বাংলাদেশী কে বৈদেশিক বাজারের ব্যাপারে গবেষণা সহায়তা দিতে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের শ্রমবাজার গবেষণা সেলের নারী পুরুষ সম্পর্ক সংবেদনশীলতা পরিমাপ করা হবে।<br>২. প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের শ্রমবাজার গবেষণা সেলের ভূমিকা, কাজের পরিধি এবং দক্ষতায় প্রয়োজনীয় পরিবর্তন আনা হবে।<br>৩. প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের বাজার গবেষণা সেলের দক্ষতা এমনভাবে বৃদ্ধি করা হবে যাতে বর্তমান, নতুন এবং সম্ভাব্য (নতুন বর্ধনশীল অর্থনীতি) গন্তব্য দেশের বাজার বিশ্লেষণের মাধ্যমে নারী অভিবাসী জনগোষ্ঠীর জন্য প্রচলিত এবং অপ্রচলিত দক্ষতাভিত্তিক চাকুরী বাজার সম্পর্কে সম্যক এবং ধারাবাহিক ধারণা প্রদান করতে পারে।<br>৪. বর্তমান, নতুন এবং সম্ভাব্য (নতুন বর্ধনশীল অর্থনীতি) গন্তব্য দেশের বাজারে নারী অভিবাসী জনগোষ্ঠীর জন্য বাজার বিশ্লেষণ, ধারাবাহিকভাবে পুনঃপর্যালোচনা এবং প্রাপ্ত তথ্য সর্বসাধারণের জন্য উন্মুক্ত রাখা হবে।<br>৫. নারী অভিবাসী কর্মীদের জন্য প্রচলিত এবং অপ্রচলিত দক্ষতাভিত্তিক চাকুরী প্রাপ্তির নিশ্চয়তা বিধান করতে দক্ষতা বৃদ্ধির জন্য যথার্থ কারিকুলাম, মূল্যায়ন প্রক্রিয়া এবং লাইসেন্সিং পদ্ধতি সম্বলিত দক্ষতা উন্নয়ন কার্যক্রম গ্রহণ করা হবে। এই কারিকুলাম-এ বাধ্যতামূলকভাবে সুরক্ষা এবং জরুরি অবস্থা ব্যবস্থাপনা বিষয়গুলো সন্নিবেশ করা হবে । | » সমীক্ষা প্রতিবেদন<br>» কর্মপরিকল্পনা<br>» কর্মপরিকল্পনা বাস্তবায়ন<br>» বাৎসরিক এবং অন্যান্য প্রতিবেদন | মধ্যমেয়াদী | **মূল দায়িত্ব**<br>১. প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়<br><br>**সহযোগী**<br>১. পররাষ্ট্র মন্ত্রণালয়<br>২. মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়<br>৩. সমাজকল্যাণ মন্ত্রণালয়<br>৪. বিএমইটি<br>৫. শ্রম কল্যাণ উইং<br>৬. কারিগরি শিক্ষা বোর্ড<br>৭. এনএসডিসি<br>৮. কারিগরি শিক্ষা অধিদপ্তর<br>৯. এনজিও<br>১০. গবেষণা প্রতিষ্ঠান<br>১১. উন্নয়ন সহযোগী সংস্থা |

১ স্বল্পমেয়াদী ০-২ বছর পর্যন্ত, মধ্যমেয়াদী ০-৫ বছর পর্যন্ত এবং দীর্ঘমেয়াদী ০-১০ বছর পর্যন্ত

| SL No | Baseline | Target | Activities/Intervention | Means of Verification | Implementing Period [1] | Implementing Partners |
|---|---|---|---|---|---|---|
| 38 | | | 6. Effective coordination will be achieved among the MoEW&OE, the NSDC, Directorate of Technical Education, and the Board of Technical Education in order for preparation of internationally recognized skills development programs for development of skills as per demands of global labour markets.<br>7. Skills development of the Trainers of skills development programs so that they can impart quality training.<br>8. Arrangements shall be made for qualitative teaching of the languages of the destination nations for female migrant workers. Special language learning mobile apps will be prepared and the same will be made easily available.<br>9. A gender based database for the workers with various types of skills will be prepared by the NSDC and the Department of Statistics and Information Management through a survey or census.<br>10.Preparation of training manual as per demands of the destination countries.<br>11. Building capacity of the women migrant wing through development assistance and coordination.<br>12.A forum for the returnee female migrants will be formed and the lessons learnt from their experience will be considered in policy formulation.<br>13.ncrease the use of SMART card. | | | |

1 Short term 0-2 years, mid term 0-5 years and long term 0-10 years

| ক্রম | বেইজলাইন | লক্ষ্যমাত্রা | কার্যক্রম | নির্দেশিকা | বাস্তবায়ন মেয়াদ[১] | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|---|
| ৩৮ | | | ৬. বৈশ্বিক বাজারের চাহিদা অনুযায়ী দক্ষতা সমৃদ্ধ পেশায় আন্তর্জাতিকভাবে স্বীকৃত দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ প্রোগ্রাম তৈরির জন্য প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের বাজার গবেষণা সেল, জাতীয় কর্মদক্ষতা উন্নয়ন কাউন্সিল, কারিগরি শিক্ষা অধিদপ্তর এবং কারিগরি শিক্ষা বোর্ড-এর মধ্যে কার্যকরী এবং দাপ্তরিক সমন্বয় করা হবে।<br>৭. দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ প্রোগ্রাম-এর প্রশিক্ষকদের দক্ষতা বৃদ্ধি করা হবে যেন তারা মানসম্মত প্রশিক্ষণ প্রদান করতে পারে।<br>৮. নারী অভিবাসী কর্মীদের মানসম্মতভাবে গন্তব্য দেশের ভাষা শিক্ষা কোর্সের ব্যবস্থা করা হবে। এক্ষেত্রে ভাষা শিক্ষার জন্য বিশেষ মোবাইল অ্যাপ্লিকেশন তৈরী এবং তা অভিবাসী কর্মীদের জন্য সহজ প্রাপ্য করা হবে।<br>৯. জাতীয় কর্মদক্ষতা উন্নয়ন কাউন্সিল এবং পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা দপ্তরের মাধ্যমে জরীপ বা শুমারী করে বিভিন্ন দক্ষতা সম্পন্ন কর্মীদের নারী পুরুষ সম্পর্ক- ভিত্তিক ডাটাবেস তৈরী করা হবে।<br>১০. গন্তব্যদেশের চাহিদা অনুযায়ী প্রশিক্ষণ কারিকুলাম তৈরী করা হবে।<br>১১. উন্নয়ন সহযোগিতা ও সমন্বয়ের মাধ্যমে নারী অভিবাসন উইং এর দক্ষতা উন্নয়ন কার্যক্রমগুলো বাস্তবায়ন করবে।<br>১২. নারী অভিবাসন উইং প্রত্যাগত নারী অভিবাসীদের সংগঠন তৈরী করবে এবং তাদের অভিজ্ঞতা থেকে প্রাপ্ত পরামর্শসমূহ নিয়মিতভাবে নীতি নির্দেশনার প্রক্রিয়ায় অন্তর্ভুক্ত করবে।<br>১৩. স্মার্ট কার্ড এর ব্যবহার বৃদ্ধি করতে হবে। | | | |

১ স্বল্পমেয়াদী ০-২ বছর পর্যন্ত, মধ্যমেয়াদী ০-৫ বছর পর্যন্ত এবং দীর্ঘমেয়াদী ০-১০ বছর পর্যন্ত

| SL No | Baseline | Target | Activities/Intervention | Means of Verification | Implementing Period [1] | Implementing Partners |
|---|---|---|---|---|---|---|
| | Steps will be taken to increase budgetary allocation for gender-responsive activities intended for increased participation of women in labour migration process and for creating different types of employment for them. (Policy Directives 2.4.4) | | | | | |
| **39** | It is necessary to determine various heads of expenditure to increase budgetary allocation for gender responsive activities intended for increased participation of women in labour migration and for creating different types of employment for them. | Finding various heads of expenditure for increased budgetary allocation for gender responsive activities intended for increased participation of women in labour migration process and for creating different types of employment for them. | 1. Conducting studies to determine various heads of expenditure for increased budgetary allocation for gender responsive activities intended for increased participation of women in labour migration process and for creating different types of employment for them.<br>2. Increasing budgetary allocation for gender responsive activities intended for increased participation of women in labour migration process and for creating different types of employment for them based on the findings of study.<br>3. There shall be separate budgetary allocation for activities relating to female migrant workers. | » Study Report,<br>» Work plan,<br>» Implementation of Work plan,<br>» Annual and other reports. | Long term | **Leading role**<br>1. Finance Division<br>**Supporting role**<br>1. MoEW&OE<br>2. MoFA<br>3. Ministry of Women and Children Affairs<br>4. MoSW<br>5. MoI<br>6. MoP<br>7. BMET<br>8. NGO<br>9. Research Organization<br>10. Development Partners |

1 Short term 0-2 years, mid term 0-5 years and long term 0-10 years

| ক্রম | বেইজলাইন | লক্ষ্যমাত্রা | কার্যক্রম | নির্দেশিকা | বাস্তবায়ন মেয়াদ[১] | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|---|
| | শ্রম অভিবাসন প্রক্রিয়ায় নারীর অংশগ্রহণ বৃদ্ধি ও তাদের জন্য ভিন্নধর্মী কর্মসংস্থান সৃষ্টির উদ্দেশ্যে বাজেটে নারী পুরুষ সম্পর্ক-সচেতনতামূলক কার্যক্রম বরাদ্দ বৃদ্ধির উদ্যোগ নেয়া হবে।<br>(নীতি নির্দেশনা ২.৪.৪) | | | | | |
| ৩৯ | শ্রম অভিবাসন প্রক্রিয়ায় নারীর অংশগ্রহণ বৃদ্ধি ও তাদের জন্য ভিন্নধর্মী কর্মসংস্থান সৃষ্টির উদ্দেশ্যে জাতীয় বাজেটে নারী পুরুষ সম্পর্ক-সচেতনতামূলক কার্যক্রমে বরাদ্দ বৃদ্ধির জন্য বিভিন্ন খাত নির্ণয় প্রয়োজন। | শ্রম অভিবাসন প্রক্রিয়ায় নারীর অংশগ্রহণ বৃদ্ধি ও তাদের জন্য ভিন্নধর্মী কর্মসংস্থান সৃষ্টির উদ্দেশ্যে জাতীয় বাজেটে নারী পুরুষ সম্পর্ক-সচেতনতামূলক কার্যক্রমে বরাদ্দ বৃদ্ধির জন্য বিভিন্ন খাত নির্ণয়। | ১. শ্রম অভিবাসন প্রক্রিয়ায় নারীর অংশগ্রহণ বৃদ্ধি ও তাদের জন্য ভিন্নধর্মী কর্মসংস্থান সৃষ্টির উদ্দেশ্যে জাতীয় বাজেটে নারী পুরুষ সম্পর্ক-সচেতনতামূলক কার্যক্রমে বরাদ্দ বৃদ্ধির জন্য বিভিন্ন খাত নির্ণয়ের উদ্দেশ্যে সমীক্ষা করা হবে।<br>২. সমীক্ষায় প্রাপ্ত তথ্যের ভিত্তিতে শ্রম অভিবাসন প্রক্রিয়ায় নারীর অংশগ্রহণ বৃদ্ধি ও তাদের জন্য ভিন্নধর্মী কর্মসংস্থান সৃষ্টির উদ্দেশ্যে জাতীয় বাজেটে নারী পুরুষ সম্পর্ক-সচেতনতামূলক কার্যক্রম বরাদ্দ বৃদ্ধি করা হবে।<br>৩. নারী অভিবাসী শ্রমিকদের এবং প্রত্যাগত নারী শ্রমিকদের সহজ শর্তে অর্থনৈতিক সুবিধা প্রদানের জন্য পৃথক বাজেট বরাদ্দ থাকবে। | » সমীক্ষা প্রতিবেদন<br>» কর্মপরিকল্পনা<br>» কর্মপরিকল্পনা বাস্তবায়ন<br>» বাৎসরিক এবং অন্যান্য প্রতিবেদন | দীর্ঘমেয়াদী | **মূল দায়িত্ব**<br>১. অর্থ বিভাগ<br><br>**সহযোগী**<br>১. প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়<br>২. পররাষ্ট্র মন্ত্রণালয়<br>৩. মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়<br>৪. সমাজকল্যাণ মন্ত্রণালয়<br>৫. তথ্য মন্ত্রণালয়<br>৬. পরিকল্পনা মন্ত্রণালয়<br>৭. বিএমইটি<br>৮. এনজিও<br>৯. গবেষণা প্রতিষ্ঠান<br>১০. উন্নয়ন সহযোগী সংস্থা |

১ স্বল্পমেয়াদী ০-২ বছর পর্যন্ত, মধ্যমেয়াদী ০-৫ বছর পর্যন্ত এবং দীর্ঘমেয়াদী ০-১০ বছর পর্যন্ত

| SL No | Baseline | Target | Activities/Intervention | Means of Verification | Implementing Period [1] | Implementing Partners |
|---|---|---|---|---|---|---|
| | Technical and advisory cooperation from various civil society organizations, international organizations and NGOs will be taken for skill development of the willing female migrants, their protection and motivation. (Policy Directives 2.4.5) | | | | | |
| **40** | There is no gender-sensitive protection policy for the migrant workers.<br>There is no activities purported for gender-sensitive recruitment and job assistance in recruiting agencies.<br>A standard mechanism for gender-sensitive rescue, deportation, evacuation, repatriation and reintegration is yet to be in place. | A gender-sensitive national protection policy for migrants will be prepared.<br>Capacity of recruiting agents will be increased for gender-sensitive recruiting and cooperation for job placement.<br>Efficiency of the officials of the MoEW&OE and MoFA working in Bangladesh Missions abroad with respect to gender-sensitive complaint management will be increased. | 1. Introduction of a gender-sensitive national protection policy for migrants and sensitization of local and foreign recruiting agents, skills development trainers, officials of one-stop service centres and staffs of NGOs who are involved in migrants' issues on the protection policy.<br>2. Assisting recruiting agents in developing their capacity for gender-sensitive recruiting and assistance for job placement.<br>3. Efficiency of the officials of the MoEW&OE and MoFA working in Bangladesh Missions abroad with respect to gender-sensitive complaint management will be enhanced.<br>4. Development of a gender-sensitive crises/disaster management infrastructure for ensuring management of crises/disaster involving migrant workers and their rescue, deportation, evacuation, repatriation and reintegration.<br>5. Sensitizing officials of Bangladesh Missions abroad on gender-sensitive protection policy. | » Study Report.<br>» Work plan,<br>» Implementation of work plan,<br>» Annual and other reports. | Long term | **Leading role**<br>1. MoEW&OE<br>**Supporting role**<br>1. MoFA<br>2. Ministry of Women and Children Affairs<br>3. MoSW<br>4. MoHA<br>5. MoCA & T<br>6. NGO<br>7. Research Organization<br>8. Development Partners<br>9. BAIRA |

1 Short term 0-2 years, mid term 0-5 years and long term 0-10 years

| ক্রম | বেইজলাইন | লক্ষ্যমাত্রা | কার্যক্রম | নির্দেশিকা | বাস্তবায়ন মেয়াদ[১] | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|---|
| | বৈদেশিক কর্মসংস্থানের উদ্দেশ্যে অভিবাসনে ইচ্ছুক নারীদের উন্নয়ন, সুরক্ষা ও ক্ষমতায়নের লক্ষ্যে কর্মসূচি গ্রহণ করতে বিভিন্ন নাগরিক সমাজের সংগঠন, আন্তর্জাতিক সংস্থা ও বেসরকারি সংগঠনের কারিগরি ও পরামর্শমূলক সহযোগিতা নেয়া হবে। (নীতি নির্দেশনা ২.৪.৫) | | | | | |
| ৪০ | অভিবাসী কর্মীদের জাতীয় নারী পুরুষ সম্পর্ক-সংবেদনশীল সুরক্ষা নীতি/ পলিসি নেই। রিক্রুটিং এজেন্সীসমূহে নারী পুরুষ সম্পর্ক-সংবেদনশীল রিক্রুটিং এবং চাকুরী সহায়তা প্রদানের জন্য যোগ্যতা বৃদ্ধির কার্যক্রম অনুপস্থিত। নারী পুরুষ সম্পর্ক-সংবেদনশীল উদ্ধার, ফেরত পাঠানো, সরিয়ে নেওয়া, প্রত্যাবাসন এবং পুন:একীকরণ সন্নিবেশ এর মানসম্মত প্রক্রিয়া দরকার। | অভিবাসী কর্মীদের জাতীয় নারী পুরুষ সম্পর্ক-সংবেদনশীল সুরক্ষা নীতি/ পলিসি প্রণয়ন করা। রিক্রুটিং এজেন্সীসমূহের নারী পুরুষ সম্পর্ক-সংবেদনশীল রিক্রুটিং এবং চাকুরী সহায়তা প্রদানের যোগ্যতা বৃদ্ধি। প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এবং পররাষ্ট্র মন্ত্রণালয়ের বাংলাদেশ দূতাবাসস্থ কর্মকর্তাবৃন্দের নারী পুরুষ সম্পর্ক-সংবেদনশীল অভিযোগ ব্যবস্থাপনা পদ্ধতি সম্পর্কে দক্ষতা বৃদ্ধি। | ১. অভিবাসী কর্মীদের জাতীয় নারী পুরুষ সম্পর্ক-সংবেদনশীল সুরক্ষা নীতি প্রণয়ন করা এবং দেশী বিদেশী রিক্রুটিং এজেন্সী, দক্ষতা বৃদ্ধিকারী প্রশিক্ষক, একস্থান থেকে সেবা কেন্দ্রের কর্মকর্তা এবং অন্যান্য সরকারি এবং বেসরকারি সংস্থার কর্মীবৃন্দ যারা অভিবাসী কর্মীদের সাথে সম্পৃক্ত তাদের সবাইকে এই সুরক্ষা নীতি/পলিসি সম্পর্কে সচেতন করা হবে।<br>২. রিক্রুটিং এজেন্সীসমূহকে নারী পুরুষ সম্পর্ক-সংবেদনশীল রিক্রুটিং এবং চাকুরী সহায়তা প্রদানের জন্য যোগ্যতা বৃদ্ধির সহায়তা করা হবে।<br>৩. প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এবং পররাষ্ট্র মন্ত্রণালয়ের বাংলাদেশ দূতাবাসস্থ কর্মকর্তাবৃন্দের নারী পুরুষ সম্পর্ক-সংবেদনশীল অভিযোগ ব্যবস্থাপনা পদ্ধতি সম্পর্কে দক্ষতা বৃদ্ধি করা হবে।<br>৪. অভিবাসী কর্মী সংক্রান্ত দূর্যোগ ব্যবস্থাপনা এবং উদ্ধার, ফেরত পাঠানো, সরিয়ে নেওয়া, প্রত্যাবাসন এবং সন্নিবেশ প্রক্রিয়া নিশ্চিত করতে নারী পুরুষ সম্পর্ক-সংবেদনশীল দূর্যোগ ব্যবস্থাপনা অবকাঠামো তৈরী করা হবে।<br>৫. বিদেশে বাংলাদেশ দূতাবাসস্থ কর্মকর্তাবৃন্দের নারী পুরুষ সম্পর্ক-সংবেদনশীল সুরক্ষা নীতি সম্পর্কে সচেতন করা হবে। | » সমীক্ষা প্রতিবেদন<br>» কর্মপরিকল্পনা<br>» কর্মপরিকল্পনা বাস্তবায়ন<br>» বাৎসরিক এবং অন্যান্য প্রতিবেদন | দীর্ঘমেয়াদী | **মূল দায়িত্ব**<br>১. প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়<br>**সহযোগী**<br>১. পররাষ্ট্র মন্ত্রণালয়<br>২. মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়<br>৩. সমাজকল্যাণ মন্ত্রণালয়<br>৪. স্বরাষ্ট্র মন্ত্রণালয়<br>৫. বেসামরিক বিমান মন্ত্রণালয়<br>৬. এনজিও<br>৭. গবেষণা প্রতিষ্ঠান<br>৮. উন্নয়ন সহযোগী সংস্থা<br>৯. বায়রা |

১ স্বল্পমেয়াদী ০-২ বছর পর্যন্ত, মধ্যমেয়াদী ০-৫ বছর পর্যন্ত এবং দীর্ঘমেয়াদী ০-১০ বছর পর্যন্ত

| SL No | Baseline | Target | Activities/Intervention | Means of Verification | Implementing Period [1] | Implementing Partners |
|---|---|---|---|---|---|---|
| 40 | | Services in the airports and inflight services for migrants will be made gender-sensitive and consistent with migrants protection policy and staffs of the airports and airlines will be sensitized on migrants protection policy. | 6. Pilot projects will be taken for development of a model mechanism for case by case complaint management involving gender-sensitive rescue, deportation, evacuation and repatriation, which will be effective for delivering services to migrant workers in the community at home and abroad.<br>7. In view of the female migrant workers as well as the returnee migrants, services in the airports and inflight services for migrants will be made gender-sensitive and consistent with migrants protection policy and staffs of the airports and airlines will be sensitized on the protection of migrants.<br>8. Introduction of physical, mental and psychological health services as well as referral services for the female migrant workers and the returnee migrants.<br>9. Consultation with all relevant stakeholders before adopting any project intended for the development of women, their protection and empowerment.<br>10. Work closely with BMET and civil society for providing social security and other assistance to women migrant workers and their families. | | | |

1 Short term 0-2 years, mid term 0-5 years and long term 0-10 years

| ক্রম | বেইজলাইন | লক্ষ্যমাত্রা | কার্যক্রম | নির্দেশিকা | বাস্তবায়ন মেয়াদ[১] | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|---|
| ৪০ | | বিমানবন্দর এবং বিমান ভ্রমণ সেবাসমূহ নারী পুরুষ সম্পর্ক-সংবেদনশীল করা এবং বিমানবন্দর ও বিমানের স্টাফদের নারী পুরুষ সম্পর্ক-সংবেদনশীল অভিবাসী সুরক্ষা নীতিমালা সম্পর্কে সচেতন করা। | ৬. নারী পুরুষ সম্পর্ক-সংবেদনশীল উদ্ধার, ফেরত পাঠানো, সরিয়ে নেওয়া, প্রত্যাবাসন এবং প্রক্রিয়া সমৃদ্ধ 'পৃথক পৃথক ভাবে' ব্যবস্থাপনা ভিত্তিক অভিযোগ ব্যবস্থাপনা কার্যক্রমের নমুনা গঠনের জন্য পাইলট প্রকল্প গ্রহণ করা যা কমিউনিটি এবং দেশে বিদেশে অবস্থিত সেবাসমূহের যথাযথ ব্যবহারের মাধ্যমে অভিবাসী কর্মীদের সহায়তা প্রদানে কার্যকরী থাকবে।<br>৭. নারী অভিবাসী কর্মী এবং ফেরত আসা অভিবাসী কর্মীদের প্রয়োজন বিবেচনায় রেখে বিমানবন্দর এবং বিমান ভ্রমণ সেবাসমূহ নারী পুরুষ সম্পর্ক-সংবেদনশীল করা এবং বিমানবন্দর ও বিমানের কর্মকর্তা কর্মচারীদের নারী পুরুষ সম্পর্ক-সংবেদনশীল অভিবাসী সুরক্ষা নীতিমালা সম্পর্কে সচেতন করা হবে।<br>৮. দেশজুড়ে নারী অভিবাসী কর্মী এবং ফেরত আসা অভিবাসী কর্মীদের শারীরিক, মানসিক এবং মনস্তাত্বিক স্বাস্থ্য সেবা এবং রেফারেল সেবা কার্যক্রম চালু করা।<br>৯. নারী উন্নয়ন, সুরক্ষা ও ক্ষমতায়নের লক্ষ্যে কোন কর্মসূচি গ্রহণের পূর্বে এই ক্ষেত্রের সাথে যুক্ত সকল অংশীদারের সাথে মতবিনিময় করা হবে ।<br>১০. অভিবাসী নারী কর্মীদের পরিবারের সদস্যদের সামাজিক সুরক্ষাসহ সব ধরনের সহযোগিতা প্রদানের লক্ষ্যে বিএমইটি ও নাগরিক সমাজের সংগঠনের সাথে নিবিড়ভাবে কাজ করা হবে । | | | |

১ স্বল্পমেয়াদী ০-২ বছর পর্যন্ত, মধ্যমেয়াদী ০-৫ বছর পর্যন্ত এবং দীর্ঘমেয়াদী ০-১০ বছর পর্যন্ত

| SL No | Baseline | Target | Activities/Intervention | Means of Verification | Implementing Period [1] | Implementing Partners |
|---|---|---|---|---|---|---|
| | While signing bilateral agreements and MoUs, it will be ensured that equal treatment of male-female with regard to wages, salaries, gender rights and proper and safe work environments is maintained. In this regard, examples of countries where there are adequate measures for protection of the rights of women will always be cited. (Policy Directives 2.4.6) | | | | | |
| **41** | Lack of coordination among officials of various ministries. Labour migration takes place without any bilateral agreement. | Offering training to officials of various ministries on Team Work twice a year.<br>Encouraging to conclude at least one MoU every year with a country of destination. | 1. Training of officials of various ministries working in various Bangladesh Missions abroad for underscoring, and awareness raising for, the need for team work and coordinated efforts so that they can cater to the requirements of migrant workers irrespective of male and female.<br>2. Concluding bilateral agreements with countries of destination incorporating special provisions for requirements and protection issues of female migrant workers and preparation of a standard contract agreement for female migrant workers incorporating specific provisions requiring the employers to pay compensation in case there occurs any breach of contract.<br>3. Arrangements will be there for realization of compensation from the employer in case there is any breach of contract on the part of the employer.<br>4. Diplomatic relations will be strengthened in order for creating more job opportunities for migrant workers and for securing highest level of protection for the migrant workers, especially for the female migrant workers. | » Study Report.<br>» Work plan,<br>» Implementation of work plan,<br>» Annual and other reports.<br>» Contract Agreement,<br>» Bilateral Agreement. | Long term | **Leading role**<br>1. MoEW&OE<br>**Supporting role**<br>1. MoFA<br>2. MoHA<br>3. Ministry of Women and Children Affairs<br>4. Law Division<br>5. NGO<br>6. Research Organization<br>7. Development Partners |

1 Short term 0-2 years, mid term 0-5 years and long term 0-10 years

| ক্রম | বেইজলাইন | লক্ষ্যমাত্রা | কার্যক্রম | নির্দেশিকা | বাস্তবায়ন মেয়াদ[১] | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|---|
| | দ্বিপাক্ষিক চুক্তি ও সমঝোতা স্মারক স্বাক্ষরকালে নারী-পুরুষের পারিশ্রমিক সংক্রান্ত সমতাসহ অন্যান্য নারী পুরুষ সম্পর্ক সংক্রান্ত সমতা ও সুষ্ঠু এবং নিরাপদ কর্মপরিবেশের বিষয়টি নিশ্চিত করা হবে। এক্ষেত্রে নারীর অধিকার সুরক্ষায় পর্যাপ্ত ব্যবস্থা সমৃদ্ধ দেশসমূহের উদাহরণ নিয়মিতভাবে তুলে ধরা হবে। (নীতি নির্দেশনা ২.৪.৬) | | | | | |
| ৪১ | আন্ত:মন্ত্রণালয় কর্মকর্তাদের মধ্যে সমন্বয় জোরদার প্রয়োজন।<br>দ্বিপাক্ষিক চুক্তি ছাড়াই অভিবাসী কর্মী প্রেরণ হয়ে থাকে। | বিভিন্ন মন্ত্রণালয়ের কর্মকর্তাদের বছরে ২টি টিম ওয়ার্ক বিষয়ে প্রশিক্ষণ প্রদান।<br>বছরে অন্তত ১টি গন্তব্য দেশের সঙ্গে দ্বিপাক্ষিক চুক্তি প্রণয়ন উৎসাহিত করার প্রচেষ্টা গ্রহণ করা। | ১. বিদেশে অবস্থিত বাংলাদেশী দূতাবাসসমূহে কর্মরত বিভিন্ন মন্ত্রণালয়ের কর্মকর্তাদের একত্রে কাজ করা এবং সমন্বিত কাজের প্রয়োজনীয়তা বিষয়ে সচেতনতা এবং দক্ষতা বৃদ্ধির প্রশিক্ষণের ব্যবস্থা করা যেন বিভিন্ন মন্ত্রণালয়ের কর্মকর্তাগণ সমন্বিতভাবে অভিবাসী কর্মী এবং অভিবাসী জনগোষ্ঠীর (নারী-পুরুষ নির্বিশেষে) প্রয়োজন মেটাতে পারে।<br>২. গন্তব্য দেশে কর্মী প্রেরণের জন্য নারী অভিবাসী কর্মীদের চাহিদা এবং নিরাপত্তা নিশ্চিত করতে বিশেষ শর্তসহ গন্তব্য দেশের সঙ্গে দ্বিপাক্ষিক চুক্তি প্রণয়ন, দ্বিপাক্ষিক চুক্তির ভিত্তিতে নারী অভিবাসী কর্মীদের জন্য মানসম্মত চুক্তিপত্রের ব্যবস্থা এবং নিয়োগকর্তা কর্তৃক চুক্তি ভঙ্গ হলে ক্ষতিপূরণ আদায়ের ব্যবস্থা করা হবে। সাংবাৎসরিক দ্বিপাক্ষিক চুক্তিসমুহের পর্যালোচনার সুযোগ রাখা হবে।<br>৩. নিয়োগকর্তা কর্তৃক চুক্তি ভঙ্গ হলে ক্ষতিপূরণ আদায় এর ব্যবস্থা করতে হবে।<br>৪. আগ্রহী কর্মীদের দক্ষতা অনুযায়ী অধিকতর বৈদেশিক কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি এবং তাদের, বিশেষ করে নারী কর্মীদের সর্বোত্তম সুরক্ষা নিশ্চিত করার লক্ষ্যে কূটনৈতিক সম্পর্ক বৃদ্ধি ও জোরদার করা হবে। | » সমীক্ষা প্রতিবেদন<br>» কর্মপরিকল্পনা<br>» কর্মপরিকল্পনা বাস্তবায়ন<br>» বাৎসরিক এবং অন্যান্য প্রতিবেদন<br>» কন্ট্র্যাক্ট এগ্রিমেন্ট<br>» দ্বিপাক্ষিক চুক্তি | দীর্ঘমেয়াদী | **মূল দায়িত্ব**<br>১. প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়<br><br>**সহযোগী**<br>১. পররাষ্ট্র মন্ত্রণালয়<br>২. স্বরাষ্ট্র মন্ত্রণালয়<br>৩. মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়<br>৪. আইন বিভাগ<br>৫. এনজিও<br>৬. গবেষণা প্রতিষ্ঠান<br>৭. উন্নয়ন সহযোগী সংস্থা |

১ স্বল্পমেয়াদী ০-২ বছর পর্যন্ত, মধ্যমেয়াদী ০-৫ বছর পর্যন্ত এবং দীর্ঘমেয়াদী ০-১০ বছর পর্যন্ত

| SL No | Baseline | Target | Activities/Intervention | Means of Verification | Implementing Period [1] | Implementing Partners |
|---|---|---|---|---|---|---|
| | Detailed particulars of female migrant workers working in destination countries will be entered into a register to be maintained by Bangladesh Missions abroad. (Policy Directives 2.4.7) | | | | | |
| **42** | Currently, no such information is kept in Bangladesh Missions or labour wings abroad. | A database will be prepared which will be linked to smart card issued to each migrant workers. | 1. A database of all female migrant workers working in various destination countries will be prepared and maintained by Bangladesh Missions abroad.<br>2. Arrangement will be made so that data contained in the smart card is shared or stored in the database maintained by the Bangladesh Missions abroad.<br>3. Assist BMET and other agencies to properly complete registration of the migrant workers in destination companies. | » Database,<br>» Annual and other reports. | Long term | **Leading role**<br>1. MoEW&OE<br><br>**Supporting role**<br>1. MoFA<br>2. MoHA<br>3. Law Division<br>4. BMET<br>5. Research Organization<br>6. Development Partners<br>7. NGO |

1 Short term 0-2 years, mid term 0-5 years and long term 0-10 years

| ক্রম | বেইজলাইন | লক্ষ্যমাত্রা | কার্যক্রম | নির্দেশিকা | বাস্তবায়ন মেয়াদ[১] | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|---|
| | বাংলাদেশি দূতাবাসসমূহের মাধ্যমে সংশ্লিষ্ট দেশে কর্মরত নারী কর্মীদের পূর্ণাঙ্গ বিবরণ ও তাদের নিবন্ধনের ব্যবস্থা নেয়া হবে। (নীতি নির্দেশনা ২.৪.৭) | | | | | |
| ৪২ | বর্তমানে বাংলাদেশী দূতাবাসে বা শ্রম উইংগুলোতে সংশ্লিষ্ট দেশে কর্মে নিয়োজিত নারী শ্রমিকদের তথ্য নেই। | ডাটাবেইজ তৈরী এবং স্মার্টকার্ডের সাথে সমন্বয় সাধন করা হবে। | ১. পৃথিবীর বিভিন্ন দেশে অবস্থিত প্রতিটি বাংলাদেশী মিশনে নারী অভিবাসী কর্মী এবং নারী অভিবাসী জনগোষ্ঠীর ডাটাবেইজ তৈরী এবং ধারাবাহিকভাবে সংরক্ষণ করা হবে।<br>২. স্মার্ট কার্ডে সংরক্ষিত ডাটা দূতাবাসের ডাটাবেইজ যেন থাকে তা নিশ্চিত করা হবে।<br>৩. গন্তব্য দেশে বাংলাদেশী অভিবাসী কর্মীদের নিবন্ধন সূচারুরূপে সম্পাদনের জন্য বিএমইটি এবং অন্যান্য সংস্থাকে সহযোগিতা প্রদান করা হবে। | ৪. ডাটাবেইজ<br>» বাৎসরিক এবং অন্যান্য প্রতিবেদন | দীর্ঘমেয়াদী | **মূল দায়িত্ব**<br>১. প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়<br><br>**সহযোগী**<br>১. পররাষ্ট্র মন্ত্রণালয়<br>২. স্বরাষ্ট্র মন্ত্রণালয়<br>৩. আইন বিভাগ<br>৪. বিএমইটি<br>৫. গবেষণা প্রতিষ্ঠান<br>৬. উন্নয়ন সহযোগী সংস্থা<br>৭. এনজিও |

১ স্বল্পমেয়াদী ০-২ বছর পর্যন্ত, মধ্যমেয়াদী ০-৫ বছর পর্যন্ত এবং দীর্ঘমেয়াদী ০-১০ বছর পর্যন্ত

| SL No | Baseline | Target | Activities/Intervention | Means of Verification | Implementing Period [1] | Implementing Partners |
|---|---|---|---|---|---|---|
| | More female officials will be posted in the Labour Welfare Wings of destination countries in which female migrant workers are too many in number. These female officers will be given special training and upscaling of skills so that they can work in support of the female migrant workers, i.e. their protection, inspection of workplace environment, offering legal aid, psychological help, health and financial support etc. (Policy Directives 2.4.8) | | | | | |
| **43** | Few female officials are seen in the Labour Welfare Wings of Bangladesh Mission in Destination Countries.<br>There is no cell for offering legal aid. | Appointment, every year, of female officials in the Labour Welfare Wing of at least one destination country where there are too many female migrants. These female officials will be given subject-wise training.<br>Every year, at least one cell for offering legal aid in one destination country will be established. | 1. Number of female migrant officials will be increased in the Labour Welfare Wing of the destination countries in which female migrant workers are big in number.<br>2. It will be ensured that these female officers are given special training and upscaling of skills so that they can work in support of the female migrant workers, i.e. their protection, inspection of workplace environment, offering legal aid, psychological help, health and financial support etc.<br>3. Establishment of legal aid cells in all Bangladesh Missions abroad.<br>4. Female Labour Welfare Officer will be appointed in labour wings of Bangladesh Missions abroad.<br>5. Create legal aid cell in every mission abroad. | » Study Report,<br>» Work plan,<br>» Implementation of work plan,<br>» Training Reports. | Mid term | **Leading role**<br>1. MoEW&OE<br><br>**Supporting role**<br>1. MoFA<br>2. MoPA<br>3. MoLPA<br>4. NGO |

1 Short term 0-2 years, mid term 0-5 years and long term 0-10 years

| ক্রম | বেইজলাইন | লক্ষ্যমাত্রা | কার্যক্রম | নির্দেশিকা | বাস্তবায়ন মেয়াদ[১] | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|---|
| | যে সব গন্তব্য দেশে বাংলাদেশি নারী অভিবাসী কর্মীর সংখ্যা বেশি বিশেষত সেসব দেশের শ্রম কল্যাণ উইংগুলোতে নারী কর্মকর্তার সংখ্যা বাড়ানো হবে। এসকল নারী কর্মকর্তাদের বিশেষ প্রশিক্ষণ ও দক্ষতা বৃদ্ধির মাধ্যমে নারী অভিবাসী কর্মীদের সুরক্ষা, কাজের পরিবেশ পর্যবেক্ষণসহ যাবতীয় প্রয়োজনীয় আইনি, মনস্তাত্ত্বিক, স্বাস্থ্যগত ও আর্থিক বিষয়ে পরামর্শ প্রদানের বিষয়টি নিশ্চিত করা হবে। (নীতি নির্দেশনা ২.৪.৮) | | | | | |
| ৪৩ | গন্তব্য-দেশে শ্রম উইং-এ অপ্রতুল নারী কর্মকর্তা দূতাবাসে আইনগত সহায়তা সেল অনুপস্থিত। | যেসব গন্তব্য-দেশে বাংলাদেশি নারী অভিবাসী কর্মীর সংখ্যা বেশি সেখানে প্রতি বছর অন্তত ১টি দেশে নারী কর্মকর্তাদের নিয়োগ দান এবং বিষয়ভিত্তিক প্রশিক্ষণ দান।<br>প্রতি বছর অন্তত ১টি দেশে আইনগত সহায়তা সেল গঠন এবং কার্যকরী সেবা প্রদান। | ১. যেসব গন্তব্য দেশে বাংলাদেশি নারী অভিবাসী কর্মীর সংখ্যা বেশি বিশেষত: সেসব দেশের শ্রম কল্যাণ উইংগুলোতে নারী কর্মকর্তার সংখ্যা বাড়ানো হবে।<br>২. নারী কর্মকর্তাদের বিশেষ প্রশিক্ষণ ও দক্ষতা বৃদ্ধির মাধ্যমে নারী অভিবাসী কর্মীদের সুরক্ষা, কাজের পরিবেশ পর্যবেক্ষণসহ যাবতীয় প্রয়োজনীয় আইনি, মনস্তাত্ত্বিক, স্বাস্থ্যগত ও আর্থিক বিষয়ে পরামর্শ প্রদানের বিষয়টি নিশ্চিত করা হবে।<br>৩. প্রত্যেক দূতাবাসে আইনগত সহায়তা সেল গঠন করা হবে।<br>৪. গন্তব্যদেশে নারী কল্যাণ কর্মকর্তা নিয়োগ হবে (দূতাবাসের শ্রম কল্যাণ বিভাগ)।<br>৫. প্রত্যেক দূতাবাসে আইনগত সহায়তা সেল গঠন করা হবে। | » সমীক্ষা প্রতিবেদন<br>» কর্মপরিকল্পনা<br>» কর্মপরিকল্পনা বাস্তবায়ন<br>» প্রশিক্ষণ প্রতিবেদন | মধ্যমেয়াদী | **মূল দায়িত্ব**<br>১. প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়<br><br>**সহযোগী**<br>১. পররাষ্ট্র মন্ত্রণালয়<br>২. জনপ্রশান মন্ত্রণালয়<br>৩. আইন ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়<br>৪. এনজিও |

১ স্বল্পমেয়াদী ০-২ বছর পর্যন্ত, মধ্যমেয়াদী ০-৫ বছর পর্যন্ত এবং দীর্ঘমেয়াদী ০-১০ বছর পর্যন্ত

| SL No | Baseline | Target | Activities/Intervention | Means of Verification | Implementing Period [1] | Implementing Partners |
|---|---|---|---|---|---|---|
| | Under the Wage Earners' Welfare Board, various gender-sensitive projects will be undertaken in order for overseas employment for the females, development of their skills and protection of the female migrant workers and their families. Special support programs and counseling services will be undertaken for those returnee female migrants who suffered social and psychological traumas. (Policy Directives 2.4.9) | | | | | |
| **44** | There is no gender sensitive social safety network exclusively for migrant workers or their family members.<br>There is no arrangement for giving services to female migrant workers and their family members. | Creation of a gender-sensitive social safety network for the purpose of providing services to the families of female migrant workers.<br>Female migrant workers and their family members will be brought under various service and promotional schemes by introducing special smart card. | 1. Preparation of a gender-sensitive social safety network, with support from BMET and NGOs, for the purposes of assisting the families, specially, the children in getting school admission and medical services on preferential basis.<br>2. Introducing a social welfare policy under joint initiative of the MoEW&OE, MoL&E and MoWCA providing support services for the returnee migrant workers, especially female migrant workers, in the event of any physical, mental or psychological problem arising out of professional causes.<br>3. Encouraging the returnee female migrant workers, their families and the female migrants' community to invest their income in savings certificates, and endeavoring to obtain tax rebate for them.<br>4. Undertaking activities for raising of awareness in the mass media for providing protection to female migrants and their families and for that purpose, encouraging awareness in the mass media.<br>5. Ensuring use of the fund of wage earners' welfare Board for repatriation, protection, skill development and family welfare of the returnee female migrants.<br>6. Introducing a special smart card for female migrant workers and their families which would help them get various services and support under any promotional scheme.<br>7. Use Wage Earners' fund for return, protection, skill development and development of the family. | » Study Report,<br>» Work plan,<br>» Implementation of work plan,<br>» Training Reports. | Long term | **Leading role**<br>1. MoEW&OE<br>**Supporting role**<br>1. MoFA<br>2. Labour Welfare Wings<br>3. Ministry of Women and Children Affairs<br>4. MoI<br>5. MoE<br>6. MoH<br>7. Financial Institution Division<br>8. NGO<br>9. Research Organization<br>10. Development Partners<br>11. BMET |

1 Short term 0-2 years, mid term 0-5 years and long term 0-10 years

| ক্রম | বেইজলাইন | লক্ষ্যমাত্রা | কার্যক্রম | নির্দেশিকা | বাস্তবায়ন মেয়াদ[১] | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|---|
| | নারীদের জন্য বৈদেশিক কর্মসংস্থানের ক্ষেত্রে ও পেশায় সম্প্রসারণ, দক্ষতার উন্নয়ন এবং অভিবাসী নারী কর্মী ও তাদের পরিবারের সদস্যদের সামাজিক সুরক্ষা প্রদানে ওয়েজ আর্নার্স কল্যাণ তহবিলের আওতায় বিভিন্ন নারী পুরুষ সম্পর্ক-সংবেদনশীল উন্নয়নমূলক কার্যক্রম অন্তর্ভুক্ত করা হবে। বিদেশে কর্মরত বা প্রত্যাগত নারী কর্মীদের মধ্যে যাঁরা সামাজিক ও মনস্তাত্বিক ক্ষতি ও অসুবিধার সম্মুখীন হয়েছেন তাঁদের জন্য বিশেষ সহায়তামূলক কর্মসূচিসহ সেবা ও পরামর্শ কার্যক্রম গ্রহণ করা হবে। (নীতি নির্দেশনা ২.৪.৯) | | | | | |
| ৪৪ | অভিবাসী কর্মী, বিশেষত নারী অভিবাসী কর্মীর পরিবারকে সেবা গ্রহণের সুযোগ দেবার জন্য কোন জেন্ডার-সংবেদনশীল সামাজিক নিরাপত্তাজালের অবকাঠামো অনুপস্থিত।<br>নারী অভিবাসী কর্মী এবং তাদের পরিবারের জন্য সেবার ব্যবস্থা নেই। | অভিবাসী কর্মী বিশেষত নারী অভিবাসী কর্মীর পরিবারকে সেবা গ্রহণের সুযোগ দেবার জন্য কোন জেন্ডার-সংবেদনশীল সামাজিক নিরাপত্তাজালের অবকাঠামো গঠন।<br>নারী অভিবাসী কর্মী এবং তাদের পরিবারের জন্য বিশেষ স্মার্ট কার্ডের প্রবর্তন করে তাদের বিভিন্ন সেবা এবং প্রণোদনা স্কীমের আওতায় আনা। | ১. অভিবাসী কর্মী বিশেষত নারী অভিবাসী কর্মীর পরিবারকে সেবা গ্রহণের সুযোগ দেবার জন্য বিএমইটি এবং এনজিও-এর সহযোগিতায় একটি নারী পুরুষ সম্পর্ক-সংবেদনশীল সামাজিক নিরাপত্তাজালের অবকাঠামো তৈরী করা যা স্কুলে ভর্তি, চিকিৎসা সেবা প্রাপ্তি এবং অন্যান্য সেবা প্রাপ্তির ক্ষেত্রে অভিবাসী কর্মী, নারী অভিবাসী কর্মীর পরিবার এবং বিশেষত শিশুদের অগ্রাধিকারভিত্তিক সেবা পেতে সহায়তা প্রদান করবে।<br>২. ফেরত আসা অভিবাসী কর্মী বিশেষত: ফেরত আসা নারী অভিবাসী কর্মীর পেশাগত কারণে বা অন্য যেকোন কারণে শারীরিক, মানসিক এবং মনস্তাত্বিক সমস্যায় সহায়তা প্রদানের জন্য প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এবং মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় যৌথভাবে একটি সামাজিক কল্যাণ নীতি গঠন করা হবে।<br>৩. ফেরত আসা নারী অভিবাসী কর্মী, অভিবাসী কর্মীদের পরিবার এবং নারী অভিবাসী জনগোষ্ঠীকে দেশের মধ্যে বিনিয়োগে উৎসাহিত করতে আয়কর সুবিধা প্রদানের লক্ষ্যে সম্ভাব্য ক্ষেত্র অনুসন্ধানের জন্য মূল্যায়ন করা এবং বিভিন্ন আয়কর সুবিধা প্রদানের ব্যবস্থা করা হবে।<br>৪. নারী অভিবাসী কর্মী এবং তাদের পরিবারের সুরক্ষার ব্যাপারে গণমাধ্যম ব্যবহারে সচেতনতা বৃদ্ধির জন্য কার্যক্রম গ্রহণ করা এবং গনমাধ্যমকে সচেতনতা বৃদ্ধির কাজে উৎসাহিত করা।<br>৫. প্রত্যাগত নারী শ্রমিকের প্রত্যাবর্তন সুরক্ষা, দক্ষতা, উন্নয়ন ও পরিবারের উন্নয়নের কাজে ওয়েজ আর্নার্স কল্যাণ তহবিলের ব্যবহার নিশ্চিত করা হবে।<br>৬. নারী অভিবাসী কর্মী এবং তাদের পরিবারের জন্য একটি বিশেষ স্মার্ট কার্ডের প্রবর্তন করা যা তাদের বিভিন্ন সেবা এবং প্রণোদনা স্কীমের আওতায় সহায়তা পেতে সাহায্য করবে।<br>৭. ওয়েজ আর্নার ওয়েল ফেয়ার বোর্ড-এর অর্থসম্পদ প্রত্যাগত নারী শ্রমিকের প্রত্যাবর্তন সুরক্ষা, দক্ষতা, উন্নয়ন ও পরিবারের উন্নয়নের কাজে ব্যবহার করতে হবে। | » সমীক্ষা প্রতিবেদন<br>» কর্মপরিকল্পনা<br>» কর্মপরিকল্পনা বাস্তবায়ন<br>» প্রশিক্ষণ প্রতিবেদন | দীর্ঘমেয়াদী | **মূল দায়িত্ব**<br>১. প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়<br><br>**সহযোগী**<br>১. পররাষ্ট্র মন্ত্রণালয়<br>২. শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়<br>৩. মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়<br>৪. তথ্য মন্ত্রণালয়<br>৫. শিক্ষা মন্ত্রণালয়<br>৬. স্বাস্থ্য মন্ত্রণালয়<br>৭. আর্থিক প্রতিষ্ঠান বিভাগ<br>৮. এনজিও<br>৯. গবেষণা প্রতিষ্ঠান<br>১০. উন্নয়ন সহযোগী সংস্থা<br>১১. বিএমইটি |

১ স্বল্পমেয়াদী ০-২ বছর পর্যন্ত, মধ্যমেয়াদী ০-৫ বছর পর্যন্ত এবং দীর্ঘমেয়াদী ০-১০ বছর পর্যন্ত

| SL No | Baseline | Target | Activities/Intervention | Means of Verification | Implementing Period [1] | Implementing Partners |
|---|---|---|---|---|---|---|
| | Sophisticated and safe banking system will be made available for the female migrant workers to send remittance. Moreover, various promotional schemes and programs will be launched by public and private banks encouraging remittance through legal channels. (Policy Directives 2.4.10) | | | | | |
| **45** | Currently, there are dearth of loans, and other banking & investment facilities for female migrants. | Introduction of various types of loans, banking and investment facilities for returnee female migrant workers, female migrant workers and their families. | 1. Feasibility study of offering bank loans to female migrant workers, their families and returnee female workers with nominal or no interest and on easy terms and condition, and finding various ways and means for distribution of loans.<br>2. Launching various promotional schemes and creating scopes for encouraging female migrant workers and their families in various types of investments.<br>3. Create separate desk for remittance in the banks.<br>4. Offering cash incentives as TK 1 more for remitting money in legal channel, than commercial rate.<br>5. Abolish any discriminatory rule towards women in the Banking Sector. | » Study Report,<br>» Work plan,<br>» Implementation of work plan. | Long term | **Leading role**<br>1. Financial Institution Division<br><br>**Supporting role**<br>1. MoEW&OE<br>2. BBS<br>3. Probashi Kollyan Bank |

1 Short term 0-2 years, mid term 0-5 years and long term 0-10 years

| ক্রম | বেইজলাইন | লক্ষ্যমাত্রা | কার্যক্রম | নির্দেশিকা | বাস্তবায়ন মেয়াদ[1] | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|---|
| | অভিবাসী নারী কর্মীদের জন্য বিদেশ থেকে টাকা পাঠানোর উন্নত ও নিরাপদ ব্যাংকিং ব্যবস্থা প্রবর্তন করা হবে। তাছাড়া প্রবাসী আয় প্রেরণে ব্যাংকিং ও নিরাপদ পদ্ধতি ব্যবহারে অভিবাসীদের আকৃষ্ট করার লক্ষ্যে সরকারি ও বেসরকারি ব্যাংকসমূহকে বিভিন্ন প্রণোদনামূলক স্কীম ও কর্মসূচি গ্রহণ করতে উৎসাহিত করা হবে। (নীতি নির্দেশনা ২.৪.১০) | | | | | |
| ৪৫ | নারী অভিবাসী কর্মীদের জন্য বিভিন্ন ঋণ, ব্যাংকিং এবং বিনিয়োগ সুবিধার অভাব রয়েছে। | নারী অভিবাসী কর্মী ও তাদের পরিবার এবং দেশে প্রত্যাগত নারী কর্মীদের জন্য বিভিন্ন ঋণ, ব্যাংকিং প্রণোদনা এবং বিনিয়োগ সুবিধা প্রণয়ন। | ১. নারী অভিবাসী কর্মী ও তাদের পরিবার এবং দেশে প্রত্যাগত অভিবাসী নারীদেরকে সহজশর্তে এবং নিম্নসুদে বা শূন্য সুদে ঋণ প্রাপ্তির বিভিন্ন সম্ভাব্যতা যাচাই এবং ঋণ প্রদানের বিভিন্ন পদ্ধতি তৈরী করা হবে।<br>২. নারী অভিবাসী কর্মী ও তাদের পরিবার এবং অভিবাসী জনগোষ্ঠী নারীদের বিনিয়োগে উৎসাহিত করতে বিভিন্ন প্রণোদনা স্কিম এবং সুযোগের ব্যবস্থা করা হবে।<br>৩. ব্যাংকগুলোতে রেমিট্যান্স গ্রহণের জন্য আলাদা ডেস্ক প্রতিষ্ঠা করা হবে।<br>৪. প্রণোদনা হিসাবে ব্যাংকগুলোকে নগদ সুবিধা, যেমন রেমিট্যান্স আকারে পাঠানো অর্থের বিনিময়হার বাজার মূল্যের চেয়ে ১ টাকা হারে বেশি দেবার ব্যবস্থা করা হবে ।<br>৫. ব্যাংকিং প্রক্রিয়ায় অভিবাসী নারী কর্মীর প্রতি কোনো বৈষম্যমূলক বিধিবিধান থাকলে তা বাতিল করার ব্যবস্থা গ্রহণ করা হবে। | » সমীক্ষা প্রতিবেদন<br>» কর্মপরিকল্পনা<br>» কর্মপরিকল্পনা বাস্তবায়ন | দীর্ঘমেয়াদী | **মূল দায়িত্ব**<br>১. আর্থিক প্রতিষ্ঠান বিভাগ<br><br>**সহযোগী**<br>১. প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়<br>২. বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো<br>৩. প্রবাসী কল্যাণ ব্যাংক |

[1] স্বল্পমেয়াদী ০-২ বছর পর্যন্ত, মধ্যমেয়াদী ০-৫ বছর পর্যন্ত এবং দীর্ঘমেয়াদী ০-১০ বছর পর্যন্ত

| SL No | Baseline | Target | Activities/Intervention | Means of Verification | Implementing Period [1] | Implementing Partners |
|---|---|---|---|---|---|---|
| | Arranging special training for the females so that they, while in abroad, can take preparation or precautionary measures of meeting the challenges in case they are in an imminent physical or mental risk. If necessary, they will be given security training. (Policy Directives 2.4.11) | | | | | |
| **46** | Lack of proper knowledge with respect to gender-sensitive four-stage quality protection structure in the event of female migrant workers are chosen for foreign employment. | Arrangement of a gender-sensitive four-stage quality protection model structure in the event of female migrant workers are chosen for foreign employment. | 1. Piloting of a gender-sensitive four-stage (pre-migration, migration processing, in the work place, returnee migrant) quality protection model structure with a model service package (including mental health and counseling services).<br>2. Every female migrant worker will be provided training on self-defense and security issues and TTC curriculum should contain these self-defense and security issues. | » Work plan,<br>» Implementation of work plan report.<br>» Training Reports. | Mid term | **Leading role**<br>1. MoEW&OE<br><br>**Supporting role**<br>1. MoFA<br>2. Ministry of Women and Children Affairs<br>3. BMET<br>4. NSDC<br>5. NGO<br>6. Research Organizations<br>7. Development Partners |

1 Short term 0-2 years, mid term 0-5 years and long term 0-10 years

| ক্রম | বেইজলাইন | লক্ষ্যমাত্রা | কার্যক্রম | নির্দেশিকা | বাস্তবায়ন মেয়াদ[1] | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|---|
| | নারীদের নিরাপত্তা প্রশিক্ষণসহ বিশেষ ধরনের প্রশিক্ষণ ব্যবস্থা করা যাতে বিদেশে নিজেদের শারীরিক বা মানসিক সম্ভাব্য বিপদ সম্পর্কে অবহিত হয়ে নতুন চ্যালেঞ্জ মোকাবেলা করার জন্য যথাযথ প্রস্তুতি নিতে পারে। প্রয়োজনবোধে নিরাপত্তামূলক প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হবে। (নীতি নির্দেশনা ২.৪.১১) | | | | | |
| **৪৬** | নারী অভিবাসী কর্মীদের বিদেশে চাকুরী পাওয়ার ক্ষেত্রে একটি জেন্ডার-সংবেদনশীল, মানসম্মত চারস্তর বিশিষ্ট সুরক্ষা কাঠামো কেমন হওয়া উচিত সে সম্পর্কে কার্যকর জ্ঞানের অভাব রয়েছে। | নারী অভিবাসী কর্মীদের বিদেশে চাকুরী পাওয়ার ক্ষেত্রে একটি জেন্ডার-সংবেদনশীল মানসম্মত চারস্তরবিশিষ্ট সুরক্ষা কাঠামোর মডেল প্রাপ্তি। | ১. নারী অভিবাসী কর্মীদের বিদেশে চাকুরী পাওয়ার ক্ষেত্রে একটি নারী পুরুষ সম্পর্ক- সংবেদনশীল চারস্তরবিশিষ্ট (অভিবাসনপূর্ব-কালীন-কর্মকালীন-পরবর্তী) সুরক্ষা কাঠামো সমৃদ্ধ মডেল সেবা প্যাকেজ (মানসিক স্বাস্থ্য ও কাউন্সেলিং সেবাসহ) গঠনের জন্য পাইলটিং করা হবে।<br>২. প্রত্যেক নারী কর্মীকে বিদেশ গমনের পূর্বে আত্মরক্ষা ও নিরাপত্তা বিষয়ক বিশেষ প্রশিক্ষণের ব্যবস্থা কারিগরি প্রশিক্ষণের কেন্দ্র এর পাঠক্রমে অন্তর্ভুক্ত করতে হবে। | » কর্মপরিকল্পনা<br>» কর্মপরিকল্পনা বাস্তবায়ন প্রতিবেদন<br>» প্রশিক্ষণ প্রতিবেদন | মধ্যমেয়াদী | **মূল দায়িত্ব**<br>১. প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়<br><br>**সহযোগী**<br>১. পররাষ্ট্র মন্ত্রণালয়<br>২. মহিলা ও শিশুবিষয়ক মন্ত্রণালয়<br>৩. বিএমইটি<br>৪. এনএসডিসি<br>৫. এনজিও<br>৬. গবেষণা প্রতিষ্ঠান<br>৭. উন্নয়ন সহযোগী সংস্থা |

১ স্বল্পমেয়াদী ০-২ বছর পর্যন্ত, মধ্যমেয়াদী ০-৫ বছর পর্যন্ত এবং দীর্ঘমেয়াদী ০-১০ বছর পর্যন্ত

| SL No | Baseline | Target | Activities/Intervention | Means of Verification | Implementing Period [1] | Implementing Partners |
|---|---|---|---|---|---|---|
| **Linking Labour Migration with National Development** | | | | | | |
| | Detailed and intensive researches will be conducted, through systematic analyses and profiling, to underscore the increasing contribution of labour migration to the overall economic development process. (Policy Directives 2.5.1) | | | | | |
| **47** | Global and national labour migration report, migration profiles and labour market survey report. | Research works on the demand of labour in foreign markets will be conducted every year. | 1. Detailed and intensive researches will be conducted to underscore the increasing significance of labour migration.<br>2. Systematic analyses and profile will be introduced.<br>3. Study programs will be undertaken in order to determine the actual contribution of labour migration and remittance to national plan and development.<br>4. Conduct study on importance of migration and remittance over national plans and development, by utilising inter-ministerial forums.<br>5. Analyzing the impact of migration and remittance on unemployment, poverty reduction and development of social skills. | » Labour Research<br>» Research on migration | Long term | **Leading role**<br>1. MoEW&OE<br><br>**Supporting role**<br>1. MoP<br>2. Bangladesh Bank<br>3. Research Organizations<br>4. Development Partners<br>5. BMET<br>6. BBS |

1 Short term 0-2 years, mid term 0-5 years and long term 0-10 years

| ক্রম | বেইজলাইন | লক্ষ্যমাত্রা | কার্যক্রম | নির্দেশিকা | বাস্তবায়ন মেয়াদ[১] | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|---|
| **জাতীয় উন্নয়নের সাথে শ্রম অভিবাসন সম্পৃক্তকরণ** | | | | | | |
| | অর্থনীতির সার্বিক উন্নয়ন প্রক্রিয়ায় শ্রম অভিবাসন খাতের ক্রমবর্ধমান গুরুত্ব সম্পর্কে বিস্তৃত ও নিবিড় গবেষণার মাধ্যমে পদ্ধতিগতভাবে বিশ্লেষণ ও রূপরেখা প্রণয়ন করা হবে। (নীতি নির্দেশনা ২.৫.১) | | | | | |
| ৪৭ | আন্তর্জাতিক ও জাতীয় শ্রম অভিবাসন প্রতিবেদন, অভিবাসন প্রোফাইল এবং শ্রম বাজার জরীপ প্রতিবেদন। | প্রতিবছর শ্রমিক গ্রহণকারী দেশের শ্রম বাজারের চাহিদার উপর গবেষণা পরিচালনা। | ১. শ্রম অভিবাসন খাতের ক্রমবর্ধমান গুরুত্ব সম্পর্কে বিস্তৃত ও নিবিড় গবেষণা করা হবে।<br>২. পদ্ধতিগতভাবে বিশ্লেষণ ও রূপরেখা প্রণয়ন করা হবে।<br>৩. শ্রম অভিবাসন খাতের ক্রমবর্ধমান গুরুত্ব সম্পর্কে বিস্তৃত ও নিবিড় শ্রমবাজার গবেষণা করা হবে।<br>৪. আন্তঃমন্ত্রণালয়ের ফোরাম ব্যবহার করে জাতীয় পরিকল্পনা এবং উন্নয়নে অভিবাসন ও রেমিট্যান্সের প্রকৃত গুরুত্বের উপর সমীক্ষা পরিচালনা করা হবে।<br>৫. বেকারত্ব ও দারিদ্র্য হ্রাস এবং সামাজিক দক্ষতা বৃদ্ধির উপর অভিবাসন ও রেমিট্যান্সের প্রভাব পর্যালোচনা করা হবে। | » শ্রমবাজার গবেষণা<br>» অভিবাসন সংশ্লিষ্ট গবেষণা সমীক্ষা | দীর্ঘমেয়াদী | **মূল দায়িত্ব**<br>১. প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়<br><br>**সহযোগী**<br>১. পরিকল্পনা বিভাগ<br>২. বাংলাদেশ ব্যাংক<br>৩. গবেষণা প্রতিষ্ঠান<br>৪. উন্নয়ন সহযোগী সংস্থা<br>৫. বিএমইটি<br>৬. বিবিএস |

১ স্বল্পমেয়াদী ০-২ বছর পর্যন্ত, মধ্যমেয়াদী ০-৫ বছর পর্যন্ত এবং দীর্ঘমেয়াদী ০-১০ বছর পর্যন্ত

| SL No | Baseline | Target | Activities/Intervention | Means of Verification | Implementing Period [1] | Implementing Partners |
|---|---|---|---|---|---|---|
| | For the purpose of appropriate reflection of the significance of international migration in all national development plan and policies, intensive analysis of the variables that determine the trajectory of international labour market (i.e. demand & supply of labourers, features of national labour market, female labour migration) will be made. (Policy Directives 2.5.2) | | | | | |
| **48** | List of trainees available with TTCs and IMTs under BMET. | A country-wise, vocation-wise and gender-based database of the workers will be made. | 1. Variables for determining the trajectory of labour migration will be identified through research findings.<br>2. Long term training on work and language will be given by BMET.<br>3. Female workers will be given preference for institutional jobs.<br>4. Inclusion of migration related variables in planning documents. | » Research Report | Mid term | **Leading role**<br>1. MoEW&OE<br><br>**Supporting role**<br>1. MoP<br>2. BMET<br>3. Research Organizations<br>4. Development Partners |
| | After setting a realistic target for labour migration and remittance, steps will be taken for implementation of midterm macroeconomic structure, i.e. implementation of national development plan. **(Policy Directives 2.5.3)** | | | | | |
| **49** | In the sixth five year plan, goal for remittance was US$ 15.7 billion while that of the 7th Five year plan is US$ 25.4 billion. | » Creation of skilled manpower,<br>» Ensuring contractual employment,<br>» Steps to be taken for increase of remittance as per 7th FY plan. | 1. Demand based long term training will be imparted.<br>2. Contracts will be ensured by bringing the Recruiting Agents into accountability.<br>3. Programs and strategies will be taken for establishing best linkage between migration and development.<br>4. Sending money through remittance will be ensured. | » Monitoring Reports | Mid term | **Leading role**<br>1. MoEW&OE<br><br>**Supporting role**<br>1. MoP<br>2. BMET<br>3. BAIRA<br>4. NSDC |

1 Short term 0-2 years, mid term 0-5 years and long term 0-10 years

| ক্রম | বেইজলাইন | লক্ষ্যমাত্রা | কার্যক্রম | নির্দেশিকা | বাস্তবায়ন মেয়াদ[1] | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|---|
| | জাতীয় পর্যায়ের সকল উন্নয়ন পরিকল্পনা ও নীতিতে আন্তর্জাতিক অভিবাসনের গুরুত্বের যথাযথ প্রতিফলনের জন্য আন্তর্জাতিক শ্রম অভিবাসনের গতিপথ নির্ধারণের নিয়ামকসমূহের (যথা: শ্রম চাহিদা ও যোগান, জাতীয় শ্রমবাজারের বৈশিষ্ট্য, নারী শ্রম অভিবাসন ইত্যাদি) নিবিড়ভাবে পর্যালোচনা করা হবে। (নীতি নির্দেশনা ২.৫.২) | | | | | |
| ৪৮ | বিএমইটির অধীন কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র ও মেরিন কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে প্রশিক্ষণার্থী তালিকা রয়েছে। | দেশ, পেশা, লিঙ্গ ভিত্তিক কর্মীদের তথ্য তৈরী। | ১. গবেষণালব্ধ তথ্যের ভিত্তিতে শ্রম অভিবাসনের গতিপথ নির্ধারণের নিয়ামকসমূহ চিহ্নিত করা হবে।<br>২. বিএমইটি এর মাধ্যমে কাজের জন্য এবং ভাষার উপর দীর্ঘমেয়াদি প্রশিক্ষণ প্রদান করা হবে।<br>৩. প্রাতিষ্ঠানিক ক্ষেত্রে মেয়েদের চাকুরীর অগ্রাধিকার দেয়া হবে।<br>৪. পঞ্চবার্ষিক পরিকল্পনা ও অন্যান্য পরিকল্পনা বিষয়ক দলিলে অভিবাসনের নিয়ামকগুলি অন্তর্ভুক্ত করা হবে। | » গবেষণা প্রতিবেদন | মধ্যমেয়াদী | **মূল দায়িত্ব**<br>১. প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়<br><br>**সহযোগী**<br>১. পরিকল্পনা মন্ত্রণালয়<br>২. বিএমইটি<br>৩. গবেষণা প্রতিষ্ঠান<br>৪. উন্নয়ন সহযোগী |
| | বাস্তবসম্মত শ্রম অভিবাসন ও প্রবাসী আয়ের লক্ষ্যমাত্রা নির্ধারণপূর্বক জাতীয় পর্যায়ে মধ্যমেয়াদী সামষ্টিক অর্থনৈতিক কাঠামো বাস্তবায়ন তথা জাতীয় উন্নয়ণ পরিকল্পনা বাস্তবায়নে কার্যকর পদক্ষেপ গ্রহণ করা হবে। (নীতি নির্দেশনা ২.৫.৩) | | | | | |
| ৪৯ | ৬ষ্ঠ পঞ্চবার্ষিক পরিকল্পনায় প্রবাসী আয়ের লক্ষ্যমাত্রা ছিল ১৫.৭ বিলিয়ন ডলার যা ৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনায় বৃদ্ধি করে ২৫.৪ বিলিয়ন ডলারে নির্ধারণ করা হয়েছে। | » দক্ষ জনশক্তি তৈরী করা।<br>» চুক্তিভিত্তিক চাকুরী নিশ্চিত করা।<br>» সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনা অনুযায়ী প্রবাসী আয় বৃদ্ধির ব্যবস্থা নেয়া। | ১. চাহিদা ভিত্তিক দীর্ঘমেয়াদী প্রশিক্ষণ দেয়া হবে।<br>২. রিক্রুটিং এজেন্সিকে জবাবদিহিতার আওতায় এনে চুক্তিগুলো নিশ্চিত করতে হবে।<br>৩. উন্নয়নের সাথে অভিবাসনের সর্বোত্তম সম্পর্ক স্থাপনের লক্ষ্যে কার্যক্রম গ্রহণ এবং কর্মকৌশল প্রণয়ন করা হবে।<br>৪. রেমিটেন্সের মাধ্যমে অর্থ প্রেরণ নিশ্চিত করতে হবে। | » পরিবীক্ষণ প্রতিবেদন | মধ্যমেয়াদী | **মূল দায়িত্ব**<br>১. প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়<br><br>**সহযোগী**<br>১. পরিকল্পনা মন্ত্রণালয়<br>২. বিএমইটি<br>৩. বায়রা<br>৪. এনএসডিসি |

১ স্বল্পমেয়াদী ০-২ বছর পর্যন্ত, মধ্যমেয়াদী ০-৫ বছর পর্যন্ত এবং দীর্ঘমেয়াদী ০-১০ বছর পর্যন্ত

| SL No | Baseline | Target | Activities/Intervention | Means of Verification | Implementing Period [1] | Implementing Partners |
|---|---|---|---|---|---|---|
| | Necessary steps (i.e. to change the status of the Probashi Kollyan Bank into a scheduled bank and expansion of its activities, encouraging expansion of branches to destination countries and to far-flung corners of Bangladesh, reasonable charges for remittance, remittance via electronic transfer) will be taken for ensuring lawful and easy homeward transfer of money from abroad. (Policy Directives 2.5.4) | | | | | |
| **50** | PKB is a scheduled bank, service yet to be decentralized. | Probashi Kollyan Bank increases its competency to shoulder responsibilities of earning remittance. | 1. MoEW&OE and Bangladesh Bank will take necessary steps to make sure that Probashi Kollyan Bank becomes competent to shoulder responsibilities of earning remittance.<br>2. Customer-friendly banking services, especially woman-friendly banking services are made available in the grass root level.<br>3. Recognition of the contribution of the migrant workers through analyses of macroeconomic plans, foreign currency reserve and bringing stability in the foreign exchange rate along with the role played in enhancing import power. | » Rate of Earning remittance | Long term | **Leading role**<br>1. Probashi Kolllyan Bank<br>**Supporting role**<br>1. Bank & Financial Institution Division<br>2. Finance Division<br>3. Bangladesh Bank |
| | Finding strategy for investment of remittance money in developing infrastructure and other productive areas. (Policy Directives 2.5.5) | | | | | |
| **51** | No strategy on investment of remittance by the diaspora. | Investment of remittance in productive sector. | 1. Female Diaspora/NRBs will be involved and encouraged in various ways.<br>2. Favorable environment will be created for business enterprises in public and private sectors.<br>3. Policies will be framed for investment by migrant workers and for joint business enterprises by local and foreign investors. | » Investment strategy | Long term | **Leading role**<br>1. MoEW&OE<br>**Supporting role**<br>1. Finance Division<br>2. BIDA |

1 Short term 0-2 years, mid term 0-5 years and long term 0-10 years

| ক্রম | বেইজলাইন | লক্ষ্যমাত্রা | কার্যক্রম | নির্দেশিকা | বাস্তবায়ন মেয়াদ[1] | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|---|
| | বৈধ ও সহজ পদ্ধতিতে বিদেশ হতে রেমিট্যান্স প্রেরণ নিশ্চিতকরণের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা (যথা; প্রবাসী কল্যাণ ব্যাংক-কে সিডিউল ব্যাংকে রূপান্তর এবং এর কার্যক্রম সম্প্রসারণ, গন্তব্যদেশে এবং বাংলাদেশের প্রত্যন্ত অঞ্চলে বাণিজ্যিক ব্যাংকসমূহের উপস্থিতি উৎসাহিতকরণ, রেমিট্যান্স প্রেরণে ব্যাংক ফি যৌক্তিকীকরণ, ইলেকট্রনিক উপায়ে রেমিট্যান্স প্রেরণ পদ্ধতির উন্নয়ন) গ্রহণ করা হবে। (নীতি নির্দেশনা ২.৫.৪) | | | | | |
| ৫০ | প্রবাসী কল্যাণ সিডিউলভূক্ত ব্যাংক হলেও এর সেবা এখন পর্যন্ত বিকেন্দ্রীকরণ হয়নি। | » রেমিট্যান্স গ্রহণের দায়িত্বে প্রবাসী কল্যাণ ব্যাংককে রূপান্তর। | ১. প্রবাসী কল্যাণ মন্ত্রণালয় ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় ও বাংলাদেশ ব্যাংক কর্তৃক এই প্রক্রিয়ার উদ্যোগ নিতে হবে।<br>২. তৃনমূল পর্যায়ে গ্রাহকবান্ধব ব্যাংকিং সেবা ও নারী- বান্ধব ব্যাংকিং সেবা প্রদান করা হবে।<br>৩. অভিবাসী কর্মীদের অবদানের স্বীকৃতি প্রদানপূর্বক, সামষ্টিক অর্থনীতি খাতের পরিকল্পনা ও বৈদেশিক মুদ্রার রিজার্ভে বিদেশী রেমিট্যান্সের প্রভাব এবং রেমিট্যান্স বৈদেশিক মুদ্রা বিনিময় হারের স্থিতিশিলতা আনয়ন এবং আমদানী-ক্ষমতা বৃদ্ধিতে কী ভূমিকা রাখে তা পর্যালোচনা। | » রেমিট্যান্স এর হার | দীর্ঘমেয়াদী<br>দীর্ঘমেয়াদী | **মূল দায়িত্ব**<br>১. প্রবাসী কল্যাণ ব্যাংক<br><br>**সহযোগী**<br>১. ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ<br>২. অর্থ বিভাগ<br>৩. বাংলাদেশ ব্যাংক |
| | অবকাঠামো খাতসহ অন্যান্য উৎপাদনশীল খাতে প্রবাসী রেমিট্যান্সের অর্থ বিনিয়োগের সম্ভাব্য কৌশল নিরূপণ। (নীতি নির্দেশনা ২.৫.৫) | | | | | |
| ৫১ | প্রবাসী বাংলাদেশিদের রেমিটেন্স বিনিয়োগের কোনো কৌশলপত্র প্রস্তুত হয়নি। | » রেমিট্যান্সের অর্থ উৎপাদনশীল খাতে বিনিয়োগ। | ১. নারী ডায়াসপোরা ও অনাবাসী বাংলাদেশীকে বিভিন্নভাবে সম্পৃক্ত ও উৎসাহিত করা হবে।<br>২. সরকারি-বেসরকারি ভাবে ব্যবসা করার অনুকূল পরিবেশ নিশ্চিত করা হবে।<br>৩. অভিবাসী কর্মী ও প্রবাসী বাংলাদেশীদের সহায়তায় বিনিয়োগের সুযোগ কাজে লাগানো এবং বিদেশী বিনিয়োগ ও যৌথ ব্যবসায়িক উদ্যোগকে আকৃষ্ট করার জন্য টেকসই নীতি প্রবর্তন। | » বিনিয়োগ কর্মকৌশল | দীর্ঘমেয়াদী | **মূল দায়িত্ব**<br>১. প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়<br><br>**সহযোগী**<br>১. অর্থ বিভাগ<br>২. বিডা |



১ স্বল্পমেয়াদী ০-২ বছর পর্যন্ত, মধ্যমেয়াদী ০-৫ বছর পর্যন্ত এবং দীর্ঘমেয়াদী ০-১০ বছর পর্যন্ত

| SL No | Baseline | Target | Activities/Intervention | Means of Verification | Implementing Period [1] | Implementing Partners |
|---|---|---|---|---|---|---|
| | Encouraging all concerned for offering cash incentives to Bangladeshi diaspora to encourage them to invest in the productive sectors of Bangladesh economy. (Policy Directives 2.5.6) | | | | | |
| **52** | Wage Earners Remittance Bond available through Bangladesh Bank. | Increase of direct investment and investment in bond by Bangladeshi diaspora | 1. Encouraging, with support from Bangladesh Bank, all migrant workers to invest in various bonds meant for the migrants only, and revisiting the existing arrangements to make them easily available to migrant workers.<br>2. Information/data will be developed on investment by Diaspora | » Bond register | Mid term | **Leading role**<br>1. MoEW&OE<br>2. Probashi Kolllyan Bank<br><br>**Supporting role**<br>1. Finance Division<br>2. Bangladesh Bank |
| | Sensitization of the migrant workers, particularly the female migrant workers, will be carried on in destination countries in respect of finance, education, banking facilities, best way for using remittance. (Policy Directives 2.5.7) | | | | | |
| **53** | Available through BOESL in South Korea and Jordan. | Increase rate of awareness on welfare facilities and utilization of remittance. | 1. Providing orientation on the best use of hard-earned money.<br>2. Making sure life skills is included in pre-departure briefing.<br>3. Offering loans, with minimum interest rate, and other banking facilities for the migrant, preferably female migrant, workers.<br>4. Financial and educational arrangement will be provided for migrant workers in collaboration with Bangladesh embassies and commercial banks. | » Manual of per departure briefings | Mid term | **Leading role**<br>1. MoEW&OE<br><br>**Supporting role**<br>1. Finance Division<br>2. Probashi Kolllyan Bank<br>3. BMET<br>4. WEWB<br>5. NGOs<br>6. Missions Abroad |

1 Short term 0-2 years, mid term 0-5 years and long term 0-10 years

| ক্রম | বেইজলাইন | লক্ষ্যমাত্রা | কার্যক্রম | নির্দেশিকা | বাস্তবায়ন মেয়াদ[১] | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|---|
| | বাংলাদেশের অর্থনীতিতে উৎপাদনশীল বিনিয়োগে আগ্রহী করার লক্ষ্যে প্রবাসী বাংলাদেশীদেরকে (ডায়াসপোরা) বিভিন্ন আর্থিক প্রণোদনা প্রদানের স্বপক্ষে সংশ্লিষ্ট সকলকে উৎসাহিত করা হবে। (নীতি নির্দেশনা ২.৫.৬) | | | | | |
| ৫২ | বাংলাদেশ ব্যাংক এর মাধ্যমে ওয়েজ আর্নার্স রেমিটেন্স বন্ড রয়েছে। | বাংলাদেশী ডায়াসপোরাদের সরাসরি বিনিয়োগ ও বন্ডে বিনিয়োগ বৃদ্ধি। | ১. বাংলাদেশ ব্যাংকের সহযোগিতায় সাধারণ অভিবাসী কর্মীদের জন্য বন্ড এবং অন্যান্য আর্থিক বিনিয়োগ-বিষয়ক দলিলপত্র বিনিয়োগের প্রতি আগ্রহ সৃষ্টি করা এবং সেগুলোর প্রাপ্তি সহজ করার লক্ষ্যে বিদ্যমান ব্যবস্থাদি পর্যালোচনা করা। | » বন্ড নিবন্ধন নথি | মধ্যমেয়াদী | **মূল দায়িত্ব**<br>১. প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়<br>২. প্রবাসী কল্যাণ ব্যাংক<br><br>**সহযোগী**<br>১. অর্থ বিভাগ<br>২. বাংলাদেশ ব্যাংক |
| | গন্তব্য দেশে কর্মরত অভিবাসী কর্মীদের বিশেষত নারী কর্মীদের আর্থিক শিক্ষা, ব্যাংকিং সুবিধা এবং রেমিটেন্স ব্যবহারের সর্বোত্তম উপায়সমূহ সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করা হবে। (নীতি নির্দেশনা ২.৫.৭) | | | | | |
| ৫৩ | বোয়েসেল এর মাধ্যমে দক্ষিণ কোরিয়া ও জর্ডানে রয়েছে। | কল্যাণমূলক সুবিধাদি ও রেমিটেন্সের ব্যবহার সম্পর্কিত সচেতনতা বৃদ্ধি। | ১. কষ্টার্জিত অর্থের সর্বোত্তম ব্যবহার সম্পর্কে ওরিয়েন্টেশন প্রদান করা হবে।<br>২. প্রাক-বহির্গমন ব্রিফিং এ লাইফ স্কিল শেখানো নিশ্চিত করা হবে।<br>৩. স্বল্প সুদে ঋণ ও অন্যান্য ব্যাংকিং সুবিধা প্রদান করা, বিশেষ করে নারীদের অগ্রাধিকার প্রদান করা হবে।<br>৪. বিদেশস্থ বাংলাদেশ দূতাবাস এবং বাণিজ্যিক ব্যাংকগুলোর সাথে যৌথ উদ্যোগে অভিবাসী কর্মীদের জন্য আর্থিক-শিক্ষার ব্যবস্থা গ্রহণ। | » প্রাক-বহির্গমন ব্রিফিং এর ম্যানুয়াল | মধ্যমেয়াদী | **মূল দায়িত্ব**<br>১. প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়<br><br>**সহযোগী**<br>১. অর্থ বিভাগ<br>২. প্রবাসী কল্যাণ ব্যাংক<br>৩. বিএমইটি<br>৪. ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড<br>৫. এনজিও<br>৬. দূতাবাস |

১ স্বল্পমেয়াদী ০-২ বছর পর্যন্ত, মধ্যমেয়াদী ০-৫ বছর পর্যন্ত এবং দীর্ঘমেয়াদী ০-১০ বছর পর্যন্ত

| SL No | Baseline | Target | Activities/Intervention | Means of Verification | Implementing Period [1] | Implementing Partners |
|---|---|---|---|---|---|---|
| | Contact will be established with the social networks of Bangladeshi migrants, diaspora and NRBs and they will be given assistance in making use of technological skills and expert knowhow. (Policy Directives 2.5.8) | | | | | |
| **54** | Destination specific Bangladesh associations, forums, unions are available. But their social network is not well organized. | "Social Network" of Bangladeshi expatriates will be created. | 1. "Social Network" of Bangladeshi expatriates will be set up.<br>2. Strategies will be found out as to how technological skills and expert knowhow of Bangladeshi expatriates will be utilized.<br>3. Various steps will be taken for attracting investment by Bangladeshi expatriates.<br>4. Strengthen contacts and social relationship among Bangladeshis abroad, for increasing assistance to migrant workers. | » Migrant Network<br>» Rate of Diaspora Investment | Long term | **Leading role**<br>1. MoEW&OE<br><br>**Supporting role**<br>1. MoFA<br>2. Bank & Financial Institution Division<br>3. MoICT & Embassies<br>4. Labour Welfare Wings & Embassies<br>5. Probashi Kolllyan Bank |
| | Necessary social protection measures will be taken to reduce adverse effects of labour migration or social cost of migration. (Policy Directives 2.5.9) | | | | | |
| **55** | The issues of migrant workers and their families are not actively addressed in national social security strategy. | Adverse effects of labour migration will be reduced. | 1. If necessary, researches will be conducted in order to identify the adverse effect of labour migration or the social cost of migration.<br>2. Necessary policy directives will be issued and steps will be taken for reducing the adverse effect or social cost of migration.<br>3. For carrying out these responsibilities, NGO assistance will be ensured.<br>4. National social security strategy, National social Insurance scheme for the vulnerable will be included migrant families. | » Research Reports | Mid term | **Leading role**<br>1. MoEW&OE<br><br>**Supporting role**<br>1. MoP<br>2. BMET<br>3. NGO |

1 Short term 0-2 years, mid term 0-5 years and long term 0-10 years

| ক্রম | বেইজলাইন | লক্ষ্যমাত্রা | কার্যক্রম | নির্দেশিকা | বাস্তবায়ন মেয়াদ[১] | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|---|
| | প্রবাসী বাংলাদেশী, ডায়াসপোরা ও অনাবাসী বাংলাদেশীদের 'সামাজিক নেটওয়ার্ক' এর সাথে যোগাযোগ স্থাপনের মাধ্যমে তাদের প্রযুক্তিগত দক্ষতা ও বিশেষজ্ঞ জ্ঞান ব্যবহারে সহায়ক ও কার্যকরী পদক্ষেপ গ্রহণ করা হবে। (নীতি নির্দেশনা ২.৫.৮) | | | | | |
| ৫৪ | প্রবাসী বাংলাদেশীদের সংগঠন, ফোরাম, ইউনিয়ন থাকলেও তাদের সামাজিক নেটওয়ার্ক সংগঠিত নয়। | প্রবাসী বাংলাদেশীদের 'সামাজিক নেটওয়ার্ক' স্থাপন করা হবে। | ১. প্রবাসী বাংলাদেশীদের 'সামাজিক নেটওয়ার্ক' স্থাপন করা হবে।<br>২. প্রবাসী বাংলাদেশীদের প্রযুক্তিগত দক্ষতা ও বিশেষজ্ঞ জ্ঞান কিভাবে কাজে লাাগানো যায় তার কৌশল নির্ধারণ করা হবে।<br>৩. প্রবাসী বাংলাদেশীদের বিনিয়োগে আগ্রহী করার জন্য বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করা হবে।<br>৪. অভিবাসী কর্মীদের জন্য সহায়তা বৃদ্ধির লক্ষ্যে প্রবাসী বাংলাদেশীদের মধ্যে যোগাযোগ স্থাপন এবং সামাজিক সম্পর্ক জোরদার করা। | » প্রবাসী নেটওয়ার্ক<br>» প্রবাসীদের বিনিয়োগের হার | দীর্ঘমেয়াদী | **মূল দায়িত্ব**<br>১. প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়<br><br>**সহযোগী**<br>১. পররাষ্ট্র মন্ত্রণালয়<br>২. ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ<br>৩. তথ্য ও প্রযুক্তি বিষয়ক মন্ত্রণালয়<br>৪. শ্রম উইং ও দূতাবাস<br>৫. প্রবাসী কল্যাণ ব্যাংক |
| | কর্মী অভিবাসনের প্রতিকূল প্রভাবসমূহ বা সামাজিক ব্যয় যথাসম্ভব হ্রাসকরণে প্রয়োজনীয় সামাজিক সুরক্ষামূলক ব্যবস্থা গ্রহণ করা হবে। (নীতি নির্দেশনা ২.৫.৯) | | | | | |
| ৫৫ | জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশলে অভিবাসী কর্মী ও তাদের পরিবারের ইস্যু সমূহ কার্যকরভাবে জোরদার করা হয়নি। | কর্মী অভিবাসনের প্রতিকূল প্রভাবসমূহ হ্রাস করা হবে। | ১. কর্মী অভিবাসনের প্রতিকূল প্রভাবসমূহ বা সামাজিক ব্যয় চিহ্নিত করার জন্য প্রয়োজনীয় গবেষণা করা হবে।<br>২. অভিবাসনের প্রতিকূল প্রভাবসমূহ বা সামাজিক ব্যয় হ্রাস করার জন্য প্রয়োজনীয় নীতি নির্দেশনা ও পদক্ষেপ গ্রহণ করা হবে।<br>৩. এই কাজে এনজিও দের সহায়তা প্রাপ্তি নিশ্চিত করা হবে।<br>৪. জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল, সামাজিক ইনসুরেন্স প্রকল্পে বিপন্ন জনগোষ্ঠীর মধ্যে অভিবাসী পরিবারকে বিবেচনা করতে হবে। | » গবেষণা প্রতিবেদন | মধ্যমেয়াদী | **মূল দায়িত্ব**<br>১. প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়<br><br>**সহযোগী**<br>১. পরিকল্পনা মন্ত্রণালয়<br>২. বিএমইটি<br>৩. এনজিও |

১ স্বল্পমেয়াদী ০-২ বছর পর্যন্ত, মধ্যমেয়াদী ০-৫ বছর পর্যন্ত এবং দীর্ঘমেয়াদী ০-১০ বছর পর্যন্ত

| SL No | Baseline | Target | Activities/Intervention | Means of Verification | Implementing Period [1] | Implementing Partners |
|---|---|---|---|---|---|---|
| | Steps will be taken for a coordinated structure under a concept paper relating to impact of migration in national policies in consultation with Ministries / Division related to labour migration, Bureau of Statistics, Bangladesh Bank, national & international researchers and experts. (Policy Directives 2.5.10) | | | | | |
| **56** | For the first time, there is a chapter on migration in the 7th FY plan. | In the light of national planning document, budgetary allocation on migration in the ADP will be increased. | 1. A concept paper on the impact of migration on national policies will be prepared.<br>2. Research work will be conducted on the contribution of migration to national development.<br>3. NGOs will be engaged in the preparation of the concept paper.<br>4. Survey on the labour community, their house-hold income and expenditure will be conducted by the BBS and other agencies, and inclusion and consolidation of these migration related statistics in the national data centre. | » Concept Paper<br>» Research Paper | Mid term | **Leading role**<br>1. MoEW&OE<br><br>**Supporting role**<br>1. MoP<br>2. MoFA<br>3. Statistics and Information Management Division<br>4. NGO |

1 Short term 0-2 years, mid term 0-5 years and long term 0-10 years

| ক্রম | বেইজলাইন | লক্ষ্যমাত্রা | কার্যক্রম | নির্দেশিকা | বাস্তবায়ন মেয়াদ[১] | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|---|
| | শ্রম অভিবাসন সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ, পরিসংখ্যান বিভাগ, বাংলাদেশ ব্যাংক, জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ের গবেষক ও বিশেষজ্ঞদের পরামর্শক্রমে জাতীয় নীতিতে অভিবাসনের প্রভাব বিষয়ক ধারণাপত্র প্রণয়নপূর্বক একটি সমন্বিত কাঠামো প্রণয়নে পদক্ষেপ গ্রহণ। (নীতি নির্দেশনা ২.৫.১০) | | | | | |
| ৫৬ | ৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনায় প্রথমবারের মত অভিবাসন সংক্রান্ত অধ্যায় রয়েছে। | জাতীয় পরিকল্পনা দলিলের আলোকে এডিপি তে অভিবাসন খাতে বরাদ্দ বৃদ্ধি করা হবে। | ১. জাতীয় নীতিতে অভিবাসনের প্রভাব বিষয়ক ধারণাপত্র প্রণয়ন করা হবে।<br>২. জাতীয় উন্নয়নে শ্রম অভিবাসনের গুরুত্ব ও অবদান নিয়ে গবেষণা করা হবে।<br>৩. ধারণাপত্র প্রণয়নে এনজিওদের সম্পৃক্ত করা হবে।<br>৪. পরিসংখ্যান ব্যুরো ও অন্যান্য সংস্থার সহায়তায় শ্রমগোষ্ঠীর ওপর জরিপ, গৃহস্থালীর আয়-ব্যয়ের জরিপ করা হবে এবং জাতীয় তথ্য ভাণ্ডারে অভিবাসন সংক্রান্ত পরিসংখ্যান অন্তর্ভুক্ত ও সুসংহত করা হবে। | » ধারণাপত্র<br>» গবেষণাপত্র | মধ্যমেয়াদী | **মূল দায়িত্ব**<br>১. প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়<br><br>**সহযোগী**<br>১. পরিকল্পনা মন্ত্রণালয়<br>২. পররাষ্ট্র মন্ত্রণালয়<br>৩. পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ<br>৪. এনজিও |

১ স্বল্পমেয়াদী ০-২ বছর পর্যন্ত, মধ্যমেয়াদী ০-৫ বছর পর্যন্ত এবং দীর্ঘমেয়াদী ০-১০ বছর পর্যন্ত

| SL No | Baseline | Target | Activities/Intervention | Means of Verification | Implementing Period [1] | Implementing Partners |
|---|---|---|---|---|---|---|
| | Necessary steps will be taken to make use of the skills and experiences of the returnee migrants for our economy. (Policy Directives 2.5.11) | | | | | |
| **57** | Currently, Probashi Kollyan Bank offers loan to the returnee migrant for their rehabilitation. | Self-employment will be arranged for the returnees. | 1. There will be a database for registration of the returnee migrants.<br>2. They will be trained for skill development, and will thus be provided employment.<br>3. They will be provided necessary support for starting small business.<br>4. Take steps to include all scattered information on migrant workers including information on returned migrants, into all statistics, research and databases<br>5. Inclusion of the participation of returned migrant workers into the Five Year development Plans, economic and socio-cultural plans of the district, plans and programs of the city corporations and municipalities | » Programs for Research Migrants | Long term | **Leading role**<br>1. MoEW&OE<br><br>**Supporting role**<br>1. MoLGRDC<br>2. BMET<br>3. Labour Welfare Wings<br>4. Probashi Kollyan Bank<br>5. WEWB<br>6. Development Partners<br>7. NGO |
| | Necessary steps will be taken for rehabilitation and reintegration of the distressed returnee migrants and those who became victims of any accident in the destination country. (Policy Directives 2.5.12) | | | | | |
| **58** | Currently, repatriation is conducted on ad hoc basis. | Programs for repatriation and rehabilitation will be taken. | 1. Necessary steps will be taken for rehabilitation (soft loan & skill development) of the distressed returnee migrants and those who met any sudden accident in the destination country.<br>2. Sick returnee migrants will be brought under national protection program.<br>3. Returnee migrants who are in distress or are victims of any accident will be given mental as well as physical treatment.<br>4. There will be a legal wing under MoEW&OE to provide legal aid. | » National Safety Program | Long term | **Leading role**<br>1. MoEW&OE<br><br>**Supporting role**<br>1. Wage Earners' Welfare Board.<br>2. Labour Welfare Wings<br>3. BMET<br>4. Finance Division |

1 Short term 0-2 years, mid term 0-5 years and long term 0-10 years

| ক্রম | বেইজলাইন | লক্ষ্যমাত্রা | কার্যক্রম | নির্দেশিকা | বাস্তবায়ন মেয়াদ[১] | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|---|
| | প্রত্যাগত ও প্রত্যাবর্তিত অভিবাসী কর্মীদের দক্ষতা ও অভিজ্ঞতাসমূহ দেশের অর্থনীতিতে কাজে লাগানোর ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। (নীতি নির্দেশনা ২.৫.১১) | | | | | |
| ৫৭ | প্রবাসী কল্যাণ ব্যাংক বর্তমানে প্রত্যাগতদের পুনর্বাসন ঋণ প্রদান করে থাকে। | প্রত্যাগত ও প্রত্যাবর্তিত অভিবাসীদের জন্য আত্মকর্মসংস্থানের ব্যবস্থা করা হবে। | ১. প্রত্যাগত ও প্রত্যাবর্তিত অভিবাসী কর্মীদের নিবন্ধনের মাধ্যমে ডাটাবেজ প্রণয়ন করা হবে।<br>২. তাদেরকে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণের মাধ্যমে কর্মসংস্থানের ব্যবস্থা করা হবে।<br>৩. প্রয়োজনীয় সেবা প্রদানের মাধ্যমে ছোট ব্যবসা প্রতিষ্ঠার ব্যাপারে সহযোগিতা করা হবে।<br>৪. প্রত্যাগত কর্মীসহ সব অভিবাসী কর্মীর বিক্ষিপ্ত অবস্থায় থাকা তথ্যসমূহ বিভিন্ন পরিসংখ্যান, গবেষণা এবং অন্যান্য তথ্য-ভাণ্ডারে অন্তর্ভুক্তির ব্যবস্থা করা হবে।<br>৫. পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা, জেলাভিত্তিক অর্থনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক উন্নয়ন কর্মসূচি এবং সিটি কর্পোরেশন ও পৌরসভাগুলোর উন্নয়ন পরিকল্পনা ও কর্মসূচি প্রণয়নের ক্ষেত্রে প্রবাস ফেরত অভিবাসী কর্মীদের অন্তর্ভুক্ত বা সম্পৃক্ত করা হবে। | » প্রত্যাগত ও প্রত্যাবর্তিত অভিবাসী কর্মীদের নিবন্ধন<br>» প্রত্যাগত ও প্রত্যাবর্তিত অভিবাসী কর্মীদের জন্য কর্মসূচি | দীর্ঘমেয়াদী | **মূল দায়িত্ব**<br>১. প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়<br><br>**সহযোগী**<br>১. স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়<br>২. বিএমইটি<br>৩. শ্রম কল্যান উইংসমূহ<br>৪. প্রবাসী কল্যাণ ব্যাংক<br>৫. ওয়েজ আর্নার্স ওয়েলফেয়ার বোর্ড<br>৬. উন্নয়ন সহযোগী সংস্থা<br>৭. এনজিও |
| | গন্তব্যদেশ হতে প্রত্যাগত দুর্দশাগ্রস্ত ও আকস্মিক দূর্ঘটনাকবলিত অভিবাসী কর্মীদের পুনর্বাসন ও সমাজে অঙ্গীভূতকরণের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। (নীতি নির্দেশনা ২.৫.১২) | | | | | |
| ৫৮ | বর্তমানে প্রত্যাবর্তনের বিষয়টি এডহক ভিত্তিতে সম্পাদন করা হয়। | প্রত্যাবর্তন কর্মসূচি ও পুনর্বার্সন কর্মসূচি গ্রহণ করা হবে। | ১. গন্তব্যদেশ হতে প্রত্যাগত দূর্দশাগ্রস্ত ও আকস্মিক দুর্ঘটনাকবলিত অভিবাসী কর্মীদের পুনর্বাসনের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ (অল্প সুদে ঋণ, দক্ষতা প্রশিক্ষণ) নেয়া হবে।<br>২. প্রত্যাগত অসুস্থ কর্মীদের জাতীয় সুরক্ষা কর্মসূচির আওতায় আনা হবে।<br>৩. প্রত্যাগত দূর্দশাগ্রস্ত ও আকস্মিক দূর্ঘটনাকবলিত অভিবাসী কর্মীদের মানসিক ও শারীরিক চিকিৎসার ব্যবস্থা গ্রহণ করা হবে।<br>৪. প্রকবৈকম এর আওতায় লিগ্যাল উইং রাখা হবে ও আইনি সহায়তা দেয়া হবে। | » জাতীয় সুরক্ষা কর্মসূচি | দীর্ঘমেয়াদী | **মূল দায়িত্ব**<br>১. প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়<br><br>**সহযোগী**<br>১. ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড<br>২. শ্রম কল্যাণ উইংসমূহ<br>৩. বিএমইটি<br>৪. অর্থ বিভাগ |

১ স্বল্পমেয়াদী ০-২ বছর পর্যন্ত, মধ্যমেয়াদী ০-৫ বছর পর্যন্ত এবং দীর্ঘমেয়াদী ০-১০ বছর পর্যন্ত

| SL No | Baseline | Target | Activities/Intervention | Means of Verification | Implementing Period [1] | Implementing Partners |
|---|---|---|---|---|---|---|
| | Effective contribution will be made in formulation and modification of any policy including national employment policy through inter-ministerial coordination. (Policy Directives 2.5.13) | | | | | |
| **59** | No National Employment Strategy. Initiative is on for developing a Job Strategy. | Effective inter-ministerial cooperation and coordination among policies. | 1. Clauses in other sector policies which are in conflict with migration shall be reviewed.<br>2. Migration will be given due importance in other policies.<br>3. Civil society and NGOs will be involved in this regard.<br>4. Advocacy at international level in the country of destination on this issue | » Employment Policy<br>» Job strategy | Mid term | **Lead role**<br>1. MoLE<br>**Supporting role**<br>1. MoEWOE<br>2. MoP<br>3. GED<br>4. Civil Society<br>5. NGO |
| | Initiative will be taken for inclusion of labour migration & related issues in the existing structure for implementation of national development plan. (Policy Directives 2.5.14) | | | | | |
| **60** | Labour migration included in plans and monitoring mechanisms for FYP and Perspective Plan. | Labour migration mainstreamed in all national development plans. | 1. Identify main factors for migration from rural areas and try to respond to the factors by including related actions into five year plans and economic, socio cultural plans at the district, Upazila and Union level<br>2. Initiate and strengthen diplomatic measures if there is a need to evacuate and repatriate Bangladeshi migrants from abroad in times of any emergency | » FYP<br>» PP | Mid term | **Leading role**<br>1. MoEWOE<br>**Supporting role**<br>1. MoFA<br>2. MoLGRDC<br>3. Probashi Kollyan Bank<br>4. WEWB<br>5. Research Organizations |

1 Short term 0-2 years, mid term 0-5 years and long term 0-10 years

| ক্রম | বেইজলাইন | লক্ষ্যমাত্রা | কার্যক্রম | নির্দেশিকা | বাস্তবায়ন মেয়াদ[১] | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|---|
| | ভবিষ্যতে জাতীয় কর্মসংস্থান নীতি প্রণয়নসহ অন্যান্য সকল উন্নয়ন নীতিমালা প্রণয়ন/সংশোধনকালে আন্তঃনীতি সমন্বয়ের সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগকে সহযোগিতা করা হবে। (নীতি নির্দেশনা ২.৫.১৩) | | | | | |
| ৫৯ | কোনো জাতীয় কর্মসংস্থান কর্মকৌশল নেই। একটি চাকুরি কৌশল প্রস্তুতি প্রক্রিয়া চলছে। | সংশ্লিষ্ট কাজে আন্ত:মন্ত্রণালয় সমন্বয় ও নীতি সমূহের মধ্যে সমন্বয় সাধন। | ১. অন্যান্য সেক্টরাল নীতিসমূহে অভিবাসনের সাথে সাংঘর্ষিক বিষয়সমূহ পর্যালোচনা করা হবে।<br>২. অন্যান্য সেক্টরাল নীতিসমূহে অভিবাসনের বিষয়টিকে প্রাধান্য দেয়া হবে।<br>৩. এ কাজে সিভিল সোসাইটি ও এনজিওকে সম্পৃক্ত করা হবে।<br>৪. গন্তব্যদেশে আন্তর্জাতিক পর্যায়ে এডভোকেসি করা হবে। | » কর্মসংস্থান নীতি<br>» চাকুরি কর্ম কৌশল | মধ্যমেয়াদী | **মূল দায়িত্ব**<br>১. শ্রম মন্ত্রণালয়<br><br>**সহযোগী**<br>১. প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়<br>২. পরিকল্পনা মন্ত্রণালয়<br>৩. সাধারণ অর্থনৈতিক বিভাগ<br>৪. সুশীল সমাজ<br>৫. এনজিও |
| | বিদ্যমান জাতীয় উন্নয়ন পরিকল্পনার বাস্তবায়ন সংক্রান্ত কাঠামোয় শ্রম অভিবাসন নীতি ও এতদসংক্রান্ত বিষয়গুলো অন্তর্ভুক্ত করণের ব্যবস্থা গ্রহণ করা হবে। (নীতি নির্দেশনা ২.৫.১৪) | | | | | |
| ৬০ | পঞ্চবার্ষিক পরিকল্পনা ও পরিপ্রেক্ষিত পরিকল্পনায় এবং এগুলোর পর্যবেক্ষন প্রক্রিয়ায় শ্রম অভিবাসন অন্তর্ভুক্ত করা হয়েছে। | জাতীয় সকল উন্নয়ন পরিকল্পনায় শ্রম অভিবাসন অন্তর্ভুক্ত। | ১. গ্রামাঞ্চল থেকে অভিবাসনের মূল কারণগুলো (factors) চিহ্নিত করে সেগুলো পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা ও ইউনিয়ন, উপজেলা ও জেলা পরিষদভিত্তিক আর্থ-সামাজিক ও সাংস্কৃতিক উন্নয়ন কর্মসূচির সাথে অন্তর্ভুক্ত করে সমাধানের চেষ্টা করা হবে।<br>২. বিদেশে কোনো জরুরি অবস্থায় অভিবাসী বাংলাদেশী কর্মীদের নিরাপদে সরিয়ে নেয়া এবং তাদের দেশে ফিরিয়ে আনার প্রয়োজন হলে তার জন্য কূটনৈতিক উদ্যোগ গ্রহণ ও জোরদার করা হবে। | » পঞ্চবার্ষিক পরিকল্পনা<br>» পরিপ্রেক্ষিত পরিকল্পনা | মধ্যমেয়াদী | **মূল দায়িত্ব**<br>১. প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়<br><br>**সহযোগী**<br>১. পররাষ্ট্র মন্ত্রণালয়<br>২. স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়<br>৩. প্রবাসী কল্যাণ ব্যাংক<br>৪. ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড<br>৫. গবেষণা প্রতিষ্ঠান |

১ স্বল্পমেয়াদী ০-২ বছর পর্যন্ত, মধ্যমেয়াদী ০-৫ বছর পর্যন্ত এবং দীর্ঘমেয়াদী ০-১০ বছর পর্যন্ত

| SL No | Baseline | Target | Activities/Intervention | Means of Verification | Implementing Period [1] | Implementing Partners |
|---|---|---|---|---|---|---|
| | Necessary steps will be taken for implementation of the goals and objectives of the SDG 2030 and 7th FY Plan taken in international forums in so far as they are related to labour migration. (Policy Directives 2.5.15) | | | | | |
| **61** | SDG Action Plan developed. | Youths, both male & females, will be developed into a skilled workforce. | 1. Policy Action Plan and action plan for SDG and 7th FY Plan will be synchronized.<br>2. The policy directions which are common in the SDG and the 7th FY Plan and which are similar in content shall be identified and shall be implemented on priority basis.<br>3. Youths will be trained for skill development under TVET and their employment will be ensured. | » SDG Progress Report<br>» FYP Progress Report | Long term | **Leading role**<br>1. GED, MoP<br><br>**Supporting role**<br>1. MoEW&OE<br>2. MoFA<br>3. MoL&E<br>4. MoY&S<br>5. BMET<br>6. Technical Education Board |

1 Short term 0-2 years, mid term 0-5 years and long term 0-10 years

| ক্রম | বেইজলাইন | লক্ষ্যমাত্রা | কার্যক্রম | নির্দেশিকা | বাস্তবায়ন মেয়াদ[১] | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|---|
| | টেকসই উন্নয়ন অভীষ্ট-২০৩০ এবং ৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনার সংগে সমন্বয়ের মাধ্যমে জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে শ্রম অভিবাসন সংক্রান্ত গৃহীত লক্ষ্য ও উদ্দেশ্য বাস্তবায়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবে। (নীতি নির্দেশনা ২.৫.১৫) | | | | | |
| ৬১ | টেকসই উন্নয়ন লক্ষমাত্রা কর্মপরিকল্পনা প্রস্তুত করা হয়েছে। | তরুণ-তরুণীদের দক্ষ যুব শক্তিতে পরিণত করা হবে। | ১. এসডিজি এবং ৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনা বাস্তবায়নে কর্মপরিকল্পনার সাথে নীতি বাস্তবায়নের কর্মপরিকল্পনা সমন্বয় সাধন করা হবে।<br>২. এসডিজি এবং ৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনায় উল্লিখিত দিকনির্দেশনার সাথে নীতিতে উল্লিখিত যেসব নীতি নির্দেশনার মিল রয়েছে তা চিহ্নিত করা হবে এবং প্রাধিকার ভিত্তিতে বাস্তবায়ন করা হবে।<br>৩. টিভিইটি- এর আওতায় তরুণ-তরুণীদের প্রশিক্ষণের মাধ্যমে তাদের দক্ষতা ও কর্মসংস্থানের ব্যবস্থা নিশ্চিত করা হবে। | » এসডিজি অগ্রগতি প্রতিবেদন<br>» পঞ্চবার্ষিক পরিকল্পনা অগ্রগতি প্রতিবেদন | দীর্ঘমেয়াদী | **মূল দায়িত্ব**<br>১. সাধারণ অর্থনৈতিক বিভাগ (জিইডি), পরিকল্পনা মন্ত্রণালয়<br><br>**সহযোগী**<br>১. প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়<br>২. পররাষ্ট্র মন্ত্রণালয়<br>৩. শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়<br>৪. যুব ও ক্রীড়া মন্ত্রণালয়<br>৫. বিএমইটি<br>৬. কারিগরি শিক্ষা বোর্ড |

১ স্বল্পমেয়াদী ০-২ বছর পর্যন্ত, মধ্যমেয়াদী ০-৫ বছর পর্যন্ত এবং দীর্ঘমেয়াদী ০-১০ বছর পর্যন্ত

| SL No | Baseline | Target | Activities/Intervention | Means of Verification | Implementing Period [1] | Implementing Partners |
|---|---|---|---|---|---|---|
| **Labour Migration Governance** | | | | | | |
| | Necessary steps for policy reform and policy formulation will be undertaken for the purpose of an advanced migration management infrastructure and institutional capacity building. The main focus of the migration management structure will be an independent, dignified and safe migration for the migrant workers commensurate with Bangladeshi statutes, rules, regulations as well as international conventions. (Policy Directives 2.6.1) | | | | | |
| **62** | Currently, BMET, BOESL and Wage Earners' Welfare Board under the MoEW&OE are in operation. | Policy directives as contained in the 7th FY plan for the purpose of proper labour migration governance by strengthening BMET within 2020 will be implemented. | 1. Development and revenue budget for the MoEW&OE will be increased.<br>2. Training of officials at home and abroad will be arranged with a view to enhance their efficiency.<br>3. Adequate number of manpower will be appointed.<br>4. Officials shall not be transfered before a certain period of time.<br>5. Training shall be arranged for the newly appointed officials. | » Budget for the MoEW&OE,<br>» Frequency of training related to migration. | Mid term | **Leading role**<br>1. MoEW&OE<br><br>**Supporting role**<br>1. MoPA<br>2. Cabinet Division<br>3. Finance Division<br>4. BMET<br>5. Wage Earners' Welfare Board<br>6. BOESL |
| | Safe migration takes place through effective role playing by various stakeholders. Every stakeholder's role & responsibility in a migration management structure will be clearly specified. In this regard, each stakeholder's commitment to transparency and accountability will be ensured. | | | | | |
| **63** | At present, roles of all migration related organizations have been defined in the Policy. | A coordinated labour migration management structure will be established through participation of all concerned. | 1. A committee for implementation, monitoring and evaluation of Action Plan will be formed with participation by all concerned.<br>2. Transparency and accountability of all stakeholders will be ensured through National Steering Committee and National Labour Migration Forum.<br>3. Participation of Union Council / Local Govt. Bodies in various stages will be ensured. | » Number of meetings held by Policy Implementation Committee.<br>» Number of meetings held by National Steering Committee.<br>» Number of meetings held by Labour Migration Forum. | Long term | **Leading role**<br>1. MoEW&OE<br><br>**Supporting role**<br>1. National Steering Committee<br>2. NLMF<br>3. Local Government Division |

1 Short term 0-2 years, mid term 0-5 years and long term 0-10 years

| ক্রম | বেইজলাইন | লক্ষ্যমাত্রা | কার্যক্রম | নির্দেশিকা | বাস্তবায়ন মেয়াদ[১] | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|---|
| | **শ্রম-অভিবাসন পরিচালনা (Labour Migration Governance)** | | | | | |
| | একটি আধুনিক ও অগ্রসর দৃষ্টিভঙ্গির শ্রম অভিবাসন পরিচালনা-কাঠামো ও প্রক্রিয়ার জন্য প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় সংস্কার ও নীতিগত পদক্ষেপ গ্রহণ করতে হবে। বাংলাদেশের প্রচলিত আইন-কানুন, নীতি ও আন্তর্জাতিক আইনি- দলিলের সাথে সামঞ্জস্য রেখে অভিবাসী কর্মীদের জন্য একটি স্বাধীন, মর্যাদাপূর্ণ ও নিরাপদ শ্রম অভিবাসন প্রক্রিয়ার নিশ্চয়তাবিধান করাই হবে পরিচালনা-কাঠামোর মূল লক্ষ্য। (নীতি নির্দেশনা ২.৬.১) | | | | | |
| ৬২ | বর্তমানে প্রকবৈকম এর অধীনে বিএমইটি, বোয়েসেল, কল্যাণ বোর্ড সংস্থাসমূহ কাজ করে যাচ্ছে। | ২০২০ এর মধ্যে ৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনায় শ্রম অভিবাসন যথাযথ পরিচালনার জন্য প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়কে শক্তিশালী করার নিমিত্ত যে সকল দিকনির্দেশনা প্রদান করা হয়েছে তা বাস্তবায়ন করা হবে। | ১. প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের জন্য রাজস্ব ও উন্নয়ন অর্থ বরাদ্দ বৃদ্ধি করতে হবে।<br>২. মন্ত্রণালয়ের কর্মকর্তাদের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে নিয়মিত দেশে ও বিদেশে প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে।<br>৩. পর্যাপ্ত জনবল নিয়োগ করতে হবে।<br>৪. কর্মকর্তাদের নির্দিষ্ট সময় পর্যন্ত বহাল রাখতে হবে।<br>৫. নতুন নিয়োগকৃত কর্মকর্তা/কর্মচারিদের প্রশিক্ষণ প্রদান করতে হবে। | » প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের বাজেট<br>» অভিবাসন সংশ্লিষ্ট প্রশিক্ষণের হার | মধ্যমেয়াদী | **মূল দায়িত্ব**<br>১. প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়<br>**সহযোগী**<br>১. জনপ্রশাসন মন্ত্রণালয়<br>২. মন্ত্রিপরিষদ বিভাগ<br>৩. অর্থ বিভাগ<br>৪. বিএমইটি<br>৫. ওয়েজ আর্নার্স ওয়েলফেয়ার বোর্ড<br>৬. বোয়েসেল |
| | বিভিন্ন স্বার্থসংশ্লিষ্ট পক্ষের কার্যকরী ভূমিকা পালনের মাধ্যমেই নিরাপদ শ্রম অভিবাসন প্রক্রিয়া সম্ভব হয়ে থাকে। সমন্বিত শ্রম অভিবাসন-পরিচালনা কাঠামোর মধ্যে প্রত্যেকের ভূমিকা এবং দায়-দায়িত্ব স্পষ্টভাবে চিহ্নিত করা হবে। এক্ষেত্রে স্বার্থসংশ্লিষ্ট সকলের নিজ দায়িত্বের প্রতি স্বচ্ছতা ও জবাবদিহিতার বিষয়টি নিশ্চিত করা হবে। (নীতি নির্দেশনা ২.৬.২) | | | | | |
| ৬৩ | বর্তমানে অভিবাসন সংশ্লিষ্ট সকলের ভূমিকা নীতিতে সুস্পষ্টভাবে তুলে ধরা হয়েছে। | সকলের অংশগ্রহণের মাধ্যমে একটি সমন্বিত শ্রম অভিবাসন পরিচালনা কাঠামো গ্রহণ করা হবে। | ১. সকলের অংশগ্রহণের মাধ্যমে গৃহীত ও প্রণীত কর্মপরিকল্পনা বাস্তবায়নের একটি বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন কমিটি গঠন করা হবে।<br>২. জাতীয় স্টিয়ারিং কমিটি গঠনের মাধ্যমে এবং শ্রম অভিবাসন ফোরাম গঠনের মাধ্যমে স্বার্থসংশ্লিষ্ট সকলের নিজ দায়িত্বের প্রতি স্বচ্ছতা ও জবাবদিহিতার বিষয়টি নিশ্চিত করা হবে।<br>৩. বিভিন্ন পর্যায়ে ইউনিয়ন পরিষদ/স্থানীয় সরকারের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। | » নীতি বাস্তবায়ন কমিটির সভার সংখ্যা<br>» জাতীয় স্টিয়ারিং কমিটির সভা<br>» শ্রম অভিবাসন ফোরামের সভা | দীর্ঘমেয়াদী | **মূল দায়িত্ব**<br>১. প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়<br>**সহযোগী**<br>১. জাতীয় স্টিয়ারিং কমিটি<br>২. এনএলএমএফ<br>৩. স্থানীয় সরকার বিভাগ |

১ স্বল্পমেয়াদী ০-২ বছর পর্যন্ত, মধ্যমেয়াদী ০-৫ বছর পর্যন্ত এবং দীর্ঘমেয়াদী ০-১০ বছর পর্যন্ত

| SL No | Baseline | Target | Activities/Intervention | Means of Verification | Implementing Period [1] | Implementing Partners |
|---|---|---|---|---|---|---|
| | Roles of the BMET and other subordinate offices, under the MoEW&OE responsible for overall management of the labour migration process and its administration, will be thoroughly reviewed. Not only that, if necessary, steps will be taken to enhance capacity of the Ministry and subordinate offices and their reform. Organizational reform, modernization and capacity building of the BMET will be undertaken for the purpose of carrying out the management duties of safe migration effectively with transparency, having special regard to its capability, efficiency and resource constraints. Special emphasis will be given on the management of female migration and due importance will be given on the need for expansion of DEMOs and on the capacity of these offices in serving at the grass root level. (Policy Directives 2.6.3) | | | | | |
| **64** | Development project to strengthen BMET has been undertaken. | Transformation of BMET as a directorate. | 1. Organizational reform of the MoEW&OE and its subordinate offices will be undertaken.<br>2. BMET will be modernized and its capacity will be enhanced.<br>3. BMET will be elevated as a Department of the Government. | » Government Order (GO) | Long term | **Leading role**<br>1. MoEW&OE<br><br>**Supporting role**<br>1. MoPA<br>2. Cabinet Division<br>3. Finance Division<br>4. BMET |
| | An initiative will be taken for establishment of a Department of Expatriate Welfare for the purpose of carrying out the responsibilities of protection and welfare of increasing number of migrant workers and their families effectively and properly. (Policy Directives 2.6.4) | | | | | |
| **65** | Currently, the welfare activities are being carried out by the Wage Earners' Welfare Board. | A Department of Expatriate Welfare will be established under the MoEW&OE. | 1. Organizational structure, organogram and functions of the Department of Expatriate Welfare will be prepared.<br>2. A proposal for establishment of the Department of Expatriate Welfare under the MoEW&OE will be sent to MoPA.<br>3. Activate diaspora center, one stop service and develop entrepreneurship through the Probashi Kallyan Bank, for the migrants who have returned back | » The Department of Expatriate Welfare comes into existence and goes into operation. | Long term | **Leading role**<br>1. MoEW&OE<br><br>**Supporting role**<br>1. MoPA<br>2. Cabinet Division<br>3. Finance Division<br>4. Wage Earners' Welfare Board<br>5. Probashi Kollyan Bank |

1 Short term 0-2 years, mid term 0-5 years and long term 0-10 years

| ক্রম | বেইজলাইন | লক্ষ্যমাত্রা | কার্যক্রম | নির্দেশিকা | বাস্তবায়ন মেয়াদ[১] | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|---|
| | শ্রম-অভিবাসন প্রক্রিয়ায় সার্বিক ব্যবস্থাপনা ও প্রশাসনের দায়িত্বে নিয়োজিত প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীনস্থ জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো এবং অন্যান্য সংস্থার ভূমিকা বিস্তারিতভাবে পুনর্বিবেচনা করা হবে। শুধু তাই নয়, প্রয়োজনমতো মন্ত্রণালয় এবং এর অধীনস্থ সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিসহ সংস্কার কাজ হাতে নেওয়া হবে। নিরাপদ শ্রম অভিবাসন ব্যবস্থাপনা কার্যকরভাবে ও স্বচ্ছতার সাথে বাস্তবায়নে জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর সামর্থ্য, দক্ষতা ও সম্পদের চাহিদার দিকে বিশেষ নজর দিয়ে এর প্রাতিষ্ঠানিক সংস্কার, আধুনিকায়ন ও সক্ষমতা বৃদ্ধি করা হবে। নারী কর্মীদের অভিবাসনের ব্যবস্থাপনার উপর বিশেষ গুরুত্ব দিতে হবে এবং সেই সাথে জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিসের সম্প্রসারণের প্রয়োজনীয়তা ও তৃণমূল পর্যায়ে দায়িত্ব পালনে তাদের সামর্থ্যের বিষয়টিও গুরুত্বের সাথে দেখা হবে। (নীতি নির্দেশনা ২.৬.৩) | | | | | |
| ৬৪ | বিএমইটি সমৃদ্ধ করতে উন্নয়ন প্রকল্প গ্রহণ করা হয়েছে। | বিএমইটি কে অধিদপ্তরে রূপান্তর। | ১. প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এবং এর অধীনস্থ দপ্তরসমূহ প্রাতিষ্ঠানিক সংস্কার করা হবে।<br>২. বিএমটির আধুনিকায়ন ও সক্ষমতা বৃদ্ধি করা হবে।<br>৩. বিএমইটিকে অধিদপ্তরে উন্নীত করা হবে। | » সরকারী নির্দেশনা | দীর্ঘমেয়াদী | **মূল দায়িত্ব**<br>১. প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়<br><br>**সহযোগী**<br>১. জনপ্রশাসন মন্ত্রণালয়<br>২. মন্ত্রিপরিষদ বিভাগ<br>৩. অর্থ বিভাগ<br>৪. বিএমইটি |
| | ক্রমবর্ধমান অভিবাসী কর্মী ও তাদের পরিবারের সুরক্ষা ও কল্যাণের কথা বিবেচনায় রেখে সরকারের চলমান কল্যাণ কর্মসূচি সম্প্রসারণ এবং জোরদার করার সাথে সাথে এর সুষ্ঠু ও দক্ষ পরিচালনার জন্য একটি প্রবাসী কল্যাণ অধিদপ্তর স্থাপনের উদ্যোগ নেওয়া হবে। (নীতি নির্দেশনা ২.৬.৪) | | | | | |
| ৬৫ | বর্তমানে কল্যাণের বিষয়টি ওয়েজ আর্নার্স ওয়েলফেয়ার বোর্ডের মাধ্যমে করা হয়ে থাকে। | প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীনে প্রবাসী কল্যাণ অধিদপ্তর স্থাপন করা হবে। | ১. প্রস্তাবিত প্রবাসী কল্যাণ অধিদপ্তরের প্রাতিষ্ঠানিক কাঠামো, অর্গানোগ্রাম, কার্যক্রম প্রণয়ন করা হবে।<br>২. মন্ত্রণালয়ের অধীনে প্রবাসী কল্যাণ অধিদপ্তর প্রতিষ্ঠার প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রেরণ করা হবে।<br>৩. প্রবাস ফেরতদের জন্য ডায়াসপোরা সেন্টার, ওয়ান স্টপ সার্ভিস, এন্টারপ্রিনারশীপ প্রবাসী কল্যাণ ব্যাংকের মাধ্যমে কার্যকরী করা। | » প্রবাসী কল্যাণ অধিদপ্তরের আত্মপ্রকাশ ও কার্যক্রম শুরু। | দীর্ঘমেয়াদী | **মূল দায়িত্ব**<br>১. প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়<br><br>**সহযোগী**<br>১. জনপ্রশাসন মন্ত্রণালয়<br>২. মন্ত্রিপরিষদ বিভাগ<br>৩. অর্থ বিভাগ<br>৪. ওয়েজ আর্নার্স ওয়েলফেয়ার বোর্ড<br>৫. প্রবাসী কল্যাণ ব্যাংক |

১ স্বল্পমেয়াদী ০-২ বছর পর্যন্ত, মধ্যমেয়াদী ০-৫ বছর পর্যন্ত এবং দীর্ঘমেয়াদী ০-১০ বছর পর্যন্ত

| SL No | Baseline | Target | Activities/Intervention | Means of Verification | Implementing Period [1] | Implementing Partners |
|---|---|---|---|---|---|---|
| | A Skill Development Department will be established for the purposes of transforming the capable people into a skilled workforce, modernization & strengthening of TTCs under the MoEW&OE so that they can produce skilled work force as per demand of the world market and for proper discharge & management of training responsibilities. (Policy Directives 2.6.5) | | | | | |
| **66** | Currently, training affairs are being implemented by the BMET. | A Skill Development Department will be established under the MoEW&OE. | 1. Organizational structure, organogram and functions of the proposed Department will be prepared.<br>2. Proposal of the Department will be submitted to the Ministry of Public Administration<br>3. Proposal for institutional reform will be prepared following the instructions contained in the 7th FY plan.<br>4. Technical Education Board should be linked to this directorate<br>5. Certification process should be of international standard.<br>6. Registration of returnee migrants shall be ensured. | » Skill Development Department comes into existence and goes in to operation. | Long term | **Leading role**<br>1. MoEW&OE<br><br>**Supporting role**<br>1. MoPA<br>2. Cabinet Division<br>3. Finance Division<br>4. BMET<br>5. NSDA |
| | Steps will be taken for ensuring close cooperation among various Ministries for inclusion of labour migration in national planning and development strategies for the purpose of governance of labour migration intended to protect the rights of migrant workers. For this purpose, a subject-wise, policy-based well-defined coordination mechanism with participation of the concerned Ministries and offices will be devised. (Policy Directives 2.6.6) | | | | | |
| | A National Steering Committee with the Honourable Prime Minister in the Chair, and the Honourable Minister of MoEW&OE as the Vice Chair and with honourable Ministers & Secretaries of concerned Ministries as members, will be formed for coordinated decision on, and oversight of, labour migration issues at the highest level. Main function of this Committee will be to coordinate the functions of various Ministries and to take policy decisions for protecting the migrants at national level. (Policy Directives 2.6.7) | | | | | |
| **67** | National Steering Committe is formed. | Coordination in the field of migration governance shall be increased. Policy decisions will be taken quickly. | 1. A National Steering Committee will be formed with the Honourable Prime Minister in the Chair and the Honourable Minister, MoEW&OE, as the Vice-Chair, and the Honourable Ministers & Secretaries of relevant Ministries as well as Heads of some organizations as Members of the Committee.<br>2. The committee will coordinate at national level and take policy decision for labor migrations governance. | » Meetings of National Steering Committee. | Long term | **Leading role**<br>1. MoEW&OE<br><br>**Supporting role**<br>1. All related ministries organigations |

1 Short term 0-2 years, mid term 0-5 years and long term 0-10 years

| ক্রম | বেইজলাইন | লক্ষ্যমাত্রা | কার্যক্রম | নির্দেশিকা | বাস্তবায়ন মেয়াদ[১] | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|---|
| | দেশে কর্মক্ষম জনগোষ্ঠীকে দক্ষ মানবসম্পদে রূপান্তরিত করা এবং বিশ্ববাজারে দক্ষতার চাহিদার নিরিখে প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীনস্থ কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রসমূহকে আধুনিক ও শক্তিশালী করা এবং প্রশিক্ষণ কার্যক্রমে সুষ্ঠু ও দক্ষ ব্যবস্থাপনা নিশ্চিত করার নিমিত্ত একটি দক্ষতা উন্নয়ন অধিদপ্তর গঠন করা হবে। (নীতি নির্দেশনা ২.৬.৫) | | | | | |
| ৬৬ | বর্তমানে প্রশিক্ষণের বিষয়টি বিএমইটি কর্তৃক বাস্তবায়িত হয়ে থাকে। | প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীনে দক্ষতা উন্নয়ন অধিদপ্তর স্থাপন করা হবে। | ১. প্রস্তাবিত দক্ষতা উন্নয়ন অধিদপ্তরের প্রাতিষ্ঠানিক কাঠামো, অর্গানোগ্রাম, কার্যক্রম প্রণয়ন করা হবে।<br>২. দক্ষতা উন্নয়ন অধিদপ্তর প্রতিষ্ঠার প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে।<br>৩. প্রাতিষ্ঠানিক সংস্কার বিষয়ে ৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনার দিকনির্দেশনা অনুসরণ করে প্রস্তাব প্রণয়ন করা হবে।<br>৪. কারিগরি শিক্ষা বোর্ডকে উক্ত অধিদপ্তরের সাথে সম্পৃক্ত করা হবে।<br>৫. আন্তর্জাতিক মানদণ্ডের সার্টিফিকেশন পদ্ধতি নিশ্চিত করতে হবে।<br>৬. বিদেশ ফেরত অভিবাসীদের নিবন্ধন নিশ্চিত করতে হবে। | » দক্ষতা উন্নয়ন অধিদপ্তরের আত্মপ্রকাশ এবং কার্যক্রম শুরু। | দীর্ঘমেয়াদী | **মূল দায়িত্ব**<br>১. প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়<br><br>**সহযোগী**<br>১. জনপ্রশাসন মন্ত্রণালয়<br>২. মন্ত্রিপরিষদ বিভাগ<br>৩. অর্থ বিভাগ<br>৪. বিএমইটি<br>৫. এনএসডিএ |
| | অভিবাসী কর্মীদের অধিকারের সুরক্ষার উদ্দেশ্যে শ্রম অভিবাসন পরিচালনা কাঠামো এবং জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন কাঠামোতে শ্রম অভিবাসনকে অন্তর্ভুক্ত করার লক্ষ্যে বিভিন্ন মন্ত্রণালয়ের মধ্যে ঘনিষ্ঠ সহযোগিতা নিশ্চিত করার উদ্যোগ নেওয়া হবে। এই লক্ষ্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও অন্যান্য নির্ধারিত সংস্থার অংশগ্রহণে বিষয়ভিত্তিক, নীতি-নির্ভর ও সুসংজ্ঞায়িত সমন্বয় প্রতিষ্ঠা করা হবে। (নীতি নির্দেশনা ২.৬.৬) | | | | | |
| | সার্বিকভাবে শ্রম অভিবাসন সংক্রান্ত সর্বোচ্চ পর্যায়ে সমন্বিত সিদ্ধান্ত নেয়া ও তার তদারকির জন্য মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে এবং প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর সহ-সভাপতিত্বে সংশ্লিষ্ট বিভিন্ন মন্ত্রণালয়ের মন্ত্রীবর্গ ও সচিব এবং সংস্থাসমূহের প্রধানদের সমন্বয়ে একটি জাতীয় স্টিয়ারিং কমিটি গঠন করা হবে। (নীতি নির্দেশনা ২.৬.৭) | | | | | |
| ৬৭ | জাতীয় স্টিয়ারিং কমিটি গঠিত হয়েছে। | অভিবাসন পরিচালনায় সমন্বয় বৃদ্ধি করা হবে। দ্রুততার সাথে নীতিগত সিদ্ধান্ত গ্রহণ করা হবে। | ১. মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে এবং প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর সহ-সভাপতিত্বে সংশ্লিষ্ট বিভিন্ন মন্ত্রণালয়ের মন্ত্রীবর্গ ও সচিব এবং সংস্থাসমূহের প্রধানদের সমন্বয়ে একটি জাতীয় স্টিয়ারিং কমিটি গঠন করা হবে।<br>২. জাতীয় পর্যায়ে শ্রম অভিবাসন পরিচালনার বিষয়ে আন্তঃমন্ত্রণালয় কার্যক্রমের সমন্বয় এবং অভিবাসী কর্মীদের সুরক্ষার্থে নীতিগত সিদ্ধান্ত প্রদানই হবে এই স্টিয়ারিং কমিটির মূল কাজ। | » জাতীয় স্টিয়ারিং কমিটির সভা | দীর্ঘমেয়াদী | **মূল দায়িত্ব**<br>১. প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়<br><br>**সহযোগী**<br>১. সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয় ও সংস্থা |

১ স্বল্পমেয়াদী ০-২ বছর পর্যন্ত, মধ্যমেয়াদী ০-৫ বছর পর্যন্ত এবং দীর্ঘমেয়াদী ০-১০ বছর পর্যন্ত

| SL No | Baseline | Target | Activities/Intervention | Means of Verification | Implementing Period [1] | Implementing Partners |
|---|---|---|---|---|---|---|
| | A National Labour Migration Forum(NLMF) will be constituted for the purpose of issuing directives and advice with regard to implementation of this policy and for periodical review & monitoring of the results of policies adopted and policy reform, if any. The Forum will consist of representatives of various public enterprises and organizations, recruiting agents or their association, Parliamentary Standing Committee for the Ministry of Expatriates' Welfare and Overseas Employment, and civil society members having relation with the migration management activities. Honourable Minister, MoEW&OE, will be the Chair of the National Labour Migration Forum and the Secretary of the Ministry will be the Member-secretary of the forum. (Policy Directives 2.6.8) | | | | | |
| **68** | National Migrant Forum is formed. | Participation of all stakeholders of migration governance will be ensured by accommodating their opinions. | 1. The NLMF will be constituted with representatives of various public enterprises and organizations, recruiting agents or their association, workers and the employers' association, Parliamentary Standing Committee for the Ministry of Expatriates' Welfare and Overseas Employment, and high level representatives of civil society organizations having relation with the migration management activities.<br>2. Effective guidelines for the Forum will be prepared.<br>3. Thematic monitoring will be ensured by forming sub-committees. | » Meetings of the Forum | Short term | **Leading role**<br>1. MoEW&OE<br><br>**Supporting role**<br>1. MoEWOE Standing Committee<br>2. Public Enterprises & Organigation<br>3. BAIRA<br>4. Civil Society |
| | From time to time, MoEW&OE will, for the purpose of ensuring safe, dignified and proper labour migration and for more effective recommendations, data analyses and giving opinion, form technical committees and the Ministry will provide secretarial and other services to these committees and Forum. (Policy Directives 2.6.9) | | | | | |
| **69** | First meeting of the Migration Forum held and MoEWOE provided secretarial support. | Coordination of the Migration Forum strengthened. | 1. The MoEW&OE will provide secretarial services.<br>2. Techinal Committees will be formed. | » Meeting minutes<br>» Special reports | Long term | **Leading role**<br>1. MoEW&OE<br><br>**Supporting role**<br>1. Technical Committees |

1 Short term 0-2 years, mid term 0-5 years and long term 0-10 years

| ক্রম | বেইজলাইন | লক্ষ্যমাত্রা | কার্যক্রম | নির্দেশিকা | বাস্তবায়ন মেয়াদ[1] | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|---|
| | নীতি বাস্তবায়ন সংক্রান্ত দিক-নির্দেশনা ও পরামর্শ প্রদান, গৃহীত নীতিসমূহের ফলাফল নির্দিষ্ট সময় অন্তর অন্তর পুনর্বিবেচনা ও তদারকি এবং প্রয়োজনীয় সংস্কার সম্পর্কে পরামর্শ ও সুপারিশ দেয়ার জন্য একটি জাতীয় শ্রম-অভিবাসন ফোরাম (এনএলএমএফ) প্রতিষ্ঠা করা হবে। বিভিন্ন সরকারি প্রতিষ্ঠান ও সংস্থা, রিক্রুটমেন্ট এজেন্ট বা তাদের কোনো সমিতির প্রতিনিধি, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় সংক্রান্ত সংসদীয় স্থায়ী কমিটির প্রতিনিধি এবং শ্রম-অভিবাসন প্রক্রিয়ার সাথে সংশ্লিষ্ট নাগরিক সমাজের সংগঠনগুলোর উচ্চপর্যায়ের প্রতিনিধিদের সমন্বয়ে এই ফোরাম গঠিত হবে। শ্রম অভিবাসন ফোরাম এর সভাপতির দায়িত্বে থাকবেন প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী। এই মন্ত্রণালয়ের সচিব ফোরামের সদস্য-সচিব হিসেবে দায়িত্ব পালন করবেন। (নীতি নির্দেশনা ২.৬.৮) | | | | | |
| ৬৮ | জাতীয় শ্রম-অভিবাসন ফোরাম গঠিত হয়েছে। | অভিবাসন পরিচালনায় সকল স্টেকহোল্ডার মতামত গ্রহণের মাধ্যমে সকলের অংশগ্রহণ নিশ্চিত করা হবে। | ১. বিভিন্ন সরকারি প্রতিষ্ঠান ও সংস্থা, রিক্রুটমেন্ট এজেন্টদের বা তাদের কোনো সমিতির প্রতিনিধি কর্মী ও নিয়োগদাতাদের সংগঠন, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় সংক্রান্ত সংসদীয় স্থায়ী কমিটির প্রতিনিধি এবং শ্রম-অভিবাসন প্রক্রিয়ার সাথে সংশ্লিষ্ট নাগরিক সমাজের সংগঠনগুলোর উচ্চপর্যায়ের প্রতিনিধিদের সমন্বয়ে জাতীয় শ্রম-অভিবাসন ফোরাম গঠন করা হবে।<br>২. ফোরামের কার্যকরী গাইড লাইন প্রণয়ন করতে হবে।<br>৩. সাব-কমিটি করে বিষয়ভিত্তিক তদারকী কার্যকরী করতে হবে। | » ফোরামের সভা | স্বল্পমেয়াদী | **মূল দায়িত্ব**<br>১. প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়<br>**সহযোগী**<br>১. প্রকবৈকম স্থায়ী কমিটি<br>২. সরকারি প্রতিষ্ঠান ও সংস্থা<br>৩. বায়রা<br>৪. নাগরিক সমাজ |
| | প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় নিরাপদ, মর্যাদাপূর্ণ ও সুষ্ঠু শ্রম অভিবাসন ব্যবস্থাপনা নিশ্চিত করতে এবং সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে অধিকতর কার্যকর সুপারিশ প্রণয়ন, তথ্য-উপাত্ত বিশ্লেষণ ও মতামত প্রদান ইত্যাদি উদ্দেশ্যে সময় সময় কারিগরি পরামর্শ কমিটি গঠন করবে এবং মন্ত্রণালয় হতে এধরনের কমিটি ও ফোরামকে সাচিবিক সহায়তাসহ অন্যান্য আনুষঙ্গিক সহযোগিতা প্রদান করা হবে। (নীতি নির্দেশনা ২.৬.৯) | | | | | |
| ৬৯ | জাতীয় শ্রম-অভিবাসন ফোরাম এর প্রথম সভা অনুষ্ঠিত হয়েছে, যেখানে প্রবাসী কল্যাণ মন্ত্রণালয় দাপ্তরিক সহায়তা দিয়েছে। | জাতীয় শ্রম-অভিবাসন ফোরাম এর সমন্বয় প্রক্রিয়া সুদৃঢ় করা হবে। | ১. প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় সাচিবিক সহায়তা প্রদান করবে।<br>২. কারিগরি কমিটি গঠন করা হবে। | » সভার কার্যবিবরণী<br>» বিশেষ প্রতিবেদন | দীর্ঘমেয়াদী | **মূল দায়িত্ব**<br>১. প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়<br>**সহযোগী**<br>১. কারিগরি পরামর্শ কমিটি |

১ স্বল্পমেয়াদী ০-২ বছর পর্যন্ত, মধ্যমেয়াদী ০-৫ বছর পর্যন্ত এবং দীর্ঘমেয়াদী ০-১০ বছর পর্যন্ত

| SL No | Baseline | Target | Activities/Intervention | Means of Verification | Implementing Period [1] | Implementing Partners |
|---|---|---|---|---|---|---|
| | As part of good governance, Government will continue to enter into bilateral agreements or MoUs with destination countries and will also strive to maintain strong labour migration diplomacy & good relations with those countries so that Bangladeshi workers can enjoy more protection and facilities there. (Policy Directives 2.6.10) | | | | | |
| **70** | Currently 24 MoUs and BLAs etc in place with 15 countries. | Review of MoUs and BLAs will be systematic, new MoUs and BLAs in place. | 1. Effective linkage will be established between forum and sub-committee.<br>2. Meetings will be arranged for exchange of views with returnee migrants.<br>3. Include the issue of combatting human trafficking and filing cases against those involved in human trafficking into agreements between national and international organizations with the Ministry of Civil Aviation and Tourism | » Reports of joint bilateral and working group meetings | Mid term | **Leading role**<br>1. MoEW&OE<br>**Supporting role**<br>1. MoFA<br>2. MoH<br>3. Legislative Division<br>4. MoCA&T |
| | Appropriate and full training will be given to the Labour Welfare Officers and other staff of Bangladesh Mission abroad in order for enhancement of the capacity for giving protection and welfare services to the migrant workers. With this end in view, the Labour Welfare Officers will be given institutional and coordinated foundation training or introductory training prior to, and after, their appointment to Bangladesh Mission abroad. Moreover, the MoEW&OE will create opportunities for the expert and sincere officers of the Ministry to make use of their experiences and skills. (Policy Directives 2.6.11) | | | | | |
| **71** | At present annual conference is held for Labour Welfare Officers posted abroad. | Regular training on protection and welfare of migrant workers will be ogranized for all staff at missions in CoD. | 1. Regular training will be arranged for the labour welfare officers.<br>2. Labour Welfare Wings will be strengthened.<br>3. In order to ensure accountability of the labour welfare wings, their annual performances will be evaluated and they will be rewarded or censured in accordance with the evaluation report.<br>4. Information of the migrant workers will be collected, updated and followed up.<br>5. Necessary steps will be taken to bring transparency to the activities of complaint cells. | » Training reports performance<br>» Evaluation reports performance | Long term | **Leading role**<br>1. MoEW&OE<br>**Supporting role**<br>1. MoFA<br>2. Labour Welfare Wing<br>3. Wage Earners' Welfare Board<br>4. BMET |

1 Short term 0-2 years, mid term 0-5 years and long term 0-10 years

| ক্রম | বেইজলাইন | লক্ষ্যমাত্রা | কার্যক্রম | নির্দেশিকা | বাস্তবায়ন মেয়াদ[১] | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|---|
| | সুশাসনের প্রক্রিয়াকে সুসংহত করার অংশ হিসেবে সরকার গন্তব্য-দেশগুলোর সাথে দ্বিপাক্ষিক চুক্তি ও সমঝোতা স্মারক সম্পাদন করার উদ্যোগ অব্যাহত রাখবে এবং তাদের সাথে সম্পর্কের ক্ষেত্রে একটি জোরালো শ্রম অভিবাসন কূটনীতি প্রতিষ্ঠা ও সদ্ভাব বজায় রাখার উদ্যোগ নিবে, যেন ঐসব দেশে বাংলাদেশী কর্মীদের অধিকতর সুরক্ষা ও সুযোগ-সুবিধা নিশ্চিত করা যায়। (নীতি নির্দেশনা ২.৬.১০) | | | | | |
| ৭০ | বর্তমানে ১৫টি দেশের সাথে ২৪টি সমঝোতা স্মারক, দ্বিপাক্ষিক চুক্তি ইত্যাদি রয়েছে। | সমঝোতা স্মারক ও দ্বিপাক্ষিক চুক্তি নিয়মিত পর্যালোচনা করা হবে, নতুন সমঝোতা স্মারক ও দ্বিপাক্ষিক চুক্তি সম্পাদিত হবে। | ১. ফোরাম ও সাব-কমিটির সাথে কার্যকর সংশ্লিষ্টতা স্থাপন করতে হবে।<br>২. দূতাবাসে প্রবাস ফেরতদের সাথে মতবিনিময় সভার আয়োজন করতে হবে।<br>৩. জাতীয় এবং আন্তর্জাতিক সংস্থার সাথে বেসামরিক বিমান চলাচল ও পর্যটন বিষয়ক চুক্তি করার ক্ষেত্রে অনিয়মিত অভিবাসন প্রতিরোধ এবং অনিয়মিত অভিবাসনের সাথে সংশ্লিষ্টদের বিপক্ষে মামলা দায়েরের বিষয় চুক্তিভুক্ত করা। | » দ্বিপাক্ষিক যৌথ ও ওয়ার্কিং বৈঠকের প্রতিবেদন | মধ্যমেয়াদী | **মূল দায়িত্ব**<br>১. প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়<br><br>**সহযোগী**<br>১. পররাষ্ট্র মন্ত্রণালয়<br>২. স্বরাষ্ট্র মন্ত্রণালয়<br>৩. লেজিসলেটিভ বিভাগ<br>৪. বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয় |
| | অভিবাসী কর্মীদের জন্য বিভিন্ন সুরক্ষা ও কল্যাণমূলক কার্যক্রম গ্রহণে সংশ্লিষ্ট দূতাবাসগুলোর শ্রম-কর্মকর্তাসহ শ্রম উইং এর অন্যান্য কর্মকর্তাদের সামর্থ্য-বৃদ্ধির লক্ষ্যে তাদের যথাযথ ও পূর্ণাঙ্গ প্রশিক্ষণ দেয়া হবে। এই লক্ষ্যে শ্রম-কর্মকর্তাদের বাংলাদেশ মিশনে তাদের নিয়োগের পূর্বে বুনিয়াদি বা সূচনামূলক প্রশিক্ষণসহ তাদের জন্য নিয়োগ-পরবর্তী প্রাতিষ্ঠানিক, সমন্বিত প্রশিক্ষণের উদ্যোগ নেয়া হবে। অধিকন্তু, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় দক্ষ ও কর্তব্যনিষ্ঠ শ্রম-কর্মকর্তারা যেন তাদের অভিজ্ঞতা ও দক্ষতা কাজে লাগাতে পারে তার সুযোগ সৃষ্টি করবে। (নীতি নির্দেশনা ২.৬.১১) | | | | | |
| ৭১ | বর্তমানে বিদেশ কর্মরত শ্রম কল্যাণ কর্মকর্তাদের নিয়ে বার্ষিক কনফারেন্স অনুষ্ঠিত হয়। | নিয়মিত দূতাবাসে কর্মরত সকল কর্মকর্তার জন্য শ্রম অভিবাসীদের নিরাপত্তা ও কল্যাণ সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন করা হবে। | ১. শ্রম কল্যাণ কর্মকর্তাদের নিয়মিত প্রশিক্ষণের ব্যবস্থা করা হবে।<br>২. শ্রম কল্যাণ উইংসমূহকে শক্তিশালী করা হবে।<br>৩. শ্রম কল্যাণ উইংসমূহকে জবাবদিহিতা নিশ্চিতে তাদের বার্ষিক কার্যক্রম মূল্যায়ন করা হবে এবং তার আলোকে পুরস্কার বা শাস্তির বিধান রাখা হবে।<br>৪. অভিবাসী কর্মীদের তথ্যসমূহ সংগ্রহ ও হালনাগাদ এবং ফলোআপের ব্যবস্থা রাখতে হবে।<br>৫. অভিযোগ সেল এর স্বচ্ছতা বৃদ্ধি আনয়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | » প্রশিক্ষণ প্রতিবেদন<br>» কর্মমূল্যায়ন প্রতিবেদন | দীর্ঘমেয়াদী | **মূল দায়িত্ব**<br>১. প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়<br><br>**সহযোগী**<br>১. পররাষ্ট্র মন্ত্রণালয়<br>২. শ্রম কল্যাণ উইংসমূহ<br>৩. ওয়েজ আর্নার্স কল্যান বোর্ড<br>৪. বিএমইটি |

১ স্বল্পমেয়াদী ০-২ বছর পর্যন্ত, মধ্যমেয়াদী ০-৫ বছর পর্যন্ত এবং দীর্ঘমেয়াদী ০-১০ বছর পর্যন্ত

| SL No | Baseline | Target | Activities/Intervention | Means of Verification | Implementing Period [1] | Implementing Partners |
|---|---|---|---|---|---|---|
| | There shall be a research, analysis and monitoring unit for labour migration, which shall have two activities mentioned below:<br>(1) Creation of a Labour Migration Information System (LMIS) which will collect and supply data and create a database on various information with respect to migration. For the purpose of monitoring the variables of 'protection' of rights and 'development' under these activities, a planned monitoring system will be developed with separate information, where applicable, of males and females. The Labour Migration Information System, mentioned hereinbefore, in consultation with concerned Ministries, BBS, Bangladesh Bank and other stakeholders, will determine the size and determinant of the statistics pertaining to migration and will develop a strong supervising mechanism.<br>(2) Maintaining a Labour Market Research Unit, which, in consideration of the changing demand & supply of labourers of various types of skills, will conduct researches at home & abroad in order for supplying information about labour markets. This Unit will conduct professional 'market researches' in existing markets as well as in new destination countries for identifying scopes of employment and on their labour policies. (Policy Directives 2.6.12) | | | | | |
| **72** | Currently, BMET has a database of the aspirant migrant workers. Apart from this, there is also a database of those who go abroad as migrant workers. | A Labour Migration Information System (LMIS) will be in place. | 1. Steps will be taken for development of a combined LMIS.<br>2. For the purpose of smooth running of the Labour Migration Information System, officials will be given appropriately trained.<br>3. The existing Research Unit under the MoEW&OE will be made more effective.<br>4. As far as practicable, the Labour Migration Information System will be available for public.<br>5. Steps will be taken for collecting country-wise information relating to vocational skills and based on those information, skills will be developed and training will be provided to aspirant migrants in Bangladesh.<br>6. LMIS will be developed & regularly updated by BBS. | | Long term<br>Mid term | **Leading role**<br>1. MoEW&OE<br>**Supporting role**<br>1. MoICT<br>2. BBS<br>3. BMET<br>4. Wage Earners' Welfare Board<br>5. BAIRA<br>6. Development Partners |

1 Short term 0-2 years, mid term 0-5 years and long term 0-10 years

| ক্রম | বেইজলাইন | লক্ষ্যমাত্রা | কার্যক্রম | নির্দেশিকা | বাস্তবায়ন মেয়াদ[১] | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|---|
| | শ্রম অভিবাসন সম্পর্কিত একটি গবেষণা, বিশ্লেষণ ও তদারকি ইউনিট গঠন করতে হবে, যার নিম্নোক্ত দুইটি প্রধান কার্যক্রম থাকবে:-<br>(১) একটি শ্রম অভিবাসন তথ্য ব্যবস্থা (এলএমআইএস) প্রণয়ন, যা উপাত্ত সংগ্রহ ও সরবরাহ করবে এবং অভিবাসনের বিভিন্ন প্রেক্ষিতের ওপর একটি তথ্যভাণ্ডার তৈরি করবে। অধিকারের 'সুরক্ষা' ও 'উন্নয়ন' বিষয়ক নিয়ামকগুলো তদারকির জন্য এই কার্যক্রমের আওতায়, নারী ও পুরুষের জন্য প্রযোজ্যক্ষেত্রে পৃথক তথ্য নিয়ে, একটি পরিকল্পিত তদারকি ব্যবস্থাও গড়ে তোলা হবে। সংশ্লিষ্ট মন্ত্রণালয়, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, বাংলাদেশ ব্যাংক ও অন্যান্য অংশীজনের সাথে পরামর্শক্রমে উক্ত শ্রম অভিবাসন তথ্য ব্যবস্থা অভিবাসন সম্পর্কিত পরিসংখ্যানের আকার ও নির্ণায়ক নির্ধারণ করবে এবং একটি শক্তিশালী তদারকি ব্যবস্থা গড়ে তুলবে।<br>(২) একটি শ্রম বাজার গবেষণা ইউনিট পরিচালনা করা, যা ভিন্ন ভিন্ন দক্ষতার জন্য পরিবর্তনশীল যোগান ও চাহিদার নিরিখে যথাযথ তথ্য সরবরাহের উদ্দেশ্যে দেশে ও বিদেশে শ্রমবাজার বিষয়ে অনুসন্ধান পরিচালনা করবে। এই ইউনিট বিদ্যমান ও সম্ভাব্য নতুন গন্তব্যের দেশসমূহে চাকরির সুযোগ ও তাদের শ্রমনীতির উপর পেশাদারি 'বাজার গবেষণা' পরিচালনা করবে। (নীতি নির্দেশনা ২.৬.১২) | | | | | |
| ৭২ | বর্তমানে বিএমইটি'র অধীনে বিদেশে গমনেচ্ছু কর্মীদের একটি ডাটাবেইজ আছে। এছাড়াও অভিবাসী কর্মীর তথ্যসম্বলিত একটি ডাটাবেজ রয়েছে। | একটি শ্রম অভিবাসন তথ্য ব্যবস্থা (এলএমআইএস) গড়ে তোলা হবে। | ১. একটি সমন্বিত শ্রম অভিবাসন তথ্য ব্যবস্থা প্রতিষ্ঠা করার জন্য পদক্ষেপ নেয়া হবে।<br>২. এলএমআইএস যথাযথভাবে চালু রাখার জন্য কর্মকর্তাদের প্রয়োজনীয় প্রশিক্ষণ দেয়া হবে।<br>৩. প্রকবৈকম-এ বিদ্যমান গবেষণা অনুবিভাগকে আরও কার্যকর করা হবে।<br>৪. বাস্তবসম্মতভাবে জনসাধারণের জন্য এলএমআইএস-এর তথ্যসমূহ পাওয়ার ব্যবস্থা থাকবে।<br>৫. বিদেশে কর্মসংস্থানের জন্য দেশ ও পেশাভিত্তিক দক্ষতা সম্পর্কিত তথ্য সংগ্রহের উদ্যোগ নেয়া হবে এবং বাংলাদেশে দক্ষতা উন্নয়ন ও প্রশিক্ষণ কর্মসূচিতে উক্ত চাহিদার আলোকে প্রশিক্ষণ প্রদান ও দক্ষতা বৃদ্ধির ব্যবস্থা করতে হবে।<br>৬. পরিসংখ্যান ব্যুরোর মাধ্যমে শ্রম অভিবাসন তথ্য ব্যবস্থা (এলএমআইএস) প্রতিষ্ঠা করতে হবে এবং নিয়মিত হালনাগাদ করার ব্যবস্থা নিতে হবে। | | দীর্ঘমেয়াদী<br>মধ্যমেয়াদী | **মূল দায়িত্ব**<br>১. প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়<br>২. পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ<br><br>**সহযোগী**<br>১. তথ্য ও প্রযুক্তি বিষয়ক মন্ত্রণালয়<br>২. বিবিএস<br>৩. বিএমইটি<br>৪. ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড<br>৫. বায়রা<br>৬. উন্নয়ন সহযোগী সংস্থা |

১ স্বল্পমেয়াদী ০-২ বছর পর্যন্ত, মধ্যমেয়াদী ০-৫ বছর পর্যন্ত এবং দীর্ঘমেয়াদী ০-১০ বছর পর্যন্ত

| SL No | Baseline | Target | Activities/Intervention | Means of Verification | Implementing Period [1] | Implementing Partners |
|---|---|---|---|---|---|---|
| | A comprehensive database of technical education in Bangladesh will be prepared wherein all types of data will be stored. Workers trained in these Technical Education Institutes shall be given preference for foreign recruitment. (Policy Directives 2.6.13) | | | | | |
| **73** | Currently, 22 Ministries offer technical training which is outside the purview of the Bangladesh Technical Education Board. There is no combined information sheet for the courses that are offered in these institutes. | A comprehensive database of the technical education and skills development trainings will be prepared. | 1. Trained workers will be brought under registration with the help of Skills Development Cell and Technical Education Board.<br>2. Database will store data regarding skills which shall be made available to various countries and Labour Welfare Wings.<br>3. Database of the trained work force will be made available to all online.<br>4. NSDC and BBS shall prepare a database of trained workforce available in the country. | » Database of Technical Education. | Mid term | **Leading role**<br>1. MoEW&OE<br><br>**Supporting role**<br>1. Bangladesh Technical Education Board<br>2. NSDA<br>3. BBS<br>4. Statistics and Information Management Division |

1 Short term 0-2 years, mid term 0-5 years and long term 0-10 years

| ক্রম | বেইজলাইন | লক্ষ্যমাত্রা | কার্যক্রম | নির্দেশিকা | বাস্তবায়ন মেয়াদ[1] | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|---|
| | বাংলাদেশ কারিগরি শিক্ষার একটি পূর্ণাঙ্গ তথ্যভান্ডার তৈরী করা হবে যাতে সকল ধরনের তথ্য সন্নিবেশিতন থাকবে। এসকল কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান থেকে প্রশিক্ষণ প্রাপ্ত কর্মীদেরকে বৈদেশিক কর্মসংস্থানের সুযোগে অগ্রাধিকার দেয়া হবে। (নীতি নির্দেশনা ২.৬.১৩) | | | | | |
| ৭৩ | বর্তমানে প্রায় ২২টি মন্ত্রণালয়ের অধীনে দক্ষতা উন্নয়নে প্রশিক্ষণ প্রদান করা হয়, যা বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীন নয়। এসকল কোর্স সমূহের কোন সমন্বিত তথ্যকণিকা নেই। | কারিগরি শিক্ষা এবং দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ এর একটি পূর্ণাঙ্গ তথ্যভান্ডার তৈরি করা হবে। | ১. কারিগরি শিক্ষা বোর্ড এবং দক্ষতা উন্নয়ন সেল এর সহযোগিতায় প্রশিক্ষণপ্রাপ্ত কর্মীদের নিবন্ধন করা হবে।<br>২. তথ্যভান্ডারে দক্ষতার বিষয়ে তথ্য থাকবে, যা কর্মী গ্রহণকারী বিভিন্ন দেশে এবং শ্রম কল্যাণ উইং এর নিকট প্রেরণ করা হবে।<br>৩. প্রশিক্ষণপ্রাপ্ত কর্মীদের তথ্যভান্ডারটি অনলাইন এ সকলের জন্য উন্মুক্ত রাখার ব্যবস্থা করতে হবে।<br>৪. জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ এবং পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ দেশে বিদ্যমান প্রশিক্ষিত কর্মীদের তথ্যভান্ডার তৈরি করবে। | » কারিগরি শিক্ষা তথ্যভান্ডার | মধ্যমেয়াদী | **মূল দায়িত্ব**<br>১. প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়<br><br>**সহযোগী**<br>১. বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড<br>২. এনএসডিএ<br>৩. বিবিএস<br>৪. পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ |

[1] স্বল্পমেয়াদী ০-২ বছর পর্যন্ত, মধ্যমেয়াদী ০-৫ বছর পর্যন্ত এবং দীর্ঘমেয়াদী ০-১০ বছর পর্যন্ত




**প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়**
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ঢাকা ১০০০

*কারিগরি সহায়তা*
"এপ্লিকেশন অফ মাইগ্রেশন পলিসি ফর ডিসেন্ট ওয়ার্ক ফর মাইগ্রেন্ট ওয়ার্কারস্" প্রকল্প
ইন্টারন্যাশনাল লেবার অরগানাইজেশন (আইএলও)

*অর্থায়নে*
সুইস এজেন্সী ফর ডেভেপলমেন্ট এন্ড কোপারেশন (এসডিসি)

*ডিজাইন ও প্রিন্ট*
পাথওয়ে

**Ministry of Expatriates' Welfare and Overseas Employment**
Probashi Kallyan Bhaban
71-72 Old Elephant Road, Dhaka 1000

*Technical support*
"Application of Migration Policy for Decent Work for Migrant Workers"
Project of International Labour Organization (ILO)

*Funded by*
Swiss Agency for Development and Cooperation (SDC)

*Design and Print*
*PATHWAY/pathway.com.bd*